চালু হল
'দুরন্ত বার্তা'
অ্যাপ
ডাউনলোড করুন
প্লে-স্টোর থেকে

দুরন্ত বার্তা

সুচিকিৎসা
মাসিক স্বাস্থ্য পত্রিকা
দামঃ ১৫ টাকা
পত্রিকা সংগ্রহ করতে আজই নিকটবর্তী এজেন্টের সাথে যোগাযোগ করুন।

১ ইন্টারনেট সংস্করণ http://durantbarta.com কলকাতা Volume No. 28, Issue No.: 55 Tuesday, 24 January, 2023 ✱ ২৮ বর্ষ, ৫৫ সংখ্যা ✱ ৯ মাঘ, ১৪২৯, মঙ্গলবার, ২৪ জানুয়ারি, ২০২৩ ✱ আজ ৮ পাতা ✱ মূল্য- ৩ টাকা

শহিদ-স্বরাজ দ্বীপের নামকরণ নেতাজি করেছিলেন

'নেতাজির অবদান ভোলানোর চেষ্টা হয়েছিল', নাম না করে কংগ্রেসকে তোপ মোদির

নয়াদিল্লি, ২৩ জানুয়ারিঃ নেতাজির নাম ভোলানোর চেষ্টা করা হয়েছে। আন্দামানে দ্বীপের নামকরণ অনুষ্ঠানে ভার্চুয়ালি যোগ দিয়ে এই সুরেই আক্রমণ শানালেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। নেতাজি সুভাষচন্দ্র বসুর ১২৬ তম জন্মবার্ষিকীতে দেশজুড়ে শ্রদ্ধা জ্ঞাপন অনুষ্ঠানের আয়োজন করা হয়। এ দিন নেতাজির প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিও। আজ পরাক্রম দিবসে পরমবীর চক্র প্রাপকদের নামে আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জের ২১টি অনামি দ্বীপের নামকরণ করেন তিনি। এই নামকরণ অনুষ্ঠান থেকেই নাম না করে পূর্ববর্তী কংগ্রেস সরকারকে তোপ দাগলেন মোদি। আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জেই আজ ২১টি দ্বীপের নামকরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়। সেই অনুষ্ঠানে ভার্চুয়ালি যোগ দেন প্রধানমন্ত্রী। সেখানেই বক্তব্য রাখার সময় মোদি অভিযোগ করেন, স্বাধীনতার পর নেতাজির নাম ভোলানোর অনেক চেষ্টা হয়েছে। এ দিন তাঁর বক্তৃতায় বারংবার এই এক কথাই ফিরে ফিরে এসেছে। তিনি এ দিন বলেছেন, ''দেশে গত ৮ থেকে ৯ বছরে নেতাজি সুভাষচন্দ্র বসুর সঙ্গে জড়িত এমন হাজার রকম কাজ রয়েছে যা স্বাধীনতার পরপরই হয়ে যাওয়া উচিত ছিল। কিন্তু সেই সময় হয়নি।'' মোদি এ দিন আরও বলেছেন, ''আজ একবিংশ

শতাব্দী দেখছে, স্বাধীনতার পর যে নেতাজি সুভাষকে ভুলে যাওয়ার চেষ্টা করা হয়েছিল, দেশ সেই নেতাজিকে প্রতি মুহূর্তে স্মরণ করছে।'' এই বক্তব্যের মাধ্যমে মোদি যে তৎকালীন কংগ্রেস সরকারকেই নিশানা করেছে তা বলার অপেক্ষা রাখে না। এ দিন নেতাজিকে ভোলানোর জন্য যেমন কংগ্রেসকে দোষী খাড়া করেছেন মোদি। সেরকম নেতাজিকে দেশবাসীর মনে বাঁচিয়ে রাখার জন্য তাঁর নেতৃত্বাধীন বিজেপি সরকার কী কী করেছে তা মনে করিয়ে দেন তিনি। মোদি বলেছেন, ''গত ৮ থেকে ৯ বছরে তাঁকে নিয়ে অনেক কাজ হয়েছে দেশে।'' ২০১৮ সালে আন্দামান ও নিকোবর দ্বীপুঞ্জে গিয়েছিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। সেই সফরে রস আইল্যান্ডের নাম নেতাজি সুভাষচন্দ্র বসু দ্বীপ নামে নামকরণ করেন তিনি। সেই সময় ঔপনিবেশিকতার ছায়া মুছে দিয়ে হ্যাভলক ও নীল আইল্যান্ডের নামকরণ করেছিলেন স্বরাজ ও শহিদ দ্বীপ নামে। এ দিন সেকথাই মনে করিয়ে দিয়ে মোদি বলেন, ''আজ রস আইল্যান্ড নেতাজি সুভাষ দ্বীপ নামে পরিচিত। হ্যাভলক ও নীল আইল্যান্ড স্বরাজ ও শহিদ দ্বীপ হিসেবে নামকরণ হয়ে গিয়েছে। এর মধ্যে সবথেকে উল্লেখযোগ্য হল, স্বরাজ ও শহিদ নাম খোদ নেতাজির দেওয়া। স্বাধীনতার পর এই নামকে গুরুত্ব দেওয়া হয়নি। আজাদ হিন্দ ফৌজের যখন ৭৫ বছর পূরণ হয়েছে তখন আমাদের সরকার এই নামগুলি পুনঃপ্রতিষ্ঠা করে।'' তিনি আরও বলেন, ''আমাদের দ্বীপের নামে ঔপিনবেশিকতা ও দাসত্বের ছাপ ছিল। আমার সৌভাগ্য এই যে ৪ থেকে ৫ বছর আগে আমি যখন পোর্ট ব্লেয়ার গিয়েছিলাম তখন তিনটি প্রধান দ্বীপের নাম ভারতীয়দের নামে নামকরণের সুযোগ পেয়েছিলাম।'' প্রসঙ্গত, ২১টি অনামি দ্বীপের নামকরণের পাশাপাশি নেতাজিকে উৎসর্গ করে জাতীয় স্মৃতিসৌধের মডেলের উন্মোচনও করেন তিনি।

'শুধু পতাকা তুললেই হবে না, বিকৃত না করে আসল ইতিহাস জানান,' কাকে নিশানা মমতার

দুরন্ত বার্তা, কলকাতা, ২৩ জানুয়ারিঃ নাম না করেই প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে কটাক্ষ করলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। এদিন রেড রোডে মমতা বন্দ্যোপাধ্যায় একাধিক ইস্যুকে তোপ দাগেন কেন্দ্রীয় সরকারের উদ্দেশ্যে। মমতা বন্দ্যোপাধ্যায় বলেন, ''যাঁরা দেশের নেতা হন, কারোর কাছে সার্টিফিকেট নিতে হয় না। আজকে কেউ নাম কামানোর জন্য বলতেই পারেন আমরা করলাম শহিদ দ্বীপ এবং স্বরাজ দ্বীপ। কিন্তু আদৌ কিন্তু তা নয়। নেতাজি সুভাষ চন্দ্র যখন আন্দামান জেলে গেছিলেন সেলুলয়েড জেল পরিদর্শনে সেই সময়ে তিনি করে এসেছিলেন। নেতাজি সুভাষচন্দ্র বসু শুধু স্বাধীনতার কথা বলেননি। কীভাবে স্বাধীনতা দেশের জন্য নিয়ে আনতে হবে, সেই কথাও বলেছিলেন। প্ল্যানিং কমিশনটা তৈরি করেছিলেন নেতাজি সুভাষচন্দ্র বসু। নেতাজির তৈরি সেই কমিশনটাই তুলে দিয়েছে এখন।'' মমতা বন্দ্যোপাধ্যায় বলেন, ''শুধু ২৬শে জানুয়ারি পতাকা তুলে মনে করলেই হবে না। স্বাধীন ভারতের ইতিহাসকে বিকৃত না করে, আসল ইতিহাসটা জানানো উচিত। যদি মানুষ এইটুকু বলার সুযোগ না পান তাহলে কি করে হবে? আজকের দিনে দেশ বড়ো অসহায়। বাংলাকে বাঁচিয়ে রেখেছি। ৩৬৫ দিন বাংলাকে কিছু না কিছু ফেস করতে হয়। আমরা লড়াই করে এসেছি। আমরা লড়তে পারি। অনেকে এজেন্সি এর ভয়ে

পালিয়ে যায়। আমরা পালাই না। যত পারো এজেন্সি লাগাও। কিন্তু দেশ টাকে বিক্রি করে দিও না।'' মুখ্যমন্ত্রী আরও বলেন, ''যাঁরা দেশের প্রকৃত নেতা হন, তাঁদের কারোর থেকে সার্টিফিকেট নিতে হয় না। দেশবন্ধু চিত্তরঞ্জন দাস নেতাজিকে সব থেকে বেশি ভালবাসতেন। আমরা কতজন কে মনে রাখি। আমরা তো রাজনীতির কথা বলি। কিন্তু তাঁদের রাজনীতির মধ্যে সৌন্দর্য ছিল। দেশ নেতা কেমন হোক? নেতাজি, গান্ধীজির মত হোক। আম্বেদকর এর মত হোক, দেশবন্ধু এর মত হোক।'' মমত বন্দ্যোপাধ্যায় এদিন বলেন, ''আমার সমালোচক বন্ধু থাকবে না, এটা ভাবার দরকার নেই। আমি রাস্তা দিয়ে গেলে কেউ কিছু বলতেই পারেন। এটা বিক্ষোভ ভাববেন না। মানুষ ক্ষোভ উগরে দিল। বলার তো জায়গা চাই।'' মূলত 'দিদির দূত' কর্মসূচি নিয়ে রাজ্যের দিকে-দিকে যে বিক্ষোভ চলছে, তার পরিপ্রেক্ষিতেই মুখ্যমন্ত্রীর এই বার্তা বলে মনে করছে রাজনৈতিক মহল। রাজ্যবাসীর সুবিধা-অসুবিধা জানতে 'দিদির দূত' কর্মসূচি শুরু করেছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। কিন্তু, বর্তমানে দিদির দূত কর্মসূচি ঘিরে দিকে-দিকে বিক্ষোভ চলছে। অধিকাংশ জায়গাতেই দিদির দূতদের ঘিরে বিক্ষোভ দেখানো হচ্ছে বলে অভিযোগ। যা নিয়ে তীব্র কটাক্ষ শুরু করেছেন বিরোধীরা। এদিন সেই প্রসঙ্গেই বিষয়টি হালকা করতে মুখ্যমন্ত্রী এই মন্তব্য করতে চাইছেন বলে মত রাজনৈতিক মহলের একাংশের। যদিও এদিন মালদায় 'দিদির দূত' কর্মসূচিতে গিয়ে বিক্ষোভের মুখে পড়েন খোদ তৃণমূলের জেলা সভাধিপতি। উল্লেখ্য, এদিন মালদার বিনোদপুর গ্রাম পঞ্চায়েতের সাট্টারি গ্রামে 'দিদির দূত' কর্মসূচি ছিল। জনসভাও করার কথা ছিল স্থানীয় তৃণমূল নেতৃত্বের। কিন্তু, সেই সভা বয়কট করার ডাক দেন এলাকাবাসী। শুধু তাই নয়, মালদা জেলা তৃণমূলের সভাধিপতি সহ জেলা পরিষদের সদস্যরা সাট্টারি গ্রামে ঢুকলে তাঁদের ঘিরে বিক্ষোভ দেখান গ্রামবাসী। পরিস্থিতি এমন পর্যায়ে পৌঁছয় যে, কোনক্রমে পালিয়ে বাঁচেন জেলা পরিষদের সভাধিপতি সহ অন্যান্য তৃণমূল নেতারা।

সাগরিদিঘিতে 'ভূমিপুত্র' দেবাশিসকে প্রার্থী করল ঘাসফুল

দুরন্ত বার্তা, কলকাতা, ২৩ জানুয়ারিঃ ব্লক সভাপতিকেই টিকিট দিল তৃণমূল। মুর্শিদাবাদের সাগরদিঘিতে উপ নির্বাচন আসন্ন। সেই নির্বাচনে সাগরদিঘির ব্লক সভাপতি দেবাশিস বন্দ্যোপাধ্যায়কে প্রার্থী হিসেবে ঘোষণা করা হয়েছে। এলাকায় কেউ কেউ বলেন, তিনি সম্পর্কে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যয়ের আত্মীয়। যদিও সেই দাবি উড়িয়ে দিয়েছেন দেবাশিস বাবু। সুব্রত সাহা ছিলেন ওই কেন্দ্রের বিধায়ক ছিলেন। রাজ্যের অন্যতম মন্ত্রীও ছিলেন তিনি। গত ডিসেম্বরে সুব্রত সাহার মৃত্যু হলে ওই আসনটি ফাঁকা হয়ে যায়। সম্প্রতি নির্বাচন কমিশনের তরফে ওই কেন্দ্রের উপ নির্বাচনের দিন ঘোষণা করা হয়েছে। আগামী ২৭ ফেব্রুয়ারি নির্বাচন হবে সেখানেই। সেই কেন্দ্রেরই প্রার্থী করা হল দেবাশিস বন্দ্যোপাধ্যায়কে। বর্তমানে সাগরদিঘি ব্লক তৃণমূলের সভাপতি পদে রয়েছেন দেবাশিস বন্দ্যোপাধ্যায়। এর আগে যুব তৃণমূলের দায়িত্বে ছিলেন তিনি। ২০১১ সাল থেকে টানা তিনবারই এই কেন্দ্রে তৃণমূল জয়ী হয়েছে। এর ফলে নতুন প্রার্থী দেবাশিস বাবুও এগিয়ে থাকছেন বলে মত রাজনৈতিক মহলের। সামনেই পঞ্চায়েত নির্বাচন। তার আগে এই উপনির্বাচন ওই অঞ্চলের জন্য গুরুত্বপূর্ণ বলেই মনে করা হচ্ছে। এদিন নাম ঘোষণা হওয়ার পরই দেবাশিস বন্দ্যোপাধ্যায় বলেন, ''আমি জয় নিয়ে ১০০ শতাংশ নিশ্চিত।'' জিতে ক্ষমতায় এলে এলাকার উন্নয়নের ধারা এগিয়ে নিয়ে যাবেন বলেই মন্তব্য করেছেন তিনি।

কুন্তলের মুখে নীলাদ্রি ঘোষের নাম, কে তিনি? এবার কি জালে রাঘব বোয়াল ওঠার পালা

দুরন্ত বার্তা, কলকাতা, ২৩ জানুয়ারিঃ ১৯ কোটির দুর্নীতির অভিযোগ রয়েছে তৃণমূলের যুবনেতা কুন্তল ঘোষের নামে। ইডি তাঁকে গ্রেফতারও করেছে। কুন্তলকে দফায় দফায় জেরার একের পর এক চাঞ্চল্যকর তথ্য সামনে আসছে বলে ইডি সূত্রে খবর। সূত্রের দাবি, কুন্তল ঘোষের কালো ডায়েরিতে বহু টাকার লেনদেনের হিসাব লেখা আছে। সেই হিসাবের পাশে এক একজনের সই। প্রশ্ন এই সই কাদের? সূত্র মারফত জানা গিয়েছে, নামের আদ্যাক্ষর ও পদবির আদ্যাক্ষর দিয়ে সেইসব সই করা। এ ডায়েরি যেন লেজার বুক। তা যাচাই করতে এবার ফরেনসিক বিশেষজ্ঞদের সাহায্য নিচ্ছে ইডি। সূত্রের খবর, মঙ্গলবার একজন হস্তাক্ষর বিশেষজ্ঞ খতিয়ে দেখবেন কুন্তল ঘোষের এই ডায়েরি। অন্যদিকে কুন্তল ঘোষের মুখে আরও একটি নাম শোনা গিয়েছে সোমবার। কুন্তল নীলাদ্রি ঘোষ নামে একজনের নাম নিয়েছেন বলে ইডি সূত্রে জানা গিয়েছে। কুন্তলের দাবি, তাপস মণ্ডল, গোপাল দলপতির পাশাপাশি নীলাদ্রি ঘোষও তাঁকে ফাঁসিয়েছেন। কিন্তু কে এই নীলাদ্রি? মানিক ভট্টাচার্য ঘনিষ্ঠ সূত্রের দাবি, এই যুবক তাপস মণ্ডল ঘনিষ্ঠ। এই নীলাদ্রি কুন্তলের কাছ থেকে ৬-৮

লক্ষ টাকা আদায় করেন বলেও সূত্রের দাবি। কিন্তু সেই টাকা নীলাদ্রির পকেটেই থেকে গিয়েছিল বলেও মানিক ঘনিষ্ঠ সূত্রে জানা গিয়েছে। তবে ধোঁয়াশা রয়েছে প্রচুর। জানা গিয়েছে, এই নীলাদ্রি ঘোষের বাড়ি হুগলির ধনিয়াখালিতে। কর্মসূত্রে গড়িয়ায় থাকেন। সূত্রের খবর, তাপস মণ্ডল ২ জনের বিষয়ে কথা বলতে নীলাদ্রিকে কুন্তলের কাছে পাঠান। কিন্তু পরবর্তীকালে যখন দু'জন চাকরি পাচ্ছিলেন না, তখন নীলাদ্রিই কুন্তল ঘোষের কাছ থেকে টাকা আদায়ের চেষ্টা করেন বলে ইডি সূত্রে খবর। এমনও তদন্ত মারফত উঠে আসছে, এই টাকা উদ্ধারে এক প্রশাসনিকক্ষেত্রে এক প্রভাবশালীর সহযোগিতাও নেন নীলাদ্রি। যদিও এত কিছুর পর তিনি কুন্তলের কাছ থেকে ৬ থেকে ৮ লক্ষ টাকা আদায় করতে পেরেছিলেন বলেই সূত্রের খবর। যদিও সেই টাকা আর চাকরি প্রার্থীদের কাছে যায়নি। থেকে যায় নীলাদ্রির পকেটেই।

কোথাও বাড়ছে স্কুলছুট, কোথাও নেই অঙ্কের প্রাথমিক জ্ঞান! পরিসংখ্যানে কমলেও দেশের মেয়েদের পড়াশোনা এখনও অন্ধকারে

নয়াদিল্লি, ২৩ জানুয়ারিঃ বুধবার প্রকাশিত হল অ্যানুয়াল স্ট্যাটাস অফ এডুকেশন রিপোর্ট ২০২২। প্রকাশিত তথ্য অনুযায়ী ভারতে স্কুলছুট ছাত্রীদের পরিমাণ ২০২২ সালে সর্বকালের সর্বনিম্ন ২ এসে পৌঁছেছে। তবে এই রিপোর্টের মধ্যে দিয়ে স্বস্তির পাশাপাশি একটি উদ্বেগের বিষয় উঠে এসেছে। সামগ্রিক ভাবে দেশজুড়ে ছাত্রীদের স্কুলছুটের পরিমাণ কমলেও উত্তরপ্রদেশ, ছত্তীশগড় এবং মধ্যপ্রদেশে ১০-র বেশি ছাত্রী স্কুলে যাচ্ছে না। তবে সামগ্রিক স্কুলছুটের পরিমাণ যা গত ২০১৮ সালে ছিল ৪.১ এবং ২০০৬ সালে ছিল ১০.৩ এর তুলনায় বর্তমানে এই পরিসংখ্যানের পতন নিশ্চয়ই সরকারের জন্যে একটি উল্লেখযোগ্য কৃতিত্ব। শেষ সমীক্ষাটি গ্রামীণ ভারতের ১৯০৬০টি গ্রামের মোট ৩,৭৪,৫৪৪টি পরিবার এবং ৩ থেকে ১৬ বছর বয়সি ৬,৯৯,৫৯৭ জন শিশুর মধ্যে করা হয়েছে। প্রতিবেদন অনুসারে জানা যাচ্ছে দীর্ঘ সময় মহামারীর জন্যে স্কুল বন্ধ থাকলেও ৯৮ শতাংশ ছাত্রীর স্কুলে যাওয়ার পাশাপাশি সরকারি স্কুলে ছাত্রীদের সংখ্যা বৃদ্ধি পেয়েছে। এই রিপোর্ট অনুযায়ী 'ছয় থেকে চোদ্দ

বছর বয়সি শিক্ষার্থীদের তালিকাভুক্তির হার গত ১৫ বছর ধরে ৯৫ শতাংশের উপরে। ২০১৮ সালে তা বেড়ে ৯৭.২ শতাংশ হয় এবং মহামারী চলাকালীন স্কুল বন্ধ থাকা সত্ত্বেও এই পরিসংখ্যান বর্তমানে ২০২২ সালে ৯৪.৪ শতাংশে পৌঁছেছে।' তবে এই রিপোর্টে আরো জানা যাচ্ছে ছাত্রছাত্রীদের রিডিং পড়ার ক্ষমতা ২০১২ সালের আগের স্তরে পৌঁছেছে এবং প্রাথমিক অংঙ্কের জ্ঞান ২০১৮ সালের স্তরে পৌঁছেছে। এই রিপোর্টের মধ্যে দিয়ে বেশিরভাগ রাজ্যের ছাত্র এবং ছাত্রী উভয়ের জন্যে সরকারি এবং বেসরকারি স্কুলের সংখ্যা হ্রাস পেতে দেখা গেছে। যার ফলে কেরল, হিমাচল প্রদেশ এবং হরিয়ানার মত রাজ্য গুলিতে রিডিং পড়ার ক্ষমতা সবথেকে বেশি হ্রাস পেয়েছে এবং অন্যদিকে তামিলনাড়ু, মিজোরাম এবং হরিয়ানায় ছাত্র ছাত্রীদের মধ্যে প্রাথমিক অংঙ্কের দক্ষতায় পতন দেখা গেছে। তবে এই রিপোর্টের মধ্যে সবথেকে চিন্তার বিষয় হিসেবে উঠে এসেছে মধ্যপ্রদেশ, উত্তরপ্রদেশ এবং ছত্তিসগ। ১০ এঁর বেশি ছাত্রীদের স্কুলছুট হওয়ার ঘটনা। সামগ্রিক স্কুলছুট হওয়ার হারের তুলনায় এই রাজ্যগুলিতে বিপুল ছাত্রীদের শিক্ষার আলো থেকে বঞ্চিত থাকার ঘটনা রাজ্য সরকারগুলির কাছে অস্বস্তির কারণ হিসেবে উঠে এসেছে।

সরস্বতী পুজো নিয়ে স্বর-গরম

'জালি হিন্দু', খোঁচা শুভেন্দুর, কুণালের কটাক্ষ, 'হিন্দু ধর্মের কলঙ্ক'

দুরন্ত বার্তা, কলকাতা, ২৩ জানুয়ারিঃ প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়ে সরস্বতী পুজো করতে চায় টিএমসিপি। এই মর্মে ডিনকে চিঠিও লিখেছিল তারা। তবে মৌখিকভাবে ডিন জানিয়ে দেন, তা সম্ভব নয়। কারণ হিসাবে তিনি জানান, প্রেসিডেন্সিতে ধর্মাচরণের কোনও রেওয়াজ নেই। ইতিমধ্যেই এই সরস্বতী পুজোকে কেন্দ্র করে রাজনৈতিক তরজা শুরু হয়েছে। সে তরজায় কখনও তৃণমূলের ছাত্র সংগঠনের সঙ্গে জড়িয়ে পড়েছে সিপিএমের ছাত্র সংগঠন এসএফআইয়ের নাম। কখনও আবার তৃণমূলের ছাত্র নেতাদের

মধ্যেও দেখা গিয়েছে মতপার্থক্য। এবার সেই তরজায় ঢুকে পড়ল তৃণমূল ও বিজেপি। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী তৃণমূলের ছাত্র সংগঠনকে 'জালি হিন্দু' বলে খোঁচা দিয়েছে। পাল্টা তৃণমূলের মুখপাত্র কুণাল ঘোষের কটাক্ষ, ও একটা হিন্দু ধর্মের কলঙ্ক। ওর মুখে এসব কথা মানায় না। প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়ে সরস্বতী পুজো করতে চায় তৃণমূল ছাত্র পরিষদ বা টিএমসিপি। ডিন অব স্টুডেন্টসকে চিঠিও লিখেছে তারা। তৃণমূল ছাত্র পরিষদের সহ সভাপতি ও প্রেসিডেন্সির রাজ্যের দলীয় কোঅর্ডিনেটর প্রান্তিক চক্রবর্তীর দাবি, ডিন মৌখিকভাবে তাঁদের জানিয়ে দিয়েছেন, তা সম্ভব নয়। এরপরই প্রান্তিকরা জানান, অনুমতি না পেলে গেটের সামনে পুজো করবেন তাঁরা। ২৬ জানুয়ারি সরস্বতী পুজো। মাঝে আর দু'দিন বাকি। ক্রমেই পারদ চড়ছে। এরইমধ্যে সোমবার নেতাজির জন্মজয়ন্তী অনুষ্ঠানে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীকে এ নিয়ে প্রশ্ন করা হলে তিনি বলেন, ''ওসব জালি হিন্দু। কোনও লাভ হবে না।'' এরই পাল্টা কুণাল ঘোষকে এদিন বলতে শোনা যায়, ''এত কুৎসিত, ও একটা হিন্দু ধর্মের কলঙ্ক। ওর মুখে এসব কথা মানায় না। যে ২০২০ সাল অবধি তৃণমূল কংগ্রেসেই ছিল। এখন সিবিআই, ইডি থেকে বাঁচতে বিজেপি করতে গিয়ে এসব বলছে। আর বিজেপি মানেই হিন্দু এর মানে কী? আমরা কি বানের জলে ভেসে এসেছি? আমাদের বাড়িতে কি ঠাকুর ঘর নেই? আমাদের মা-ঠাকুমা কিছুই কি শেখাননি? বাঁচতে বিজেপিতে গিয়ে এখন বড় বড় কথা বলছে।'' একইসঙ্গে কুণাল ঘোষ বলেন, ''এই সরস্বতী পুজো নিয়ে জোরাজুরির কোনও বিষয়ই নেই। তৃণমূল ছাত্র পরিষদের ওখানে শক্তি বাড়ছে। ওরা সবাই চেয়েছে সরস্বতী পুজো সুন্দর করে হোক। যারা বলছে, এটা রীতি, এখানে হয় না। সেটাকেও তো সম্মান দিচ্ছি। এ নিয়ে গেল গেল রবের কিছুই নেই। যদি রীতিতে থাকে, আমাদের ছেলেরা গেটের বাইরে করবে।'' এদিন কলকাতার শহিদ মিনার ময়দানে নেতাজির জন্মদিন উপলক্ষে একটি অনুষ্ঠানের আয়োজন করে বিজেপি। কলকাতার শহিদ মিনার ময়দানে বক্তব্য রাখতে গিয়ে নেতাজির স্বপ্নপূরণকেই আরএসএস-এর লক্ষ্য বলে দাবি করলেন সংঘ প্রধান মোহন ভাগবত। একা মোহন ভাগবত নন, নেতাজির জন্মদিন পালনে এ দিন সকাল থেকেই বিজেপি নেতাদের সক্রিয়তা ছিল চোখে পড়ার মতো। নেতাজির জন্মদিন পালন নিয়ে যথারীতি রাজনীতির কথা লড়াই শুরু হয়েছে। বিরোধীদের অভিযোগ, মানুষকে বিভ্রান্ত করতেই নেতাজি-গান্ধিজিদের নিয়ে রাজনীতি শুরু করেছে বিজেপি-আরএসএস।

চরম ব্যস্ততা কুমোরটুলিতে, সরস্বতী প্রতিমা বানিয়ে লক্ষ্মীলাভের আশায় মৃৎশিল্পীরা

কলকাতা, ২৩ জানুয়ারি ঃহাতে আর মাত্র কয়েকদিন, তারপরই সরস্বতী বন্দনায় মাতবে গোটা বাংলা। ইতিমধ্যেই শুরু হয়ে গিয়েছে কাউন্ট ডাউন। কারণ বাংলার ছেলে-মেয়েদের কাছে সরস্বতী পুজোর আনন্দের মাত্রাটাই অন্যরকম। আর এই মুহূর্তে চরম ব্যস্ততা কুমোরটুলিতে। মৃশিল্পীরা ব্যস্ত সরস্বতীর প্রতিমা গড়তে। গত দুই বছর করোনার কারণে সেভাবে সরস্বতী পুজোয় মাতেনি বাংলা। এবার আর নেই করোনার ভয়!এই পরিস্থিতিতে সরস্বতী প্রতিমা বানিয়ে দু'পয়সা লাভের মুখ দেখতে চান মৃৎ শিল্পীরা। পাল্লা দিয়ে জোর কদমে প্রতিমা তৈরির কাজ চলছে কুমোরটুলিতে। চরম ব্যস্ততা মৃ শিল্পীদের মধ্যে। মৃৎ শিল্পীরা জানিয়েছেন, এবার যেমন পুজোর সংখ্যা বেড়েছে, তেমনই বেোছে ভালো প্রতিমার চাহিদা। কাজ ভালো হওয়ায় হাসি ফুটেছে প্রতিমা তৈরির কারিগরিদের মুখে।

রাজ্যের আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ে উদ্বেগ প্রকাশ বিজেপি-র

দুর্গাপুর, ২৩ জানুয়ারি ঃ রাজ্যের আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ে উদ্বেগ প্রকাশ করলেন বিজেপি নেতারা। পাশাপাশি, সম্প্রতি দুর্গাপুরের বৈঠকে শিক্ষা ব্যবস্থায় দুর্নীতি, রোহিঙ্গা সমস্যা নিয়েও আলোচনা হয়েছে বলে খবর। একইসঙ্গে শীঘ্রই দুর্নীতির প্রতিবাদে রাজ্যজুড়ে গণ আন্দোলনেও নামবে পদ্ম শিবির। পঞ্চায়েতে ৭০ শতাংশের বেশি আসন পাবে বিজেপি, দাবি করেছেন মিঠুন চক্রবর্তী।সূত্রের খবর, নির্বাচন পরবর্তী হিংসায় আক্রান্তদের পাশে দল সব রকম থাকবে বলে বৈঠকেও সিদ্ধান্তও হয়েছে। এদিকে হাতে আর মাত্র কিছুদিন। তারপরেই বেজে যাবে পঞ্চায়েত ভোটের দামামা। রাজ্য পুলিশ দিয়ে ভোট করানোয় নির্বাচন প্রক্রিয়ার স্বচ্ছতা কতটা থাকবে তা নিয়ে আগেই উদ্বেগ প্রকাশ করতে দেখা যায় বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদারকে। এবার আদালতের তত্ত্বাবধানেই কেন্দ্রীয় বাহিনী দিয়ে পঞ্চায়েত নির্বাচনের দাবি জানাবে বিজেপি। এদিনের বৈঠকে এ বিষয়েও আলোচনা চলে বলে জানা যাচ্ছে।অন্যদিকে শনিবার ভাঙড়ে আইএসএফের কর্মীদের সঙ্গে সংঘর্ষে জড়াতে দেখা গিয়েছে তৃণমূলকে। আক্রান্ত হয়েছেন বিধায়ক নওশাদ সিদ্দিকী। তা নিয়েও উদ্বেগ প্রকাশ করেন শুভেন্দু অধিকারী।

দাতিয়ায় মা পীতাম্বর পীঠে পুজো-অর্চনা করলেন নীতিন গড়করি

গোয়ালিয়র, ২৩ জানুয়ারি ঃ সোমবার দাতিয়ার মা পীতাম্বরা পীঠ পরিদর্শন করে প্রার্থনা করলেন কেন্দ্রীয় সড়ক পরিবহন মন্ত্রী নীতিন গড়করি। পাশাপাশি তিনি বনখণ্ডেশ্বর মহাদেব মন্দিরেও পুজো দেন।এর আগে বিমানে করে গোয়ালিয়রে পৌঁছেছিলেন গড়করি। এখান থেকে তিনি দাতিয়া চলে যান। দাতিয়ায় মা পীতাম্বরা পীঠ এবং ভাংখণ্ডেশ্বর মহাদেব মন্দিরে প্রার্থনা করেন গড়করি। দাতিয়া থেকে ওরছার উদ্দেশ্যে রওনা হয়েছেন তিনি। এই অনুষ্ঠানে তাঁর সঙ্গে ছিলেন মধ্যপ্রদেশের স্বরাষ্ট্রমন্ত্রী ডঃ নরোত্তম মিশ্রও।সাংবাদিকদের সাথে কথা বলার সময় গড়করি ঘোষণা করেন, দাতিয়ার নতুন কোতোয়ালি থেকে মা পিতাম্বরা পীঠ পর্যন্ত ওভার ব্রিজ এবং মা পিতাম্বরা মন্দিরের উত্তর গেট থেকে বিমানবন্দর পর্যন্ত রাস্তা দ্বিগুণ এবং সজ্জিত করা হবে।

ঔপনিবেশিক শাসনের বিরুদ্ধে তীব্র প্রতিরোধের জন্য সর্বদা স্মরণীয় হয়ে থাকবেন নেতাজিঃপ্রধানমন্ত্রী

নয়াদিল্লি, ২৩ জানুয়ারি ঃ জন্মজয়ন্তীতে নেতাজি সুভাষ চন্দ্র বসুকে সশ্রদ্ধ চিত্তে স্মরণ করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। সোমবার এক টুইট বার্তায় প্রধানমন্ত্রী লিখেছেন, ঔপনিবেশিক শাসনের বিরুদ্ধে তীব্র প্রতিরোধের জন্য সর্বদা স্মরণীয় হয়ে থাকবেন নেতাজি। টুইটে প্রধানমন্ত্রী লিখেছেন, পরাক্রম দিবসে নেতাজি সুভাষ চন্দ্র বসুকে শ্রদ্ধা নিবেদন করছি এবং ভারতের ইতিহাসে তাঁর অতুলনীয় অবদানকে স্মরণ করছি। ঔপনিবেশিক শাসনের বিরুদ্ধে তীব্র প্রতিরোধের জন্য তিনি স্মরণীয় হয়ে থাকবেন। আমরা ভারতের স্বার্থে তাঁর দৃষ্টিভঙ্গি উপলব্ধি করতে কাজ করছি।সোমবার কৃতজ্ঞ চিত্তে মহান স্বাধীনতা সংগ্রামী নেতাজি সুভাষ চন্দ্র বোসের জন্মবার্ষিকীতে তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করছে দেশ।১৮৯৭ সালের এই দিনেই ওডিশার কটকে নেতাজির জন্ম হয়। দেশের মানুষকে, বিশেষ করে যুবাদের নেতাজির আদর্শ ও চেতনায় অনুপ্রাণিত করতে এবং প্রতিকূল পরিস্থিতিতেও দৃঢ়তা বজায় রাখার শিক্ষা দিতে প্রতিবছর ২৩ জানুয়ারি পরাক্রম দিবস হিসাবে পালিত হয়।

গোয়ার মাপুসায় বার ও রেস্তোরাঁয় রহস্যজনক বিস্ফোরণ, প্রমোদ বললেন সামান্য ঘটনা

পানাজি, ২৩ জানুয়ারি ঃ গোয়ার মাপুসায় রহস্যজনক বিস্ফোরণে লন্ডভন্ড হয়ে গেল একটি বার ও রেস্তোরাঁ। পুলিশ মনে করছে, গ্যাস সিলিন্ডার ফেটে এই বিস্ফোরণ হয়েছে। সোমবার ভোররাতে মাপুসার ডাঙ্গুই কলোনিতে অবস্থিত একটি বার ও রেস্তোরাঁর গ্রাউন্ড ফ্লোরে বিস্ফোরণ হয়। বিস্ফোরণের জেরে ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে। পুলিশ জানিয়েছে, এই ঘটনায় কেউ আহত হননি।সোমবার সকালে পুলিশ জানিয়েছে, প্রাথমিক রিপোর্ট অনুযায়ী, একটি সিলিন্ডার বিস্ফোরণ হয়েছে। ঘটনার সময় সেখানে কেউ না থাকায় কোনও আঘাতের ঘটনা ঘটেনি। ফরেনসিক বিশেষজ্ঞদের দল এবং বোমা শনাক্তকরণ এবং নিষ্ক্রিয়করণ স্কোয়াডগুলি জায়গাটিকে নিরীক্ষণ করেছে। সিসিটিভি ফুটেজ খতিয়ে দেখা হচ্ছে।''গোয়ার মুখ্যমন্ত্রী প্রমোদ সাওয়ান্ত বলেছেন, সামান্য ঘটনা ছিল এবং কোনও আঘাতের খবর পাওয়া যায়নি। রাজ্য দুর্যোগ ব্যবস্থাপনা কর্তৃপক্ষ পরিস্থিতি মূল্যায়ন করছে এবং দোষীদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হচ্ছে। গোয়ার ডিজিপি জসপাল সিং বলেছেন, মাপুসা শহরের একটি রেস্টুরেন্ট ও বারে বিস্ফোরণের রিপোর্ট পেয়েছি। রিপোর্টে বলা হয়েছে, পাইপ থেকে গ্যাস লিকেজের ফলে সিলিন্ডার বিস্ফোরণ ঘটে। এ ঘটনায় কেউ হতাহত হয়নি।

বিশ্ব ঐতিহ্য ক্ষেত্র চড়াইদেও মৈদাম, ইউনেস্কোর কাছে কেন্দ্রের প্রস্তাব পাঠানোর সিদ্ধান্তে প্রধানমন্ত্রীকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা মুখ্যমন্ত্রীর

গুয়াহাটি, ২৩ জানুয়ারি ঃআহোম রাজ্যের চড়াইদেও মৈদামকে বিশ্ব ঐতিহ্য ক্ষেত্র হিসেবে স্বীকৃতি দিতে ইউনেস্কোর কাছে প্রস্তাব পাঠানোর সিদ্ধান্ত নিয়েছে। এজন্য অসমের জনতা এবং রাজ্য সরকারের পক্ষ থেকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সহ কেন্দ্রীয় সরকারকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়েছেন মুখ্যমন্ত্রী হিমন্তবিশ্ব শর্মা।গত শনিবার সংস্কৃতি দফতরর মন্ত্রী নন্দিতা গারলোসা এবং তথ্য ও প্রযুক্তি দফতরের মন্ত্রী কেশব মহন্তকে দুপাশে বসিয়ে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে

অসমের মুখ্যমন্ত্রী হিমন্তবিশ্ব শর্মা বলেন, কেন্দ্রীয় সরকার ইউনেস্কোর কাছে আহোম রাজ্যের চড়াইদেও মৈদামকে বিশ্ব ঐতিহ্যবাহী ক্ষেত্র হিসেবে স্বীকৃতি দিতে প্রস্তাব পাঠানোর সিদ্ধান্ত নিয়েছে।তিনি বলেন, সারা দেশে ৫২টি অস্থায়ী স্থানের মধ্যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী অসমের চড়াইদেও মৈদামকেও বেছে নিয়েছেন। এজন্য তিনি অসমবাসীর ধন্যবাদের পাত্র। বিশ্ব ঐতিহ্য ক্ষেত্রের জন্য ইউনেস্কোর কাছে চড়াইদেও মৈদামকে বাছাই করে প্রস্তাব পাঠানোর সিদ্ধান্ত অসমবাসীর প্রতি প্রধানমন্ত্রী যে আন্তরিকতা প্রদর্শন করে তা সত্যিকারের এক বিরল সম্মান। সমগ্র দেশের ৫২টি স্থানের মধ্যে চড়াইদেও মৈদামের এই মনোনয়ন ২০১৪ সাল থেকে আমাদের যে প্রচেষ্টা চলছে তার সফলতাই প্রতীয়মান করেছে। মুখ্যমন্ত্রী বলেন, বিশ্বঐতিহ্য ক্ষেত্র হিসেবে ইউনেস্কোর কাছে চড়াইদেও মৈদামের দাবি পূরণকে জাতীয় প্রচেষ্টা হিসেবে গৃহীত প্রচেষ্টার জন্য কেন্দ্রীয় সাংস্কৃতিক দফতরের মন্ত্রী জি কিষাণ রেড্ডিকেও ধন্যবাদ জানিয়েছেন মুখ্যমন্ত্রী হিমন্তবিশ্ব শর্মা।ড. শর্মা বলেন, চড়াইদেও মৈদাম ইউনেস্কোর স্বীকৃতি লাভ করলে কাজিরঙা এবং মানস জাতীয় উদ্যানের পর অসমের তৃতীয় বিশ্বঐতিহ্য ক্ষেত্র হিসেবে পপগণিত হবে।

বড়সড় বিদ্যুৎ বিভ্রাট পাকিস্তানে ইসলামাবাদ, লাহোর ও করাচির বিভিন্ন অংশ দীর্ঘ সময় বিদ্যুৎহীন

ইসলামাবাদ, ২৩ জানুয়ারি ঃবড়সড় বিদ্যুৎ বিভ্রাটের ঘটনা ঘটল পাকিস্তানে। পাকিস্তানের রাজধানী ইসলামাবাদের উল্লেখযোগ্য স্থান দীর্ঘ সময়ের জন্য বিদ্যুৎহীন অবস্থায় থাকল। একই পরিস্থিতিতে পাকিস্তানের লাহোর ও করাচি শহরেও। সোমবার সকালে পাকিস্তানের জাতীয় গ্রিডের ফ্রিকোয়েন্সি কমে যাওয়ার পর দেশব্যাপী বিদ্যুৎ বিভ্রাট শুরু হয়। পাকিস্তানের বিদ্যুৎ মন্ত্রক টুইট করে জানিয়েছে, প্রাথমিক রিপোর্ট অনুযায়ী, জাতীয় গ্রিডের সিস্টেম ফ্রিকোয়েন্সি সোমবার সকাল ৭.৩৪ মিনিটে কমে যায়, যার ফলে বিদ্যুৎ সরবরাহে বিপর্যয় ঘটেছে। পরিস্থিতি স্বাভাবিক করার কাজ দ্রুত গতিতে চলছে।বিদ্যুৎমন্ত্রী খুররম দস্তগীর বলেছেন, জ্বালানি খরচ বাঁচাতে অর্থনৈতিক ব্যবস্থা হিসাবে শীতকালে রাতে বিদ্যুৎ উৎপাদন ইউনিটগুলি সাময়িকভাবে বন্ধ করে দেওয়া হয়। সোমবার সকাল সাড়ে সাতটা নাগাদ যখন সিস্টেমগুলি একে একে চালু করা হয়েছিল, তখন দেশের দক্ষিণাঞ্চলে জামশোর এবং দাদুতে ফ্রিকোয়েন্সি পরিবর্তনের খবর পাওয়া গিয়েছে। ভোল্টেজের ওঠানামা ছিল এবং সিস্টেমগুলি একে একে বন্ধ হয়ে যায়। এটি একটি বড় সংকট নয়।

সংক্রমণ কমল অনেকটাই, আরোগ্যের সংখ্যায় বৃদ্ধি, ২৪ ঘন্টায় মৃত্যু দু'জনের

নয়াদিল্লি, ২৩ জানুয়ারি ঃভারতে করোনাভাইরাসের দৈনিক সংক্রমণ ফের অনেকটাই কমল। বিগত ২৪ ঘন্টায় ভারতে নতুন করে করোনায় আক্রান্ত হয়েছেন ৯৪ জন, এই সময়ে মৃত্যু হয়েছে দু'জনের (কেরলে একজন ও উত্তর প্রদেশে একজন প্রাণ হারিয়েছেন)। কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক জানিয়েছে, বিগত ২৪ ঘন্টায় ভারতে নতুন করে করোনায় আক্রান্ত হয়েছেন ৯৪ জন, দু'জনের মৃত্যুর পর ভারতে এখনও পর্যন্ত করোনায় মোট মৃত্যু হয়েছে ৫,৩০,৭৩৫ জনের।দেশে সক্রিয় করোনা-রোগীর সংখ্যা কমে ১ হাজার ৯৩৪-তে পৌঁছেছে। এই মুহূর্তে শতাংশের নিরিখে ০.০০ শতাংশ করোনা-রোগী চিকিৎসাধীন রয়েছেন ভারতে। কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের পক্ষ থেকে জানানো হয়েছে, সোমবার সকাল আটটা পর্যন্ত ভারতে মোট সুস্থ হয়েছেন ৪,৪১,৪৯,৩৪৬ জন করোনা-রোগী, শতাংশের নিরিখে ৯৮.৮১ শতাংশ। মোট করোনা আক্রান্তের সংখ্যা বেড়ে ৪,৪৬,৮২,০১৫-এ পৌঁছেছে।এদিকে, দেশব্যাপী টিকাকরণ অভিযানের আওতায় বিগত ২৪ ঘন্টায় ভারতে করোনার ভ্যাকসিন পেয়েছেন ৩৯ হাজার ৪৯৬ জন প্রাপক, ফলে ভারতে সোমবার সকাল আটটা পর্যন্ত ২২০.২৮ কোটির বেশি টিকাকরণ সম্পন্ন হয়েছে। মোট টিকা প্রাপকের সংখ্যা ২২০,২৮,৪৪,৮১৫। ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিক্যাল রিসার্চ (আইসি এমআর) জানিয়েছে, ২২ জানুয়ারি সারা দিনে ভারতে ৮৮,৪৪৫ জনের শরীর থেকে নমুনা সংগ্রহ করে করোনা-স্যাম্পেল টেস্ট করা হয়েছে।

গোটা বিশ্ব নেতৃত্বের জন্য ভারতের দিকে তাকিয়ে আছে, নেতৃত্ব দিতে হবে আমাদেরঃমোহন ভাগবত

কলকাতা, ২৩ জানুয়ারি ঃ সমগ্র বিশ্ব নেতৃত্বের জন্য ভারতের দিকে তাকিয়ে রয়েছে, দৃষ্টান্ত স্থাপন করে নেতৃত্ব দিতে হবে আমাদের। বললেন রাষ্ট্রীয় স্বয়ংসেবক সঙ্ঘ (আরএসএস)-এর সরসঙ্ঘচালক মোহন ভাগবত। সোমবার সকালে নেতাজি সুভাষচন্দ্র বসুর জন্মজয়ন্তী উপলক্ষ্যে আরএসএস-এর পক্ষ থেকে কলকাতার শহীদ মিনার ময়দানে 'নেতাজি লহ প্রণাম' কর্মসূচির আয়োজন করা হয়। এই কর্মসূচিতে বক্তব্য রাখার সময় আরএসএস-এর সরসঙ্ঘচালক মোহন ভাগবত বলেছেন, গৌরবময় ভারত গড়ার লক্ষ্যে নেতাজি সুভাষ চন্দ্র বসুর জীবন একটি আদর্শ উদাহরণ। তিনি বলেছেন, ভারতকে মহান করার নেতাজির স্বপ্ন অসম্পূর্ণ থেকে গিয়েছে নেতাজির স্বপ্ন পূরণ করার জন্য আমাদের সবাইকে কাজ করতে হবে।কলকাতা ও হাওড়ার প্রায় ১৫ হাজার স্বয়ংসেবকের উপস্থিতিতে এদিন বক্তব্য রাখেন আরএসএস-এর সরসঙ্ঘচালক মোহন ভাগবত। তিনি বলেছেন, নেতাজি সুভাষ চন্দ্র বসুর জীবন একটি গৌরবময় ভারত গড়তে কষ্ট, তপস্যা এবং সম্পূর্ণ উসর্গের একটি আদর্শ উদাহরণ। ভাগবত বলেছেন, সঙ্ঘের পক্ষ থেকে প্রতি বছর নেতাজি সুভাষ চন্দ্র বসুর স্মরণে ছোট-বড় বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা হয়। কখনও শাখায়, আবার কখনও মানুষের মাঝে। মোহন ভাগবত বলেছেন, স্বামী বিবেকানন্দ বলেছিলেন, একজন নেতা এমন হওয়া উচিত যিনি সম্পূর্ণরূপে নিবেদিত, নিঃস্বার্থ এবং সর্বাগ্রে দেশের চেতনা নিয়ে এগিয়ে যান এবং নেতাজি সুভাষ চন্দ্র বসু ছিলেন তার সুনির্দিষ্ট উদাহরণ। আজাদ হিন্দ ফৌজ গঠিত হয়েছিল এবং সৈন্যদের পায়ে হেঁটে যেতে হয়েছিল, তখন নেতাজি সুভাষ চন্দ্র বসুও তাদের

সঙ্গে হাঁটেন। সৈন্যরা যে খাবার খেতেন নেতাজি সেই খাবারই খেতেন এবং সবার মাঝে থাকতে থাকতেই তিনি ব্রিটিশদের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করেছিলেন। সমযচক্র সঠিকভাবে চললে নেতাজি ভারতের গভীরে পৌঁছে যেতে পারতেন এবং দেশটি অনেক আগেই স্বাধীন হয়ে যেত।শিখদের গুরু গোবিন্দ সিং-এর কথা উল্লেখ করে মোহন ভাগবত বলেছেন, স্বামী বিবেকানন্দ বলেছিলেন গুরু গোবিন্দ সিং যেভাবে সমাজের জন্য নিজের সমগ্র জীবন উৎসর্গ করেছিলেন, তাঁর চার পুত্রকে মেরে ফেলা সত্ত্বেও লড়াই করা বন্ধ করেননি তিনি। তাঁকেও অবহেলা সহ্য করতে হয়েছে। ঠিক একইভাবে নিবেদিতপ্রাণ যুবকদের প্রয়োজন, যারা একটি গৌরবময় দেশ গঠন করতে পারেন এবং নেতাজি সুভাষ চন্দ্র বসু ছিলেন তার জীবন্ত উদাহর মোহন ভাগবত আরও বলেন, নেতাজির বিরোধিতাকারী মানুষও কম নয়। মোহন ভাগবত বলেছেন, আমরা ব্রিটিশ শাসনের অবসান ঘটিয়ে স্বাধীন হয়েছি, কিন্তু আমরা আমাদের ঐতিহাসিকতা এবং আমাদের মূল্যবোধের প্রতি শ্রদ্ধা রেখে স্বাধীনতার দিকে আরও এগিয়ে গিয়েছি। এটাই ছিল নেতাজি সুভাষ চন্দ্র বসুর স্বপ্ন। তিনি বলেন, আমরা যখন গৌরবময় ভারত গড়ার কথা বলি, তার মানে এই নয় যে, সম্পদ ও শস্যে সমৃদ্ধ দেশ থাকতে হবে। আমেরিকা এবং চীনও নিজেদেরকে মহিমান্বিত বলে, কিন্তু আমাদের এমন একটি গৌরবময় ভারত গড়তে হবে যা সমগ্র বিশ্বে সুখ ও শান্তি আনতে পারে। ভারত সমগ্র বিশ্বকে ধর্ম প্রদান করেন। মানুষের অগ্রগতির পাশাপাশি আমরা সমগ্র মহাবিশ্বের অগ্রগতির সংস্কৃতি। সেজন্য আমাদের এমন একটি গৌরবময় ভারত গড়তে হবে যার দিকে বিশ্ব আশা নিয়ে তাকায়।নেতাজি সুভাষ চন্দ্র বসু এবং সংঘের প্রতিষ্ঠাতা ডক্টর কেশব রাম বলিরাম হেডগেওয়ারের বৈঠকের কথা উল্লেখ করে সঙ্ঘ প্রধান বলেছেন, ১৯২৮ সালের কংগ্রেস অধিবেশনে (কলকাতা) নেতাজি সুভাষ চন্দ্র বসুর সঙ্গে ভবিষ্যতের বিষয়ে আলোচনা করা হয়েছিল। নেতাজি সুভাষ চন্দ্র বসু বলেছিলেন ভারত পৃথিবীর একটি ক্ষুদ্র রূপ। সমগ্র বিশ্বে যে ধরনের সমস্যা আছে, সে ধরনের সমস্যা শুধু ভারতেই আছে। অতএব, ভারতের সমস্যার সমাধানই সমগ্র বিশ্বের সমস্যার সমাধান। নেতাজি বারবার বলতেন দেশ ছাড়া ব্যক্তিত্ব বিকাশের কোনও অস্তিত্ব নেই।সঙ্ঘ এবং এর সহযোগী সংগঠনগুলির সঙ্গে যাদের মতপার্থক্য রয়েছে তাদের একটি গুরুত্বপূর্ণ বার্তা দিয়ে মোহন ভাগবত বলেছেন, দেশে যখন স্বাধীনতা সংগ্রাম চলছিল, তখন অনেক মতাদর্শের মানুষ ছিলেন। সবার পথ আলাদা কিন্তু গন্তব্য ছিল একই। দেশের স্বাধীনতা। আমরা তা অর্জন করেছি, কিন্তু নেতাজি সুভাষ চন্দ্র বসু যে গৌরবময় ভারত গড়ার স্বপ্ন দেখেছিলেন সেই স্বপ্ন পূরণের জন্য সঙ্ঘ এগিয়ে চলেছে। নেতাজি চেয়েছিলেন ব্যক্তি গড়ার মাধ্যমে সমাজকে ক্ষমতায়িত করা হোক এবং সঙ্ঘও তাই করছে। সঙ্ঘ মানুষ গড়ার কাজ করছে।এদিনের কর্মসূচিতে একটি গুরুত্বপূর্ণ মন্তব্য করে সঙ্ঘ প্রধান মোহন ভাগবত বলেছেন, সঙ্ঘের কোনও স্বার্থপরতা নেই। আমরা কোনও নির্বাচনে জিততে চাই না। আমাদের লক্ষ্য একটাই- তোমার মহিমা অমর থাকুক মা, আমরা চারদিন বাঁচি অথবা না থাকি। দেশের প্রযোজনে আমাদের স্বাধীনতা সংগ্রামীরা হাসতে হাসতে আত্মাহুতি দিয়েছেন। আজ আমরা স্বাধীন। আমাদের দেশের জন্য প্রতি মুহূর্তে বেঁচে থাকতে হবে। আমরা স্বাধীনতা পেয়েছি কিন্তু ঐতিহাসিক চিন্তাধারা অনুযায়ী স্বাধীন ভারতের একটি নতুন রূপ তৈরি করতে হবে। সেই কারণেই প্রতি বছর নেতাজি সুভাষ চন্দ্র বসুকে তাঁর জন্মবার্ষিকীতে স্মরণ করা হয় এবং তাঁর স্বপ্নের ভারত গড়তে মানব-নির্মাণের কাজ করছে সঙ্ঘ। ভাগবত বলেছেন, যাদের ত্যাগ এবং তপস্যায় ভারত দাঁড়িয়েছে তাদের কৃতজ্ঞতার সঙ্গে স্মরণ করা আমাদের কর্তব্য। নেতাজি সারা জীবন উৎসর্গ করেছিলেন দেশের জন্য। তাঁর প্রতিটি কাজ সম্পূর্ণ উৎসর্গের সঙ্গে দেশের জন্য উৎসর্গীকৃত ছিল এবং আমাদের এমন মানব সৃষ্টির মাধ্যমে একটি গৌরবময় ভারত গড়ার লক্ষ্য নিয়ে কাজ করতে হবে।

সশ্রদ্ধ চিত্তে নেতাজিকে স্মরণ করছে দেশ, শ্রদ্ধা নিবেদন রাষ্ট্রপতি ও উপ-রাষ্ট্রপতির

নয়াদিল্লি, ২৩ জানুয়ারি ঃ রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু সোমবার পরাক্রম দিবস উপলক্ষ্যে নেতাজি সুভাষ চন্দ্র বসুর প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন। এক বার্তায় তিনি জানান, নেতাজি ব্যতিক্রমী সাহস ও দেশপ্রেমের প্রতীক। তাঁর বলিষ্ঠ নেতৃত্ব লক্ষ লক্ষ মানুষকে দেশের স্বাধীনতা সংগ্রামে যোগ দিতে উৎসাহিত করেছে। ভারতীযরা চিরকাল তাঁর কাছে ঋণী থাকবে।উপ-রাষ্ট্রপতি জগদীপ ধনখড় নেতাজির প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন। নেতাজির স্বপ্নের ভারত গড়ে তোলার জন্য তিনি পুনরায় সকলকে প্রতিশ্রুতিবদ্ধ হওয়ার আহ্বান জানান। মহান দৃষ্টিভঙ্গি, আকর্ষনী ক্ষমতা ও ব্যক্তিত্বের এই মহান নেতাকে স্মরণ করে উপরাষ্ট্রপতি বলেন যে দেশের স্বাধীনতার দৃঢ়সঙ্কল্পের জন্য নিজের জীবন উসর্গ করেছিলেন।দেশ কৃতজ্ঞ চিত্তে মহান স্বাধীনতা সংগ্রামী নেতাজী সুভাষ চন্দ্র বোসের জন্মবার্ষিকীতে তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করেছে।১৮৯৭ সালের এই দিনেই ওড়িশার কটকে নেতাজির জন্ম হয়। দেশের মানুষকে, বিশেষ করে যুবাদের ,নেতাজির আদর্শ ও চেতনায় অনুপ্রাণিত করতে এবং প্রতিকূল পরিস্থিতিতেও দৃঢ়তা বজায় রাখার শিক্ষা দিতে প্রতিবছর ২৩শে জানুয়ারি পরাক্রম দিবস হিসাবে পালিত হয়।

শক্তি বাড়ল ভারতীয় নৌবাহিনীর, নেভিতে অন্তর্ভুক্ত স্বদেশী সাবমেরিন ভাগির

মুম্বই, ২৩ জানুয়ারি ঃ আরও শক্তি বাড়ল ভারতীয় নৌবাহিনীর। সোমবার ভারতীয় নৌবাহিনীতে অন্তর্ভুক্ত হয়েছে স্বদেশী সাবমেরিন ভাগির। এদিন সকালে মুম্বইয়ে নৌবাহিনীর ডকইয়ার্ড-এ নৌবাহিনী প্রধান আর হরি কুমারের উপস্থিতিতে ভারতীয় নৌবাহিনীতে অন্তর্ভুক্ত হয়েছে ভাগির। প্রোজেক্ট ৭৫ কালভারি ক্লাসের পঞ্চম সাবমেরিন হল ভাগির।২০২০ সালের নভেম্বরেই সম্পন্ন হয়েছিল''ভাগির'' সাবমেরিন তৈরির কাজ। ২০২২ সালের ফেব্রুয়ারি থেকে ট্রায়ালও হয়েছে ওই সাবমেরিনের। সে সবের ফল সন্তোষজনক হওয়ায় নৌবাহিনীতে অন্তর্ভুক্ত হয়েছে এই সাবমেরিন। এদিন নৌবাহিনী প্রধান আর হরি কুমার বলেছেন, ২৪ মাসের ব্যবধানে নৌবাহিনীতে অন্তর্ভুক্ত করা তৃতীয় সাবমেরিন হল ভাগির। এটি আমাদের শিপইয়ার্ডের দক্ষতারও একটি উজ্জ্বল প্রমাণ।

জোশীমঠ বিপর্যয়ের মাঝে বদ্রীনাথ জাতীয় সড়কে ফাটল, বাড়ছে উদ্বেগ

দেহরাদুন, ২৩ জানুয়ারি ঃ জোশীমঠ বিপর্যয়ের মাঝে নতুন করে ফাটল দেখা দিল বদ্রীনাথ জাতীয় সড়কে। জানা গিয়েছে, জাতীয় সড়কের একাধিক অংশে এক থেকে দুই মিটার চওড়া ফাটল দেখা গিয়েছে। প্রশাসনের তরফে অবশ্য জানানো হয়েছে, এই মুহূর্তে উদ্বেগের কোনও কারণ নেই। আগামী মে মাসে বদ্রীনাথ যাত্রা শুরু হওয়ার আগেই ফাটল মেরামত করে দেওয়া হবে। এ বিষয়ে চামোলির জেলাশাসক জানান, এই ফাটলগুলি ভারী মালপত্র বহনের কারণে হয়েছে। এই নিয়ে উদ্বেগের কারণ নেই।বদ্রীনাথ, হেমকুণ্ড যাত্রার ' গেটওয়ে' বলা হয় জোশীমঠকে। এদিকে সেই যোশিমঠেই ৮০০-এরও বেশি বাড়িতে ইতিমধ্যে ফাটল দেখা দিয়েছে। কোনও বাড়ি হুড়মুড়িয়ে ভেঙে পড়েছে। এমনকি রাস্তাতেও ক্রমশ চওড়া হয়েছে ফাটল। বহু মানুষকে অন্যত্র নিরাপদ জায়গায় সরিয়ে নিয়ে যাওয়া হয়েছে। যোশিমঠে ভূমি অবনমন নিয়ে আতঙ্ক ছড়িয়েছে নিকটবর্তী অন্য এলাকাতেও।

চিন ও দক্ষিণ আফ্রিকার সঙ্গে নৌ মহড়ায় অংশ নেবে রুশ যুদ্ধজাহাজ

মস্কো, ২৩ জানুয়ারি ঃ চিন ও দক্ষিণ আফ্রিকার নৌবাহিনীর সঙ্গে মহড়ায় অংশ নেবে রাশিয়ার যুদ্ধজাহাজ। আগামী ফেব্রুয়ারিতে এই মহড়া অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে।জানা গেছে, অ্যাডমিরাল গোর্শকভ নামে রুশ ওই যুদ্ধজাহাজটি হাইপারসনিক ক্রুজ অস্ত্রে সজ্জিত থাকবে। রুশ এই যুদ্ধজাহাজটিতে জিরকন ক্ষেপণাস্ত্র রয়েছে। এই অস্ত্র শব্দের চেয়ে নয় গুণ গতিতে উড়ে যেতে পারে। এটি এক হাজার কিলোমিটারেরও বেশি দূরে আঘাত হানতে সক্ষম।রাশিয়ার প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অনির্দিষ্ট একটি সূত্রের বরাত দিয়ে রাশিয়ার রাষ্ট্রীয় মালিকানাধীন তাস নিউজ এজেন্সি জানিয়েছে, যুদ্ধজাহাজ অ্যাডমিরাল গোর্শকভ সিরিযার তারতুসে লজিস্টিক সাপোর্ট পয়েন্টে যাবে। এরপর সেটি চিন ও দক্ষিণ আফ্রিকার নৌবাহিনীর সাথে যৌথ নৌ মহড়ায় অংশ নেবে।দক্ষিণ আফ্রিকার ন্যাশনাল ডিফেন্স ফোর্স জানিয়েছে, ১৭-২৬ ফেব্রুয়ারি দক্ষিণ আফ্রিকার পূর্ব উপকূলে ডারবান ও রিচার্ডস বে বন্দর শহরগুলোর কাছে এই মহড়া চলবে। এর আগে গত সপ্তাহের বৃহস্পতিবার ফোর্স বলেছে, যৌথ মহড়ার লক্ষ্য হচ্ছে- দক্ষিণ আফ্রিকা, রাশিয়া ও চিনের মধ্যে থাকা সম্পর্ক আরও জোরদার করা।

জোশীমঠের পুনরাবৃত্তি ঘটতে পারে কলকাতা-সুন্দরবনেও, দাবি মহম্মদ সেলিমের

কলকাতা, ২৩ জানুয়ারি ঃ জোশীমঠের মতো ঘটনা কলকাতা এবং সুন্দরবনে হলেও আশ্চর্য হব না। যেভাবে দেশের বিভিন্ন জায়গায় নদী পর্যন্ত চুরি হয়ে যাচ্ছে, যে হারে জলাশয় বোজানো হচ্ছে, তাতে বড় বিপর্যয় ঘটতেই পারে। এই আশঙ্কা প্রকাশ করলেন সিপিএমের রাজ্য সম্পাদক মোঃ সেলিম।জোশীমঠের মতো বিপর্যয় আগামী দিনে দেশের যে কোনও প্রান্তে ঘটতে পারে বলে গত শনিবার কলকাতা প্রেস ক্লাবে এক সাংবাদিক বৈঠকে সেলিম বলেন। নদী বাঁচানো, জলাভূমি সংরক্ষণ নিয়ে কাজ করছে, এমন কয়েকটি সংস্থা ঐদিন কলকাতা প্রেস ক্লাবে সাংবাদিক বৈঠকের আয়োজন করেছিল। সেখানে অনেক পরিবেশ কর্মীও হাজির ছিলেন।সেলিম বলেন, ভারতীয় সভ্যতা ও সংস্কৃতির পিছনে নদীগুলির একটা বড় ভুমিকা আছে। এখন গঙ্গার ঘাটে ঘাটে আরতির বাড়বাড়ন্ত দেখছি। বেনারসে নরেন্দ্র মোদী গঙ্গারতির ব্যবস্থা করেছেন। তাঁর দেখা দেখি এখানে মুখ্যমন্ত্রীও গঙ্গার ঘাটে আরতি করার জন্য উঠে পড়ে লেগেছেন। রাজ্যে অবাধে পুকুর, জলাশয় বুজিয়ে ফেলা হচ্ছে।সিপিএম নেতা এবং প্রাক্তন সাংসদ মোঃ সেলিম বলেন, আমি গঙ্গার কমিটির চেযারম্যান ছিলাম। নমামি গঙ্গার নামে টাকা লুটপাট করা হয়েছে। সেই কমিটির রিপোর্ট লোকসভায় পেশ করতে দেওয়া হয়নি। গুজরাতে মোদী মুখ্যমন্ত্রী থাকাকালীন নদীর গতিপথ সংকীর্ণ করে দিয়েছিলেন। পশ্চিমবঙ্গেও নদীগুলিকে সংকীর্ণ করে দেওয়া হচ্ছে। তাঁর সংযোজন, হিমালয় এখনও পুরোটা তৈরি হয়নি। জোশীমঠ এক হাজার বছরের পুরনো। আজকে লোভী, মুনাফাবাজ, লুটেরাদের জন্য সব কিছু হারিয়ে যাচ্ছে।

পূর্ণাঙ্গ পঞ্জিকা

কলকাতা,২৪জানুয়ারি ঃ মঙ্গলবার, ৯মাঘ মাস ১৪২৯ বঙ্গাব্দ, ইংরেজীঃ২২জানুয়রিঃ ২০২৩, ৫৩৬ চৈতনাব্দ, কলিঃ ৫১২৩, সৌরঃ৭ মাঘমাস, চান্দ্র ৭ মধুসুধন মাস, ১৯৪৪ শকাব্দ ২০৭৯ বিক্রম সাম্ব, ২৫৬৫ বুদ্ধাব্দাঃ, বাংলাদেশঃ৭ মাঘ মাস ১৪২৯, ভারতীয় সিভিলঃ৯ মাঘ মাস ১৯৪৪, মৈতৈঃ৮ শজিবু, আসামঃ২৬ চ'ত, মুসলিমঃ৬-ইদ-১৪৪৩ হিজরী শ্রীশ্রী অন্নপুর্নাপুজার গতস্থাপন (সপ্তমী)সূর্য উদয়ঃ সকাল ০৫ঃ২৪ঃ২৫ এবং অস্তঃবিকাল ০ঃ৫ঃ০০। চন্দ্র উদয়ঃসকাল ১০ঃ১ঃ২২(৮) এবং অস্তঃরাত্রি ১২ঃ১৬ঃ৫০(৮)।শুক্ল পক্ষ ।তিথিঃসপ্তমী (ভদ্রা) রাত্রিঃ০৮ঃ২৮ঃ০১ দং ৩৭৩৮৪৫ পর্যন্ত নক্ষত্রঃআর্দ্রা রাত্রিঃ১১ঃ২৮ঃ০১ দং ৪৫৮৪৫ পর্যন্ত পরে পুনর্বসুকরণঃবণিজ রাত্রিঃ০৮ঃ২৮ঃ০১ দং ৩৭৩৮৪৫ পর্যন্ত পরে বিষ্টিযোগঃঅতিগণ্ড অমৃতযোগঃদিন ০৫ঃ২৪ঃ৩১ থেকে - ০৭ঃ০৪ঃ১২ পর্যন্ত, তারপর ০৭ঃ৫৪ঃ০২ থেকে - ১০ঃ২৩ঃ৩৩ পর্যন্ত, তারপর ১২ঃ৫৩ঃ০৪ থেকে - ০২ঃ৩২ঃ৪৫ পর্যন্ত, তারপর ০৪ঃ১২ঃ২৫ থেকে - ০৫ঃ৫২ঃ০৬ পর্যন্ত এবং রাত্রি ০৭ঃ২৪ঃ২৫ থেকে - ০৮ঃ৫৬ঃ৪৫ পর্যন্ত, তারপর ০৩ঃ০৬ঃ০২ থেকে - ০৩ঃ৫২ঃ১২ পর্যন্ত। মহেন্দ্রযোগ রাত্রি ১০ঃ২৯ঃ০৪ থেকে - ১১ঃ১৫ঃ১৪ পর্যন্ত, তারপর ০৩ঃ৫২ঃ১২ থেকে - ০৫ঃ২৪ঃ৩১ পর্যন্ত। কুলিক বেলাঃ দিন ০৭ঃ৫৪ঃ০২ থেকে - ০৮ঃ৪৩ঃ৫২ পর্যন্ত। কুলিক রাত্রিঃ০৭ঃ২৪ঃ২৫ থেকে - ০৮ঃ১০ঃ৩৫ পর্যন্ত। বারবেলাঃ দিন ০৮ঃ৩১ঃ২৫ থেকে - ১০ঃ০৪ঃ৫২ পর্যন্ত। কালবেলাঃদিন ১০ঃ০৪ঃ৫২ থেকে - ১১ঃ৩৮ঃ১৮ পর্যন্ত। কালরাত্রিঃ০৮ঃ৪৫ঃ১২ থেকে - ১০ঃ১১ঃ৪৫ পর্যন্ত। গ্রহস্ফুট (সূর্য উদয় কালীন)ঃরবিঃ১১২৪৪৬১৯ (২৭) ৩ পদচন্দ্রঃ ২২১৫২৫০ (৭) ১ পদমঙ্গলঃ ৯২৭৫৩৫৯ (২৩) ২ পদবুধঃ ০২২২৫ (১) ১ পদবৃহস্পতিঃ ১০২৯৪২২৩ (২৫) ৩ পদশুক্রঃ ১০৮১৭৩ (২৪) ১ পদশনিঃ ৯২৫৪৩০ (২৩) ১ পদরাহুঃ ১২২৭৫৩ (৩) ২ পদকেতুঃ ৭২২৭৫৩ (১৬) ৪ পদ ।বারবেলাঃ দিন ০৮ঃ৩১ঃ২৫

আবহাওয়া

অংশত, সকালে দিকে মেঘলা আকাশ হবে। পরে পরিস্কার থাকবে। তাপমাত্রা সর্বোচ্চ ২৬.০৩ডিগ্রী সেলসিয়াস ও (২) সর্বনিম্ন ১৬.০৫ডিগ্রী সেন্টিগ্রেড ও (১) দিনের বেলায়। আপেক্ষিক আর্দ্রতা হবে ৯৩শতকরা এবং ৪৪শতকরা। বৃষ্টি হয়নি সোমবার । জোয়ার- সকাল ১১টা ২০ মিনিট এবং রাত-১১টা ২০মিনিট হবে। ভাটা-সকাল-১১টা ২০মিনিট। রাত-১১টা ২০ মিনিট। সূর্য উদয় হবে আজঃ ৬ টা ১৯মিনিট এবং সূর্য অস্ত যাবে আজঃ ৫ টা -১৮মিনিটের মধ্যে হবে আবহাওয়া পরিবর্তন

রাশিফল

মেষ রাশিঃআপনার শরীর রিচার্জ করতে সম্পূর্ণ বিশ্রাম নিতে হবে অন্যথায় ক্লান্তি আপনার মধ্যে হতাশার সৃষ্টি করবে।
বৃষ রাশিঃআপনার রাগের ফলে তুচ্ছ কারণ বড় হয়ে দেখা দেবে-যা শুধুমাত্র আপনার পরিবারের সদস্যদের বিপর্যস্ত করবে।শুভদিন
মিথুন রাশিঃআপনার স্বাস্থ্যের পুনরায় উন্নতির জন্য সেরা দিন।
কর্কট রাশিঃআপনি আপনার জীবনে দীর্ঘ সময় ধরে সম্মুখীন হওয়া উত্তেজনা এবং চাপ থেকে পরিত্রাণ পেতে পারেন।অর্থ ব্যয়
সিংহ রাশিঃআপনার ক্ষিপ্রগতিতে পদক্ষেপ গ্রহণ আপনাকে অনুপ্রাণিত করবে। সন্তান হবেই।
কন্যা রাশিঃআপনার স্বাস্থ্য ভালো করার খাতিরে লম্বা পায়চারীতে বেরোন। অর্থ ব্যয় হবে।শুভদিন
তুলা রাশিঃব্যস্ত সময়সূচী সত্ত্বেও স্বাস্থ্য সুন্দর থাকবে। উপরি টাকা জমিবাড়িতে বিনিয়োগ করা উচিত। বিদেশ যাত্রা শুভদিন।
বৃশ্চিক রাশিঃআপনার স্বযত্ন লালিত স্বপ্ন সত্যে পরিণত হবে। কিন্তু আপনার উত্তেজনা নিয়ন্ত্রণের রাখা উচিত কারণ খুব বেশী আনন্দ কিছু সমস্যার কারণ হতে পারে।রোজ ব্যায়াম কর।
ধনু রাশিঃআপনার প্রবল সহনশীলতা এবং নির্ভীকতা ভীষণভাবে মানসিক ক্ষমতার উন্নতি করবে। আর্থিক সঞ্চয় হবে
মকর রাশিঃস্ত্রী আপনাকে অনুপ্রাণিত করতে পারেন। আপনি যদি বিদেশের কোনও জমিতে বিনিযোগ করে থাকেন।
কুম্ভ রাশিঃআপনার খাবার সম্পর্কে সঠিক যত্ন নিন, বিশেষ করে মাইগ্রেনের রোগীরা, যাঁদের খাওয়া বাদ দেওয়া উচিত নয়
মীন রাশিঃআপনার উচ্চ উদ্দীপনা সত্ত্বেও আপনি এমন কারোর অভাব অনুভব করবেন যিনি আজ আপনার সাথে থাকতে পারছেন না। পরিকল্পনা চূড়ান্ত রূপ

বজবজে জুট মিলে বিধ্বংসী আগুনে আতঙ্কিত এলাকাবাসী

দুরন্ত বার্তা, ডায়মন্ড হারবার, ২৩ জানুয়ারি ঃ আগুন লাগল বজবজের একটি চটকলে। সোমবার বিকেল ৪টা ৪৫ মিনিট নাগাদ এই আগুন লাগার ঘটনায় চাঞ্চল্য ছড়াল এলাকায়। ইতিমধ্যে আগুন নেভানোর কাজ শুরু করেছে দমকল বাহিনী। যদিও আগুন লাগার ঘটনায় হতাহতের কোনও খবর মেলেনি। এখন দমকলের ৫টি ইঞ্জিন আগুন নেভানোর কাজে হাত লাগিয়েছে। এই ঘটনায় রীতিমতো আতঙ্ক ছড়িয়েছে আশেপাশের এলাকায়। তবে স্থানীয় সূত্রে জানা গিয়েছে, আগুন লাগার সময় চটকলের ভিতরে কেউ ছিল না। তাই প্রাণহানির কোনও আশঙ্কা নেই। তবে কী কারণে চটকলের ভিতরে আগুন লাগল, তা এখনও পরিষ্কার নয়। বজবজ পুরসভার ৩ নম্বর ওয়ার্ডের এলদা রোডে বজবজ জুট মিলে ভয়াবহ আগুন। সোমবার বিকেল নাগাদ কালো ধোঁয়ায় ঢেকে যায় মিল চত্বর। পরিস্থিতি আয়ত্তে আনতে ঘটনাস্থলে যায় দমকলের ১০ টি ইঞ্জিন। দীর্ঘক্ষণ পেরিয়ে গেলেও এখনও আয়ত্তে আসেনি আগুন। শ্রমিক সূত্রে জানা গিয়েছে, সোমবার বিকেলে জুট মিলের ভিতর শ্রমিকরা কেউ ছিলেন না। তবে বাইরে মালপত্র খালাসের কাজ চলছিল। হঠাৎই তাঁরা মিলের ভিতর আগুনের লেলিহান শিখা দেখতে পান। মূহুর্তে কালো ধোঁয়ায় ঢেকে যায় চারিপাশ। শ্রমিকদের

চিৎকারে আশপাশ এলাকা থেকে বহু মানুষ ওই জুট মিলের সামনে হাজির হন। খবর দেওয়া হয় পুলিশ এবং দমকলকে। শ্রমিকরা নিজেরাই প্রথমে আগুন নেভানোর চেষ্টা করেন। তবে তাতে লাভ হয়নি। দাহ্য পদার্থ মজুত থাকায় আগুন ভয়াবহ আকার ধারণ করে। প্রথমে দমকলের আটটি ইঞ্জিন ঘটনাস্থলে গিয়ে আগুন নেভানোর কাজ শুরু করে। পরে আরও দুটি ইঞ্জিন ঘটনাস্থলে যায়। সন্ধ্যে সাড়ে ছটা নাগাদ আগুন কিছুটা নিয়ন্ত্রণে এলেও এখনও পুরোপুরি আগুন আয়ত্তে আসেনি। দমকলের প্রাথমিক অনুমান, শর্টসার্কিট থেকে আগুন লেগেছে। দক্ষিণ ২৪ পরগনার অগ্নি নির্বাপক আধিকারিক টি. কে. দত্ত জানান, মোট দশটি ইঞ্জিন এবং দুটি পাম্পের সাহায্যে আগুন সম্পূর্ণভাবে নেভানোর চেষ্টা চলছে। তিনি জানান, অগ্নিকাণ্ডের ঘটনায় হতাহতের কোনও ঘটনা ঘটেনি। তবে এসময় আবহাওয়ার কারণে জুটমিলে আগুন লাগার ঘটনা খুবই স্বাভাবিক। জানা গিয়েছে, ওই জুটমিলে আইন অনুযায়ী অগ্নি নির্বাপনের যে ব্যবস্থা থাকার কথা তা থাকলেও কাজ করেনি। ফলে আগুন দ্রুত ছড়িয়ে পড়ে। এই ব্যাপারে দমকল জুটমিল কর্তৃপক্ষের কাছে জবাবদিহি চাইবে বলে খবর।

নেতাজি সুভাষচন্দ্র বসুর প্রতিকৃতিতে মাল্যদান করে শ্রদ্ধা জানাচ্ছেন কলকাতার মহানাগরিক।

হিরণের ছবি ঘিরে বিজেপি-র অস্বস্তি নেই ঃ দিলীপ ঘোষ

দুরন্ত বার্তা, কলকাতা, ২৩ জানুয়ারি ঃ তৃণমূলের অফিসে পশ্চিম মেদিনীপুরের কো - অর্ডিনেটর অজিত মাইতির পাশে বিজেপি বিধায়ক হিরণের ছবি প্রকাশ্যে আসতেই দলবদলের গুঞ্জন শুরু হয়েছে। অনেকে এই ছবিটি পুরনো বলে দাবি করে। সেই প্রেক্ষিতেই হিরণের ছবির ব্যাপারে বিজেপি সাংসদ দিলীপ ঘোষ বলেছেন, এই নিয়ে আমি কী বলব অজিত মাইতি আর হিরণ বলবে। তবে হিরণের ছবি ঘিরে বিজেপি-র অস্বস্তি নেই বলে সাফ জানিয়েছেন দিলীপ। সোমবার ইকো পার্কে হাঁটতে গিয়ে তিনি আরও বলেছেন, রাজনীতিতে কে কোথায় থাকবে তা তাঁকেই ঠিক করতে হবে। আমাদের বিধায়ক কম পড়েনি। ওদের কম পড়েছে, তাই আমাদের বিধায়কদের সঙ্গে যোগাযোগ করছে। এ নিয়ে চিন্তিত নই। যদিও হিরণ দল বদল করবেন কি না, তা তিনি বলতে পারবেন না বলেও সাফ জানিয়ে দিয়েছেন। যদিও বিজেপি দাবি করে, হিরণের ছবিটি বিকৃত করা হয়েছে। তৃণমূল অফিসে বসে থাকা ছবি নয়। পাশাপাশি ভাঙড়ে তৃণমূলের সঙ্গে আইএসএফের ঝামেলা এবং তৃণমূল নেতার বাড়ির কাছ থেকে বোমা উদ্ধারের প্রসঙ্গে এদিন তিনি বলেছেন, তৃণমূলের পার্টি অফিস বোমা, বন্দুকের কারখানা। নেতাদের বাড়িতে পাওয়া যাচ্ছে অস্ত্রশস্ত্র। এটা নতুন কিছু না। সমস্ত সমাজ বিরোধী তৃণমূলের নেতা হয়ে গিয়েছেন। এরা বোম-বন্দুক নিয়ে জিতিয়ে পার্টিকে সরকারে নিয়ে এসেছে। তার পুরস্কার হিসেবে লুটপাট করার সুযোগ পেয়েছে। পুরো পার্টিটাই অপরাধীদের দিয়ে চলছে এখন। যেখানে হাত দিচ্ছে এরকম লোক বেরোচ্ছে। আগামী দিনে আরও লোক বেরবে।

চালু হয়ে গেল হাওড়ার অত্যাধুনিক পাইকারি ফুল বাজার 'বিতান'

শ্রেয়া আদক, হাওড়া, ২৩ জানুয়ারি ঃ সোমবার ২৩ জানুয়ারি থেকে চালু হয়ে গেল হাওড়ার পাইকারি ফুল বাজার। হাওড়া পৌরনিগমের তত্ত্বাবধানে আধুনিক এই ফুল বাজার থেকে সাধারণ মানুষ বিভিন্ন ধরনের উন্নত মানের পুষ্পসামগ্রী সুলভ মূল্যে কিনতে পারবেন সারা বছর ধরেই। প্রতিদিন ভোর থেকে দুপুর অবধি বিভিন্ন অঞ্চল থেকে আগত ফুলচাষীদের কাছ থেকে সরাসরি ফুল কিনতে পারবেন ফুল ব্যবসায়ী থেকে সাধারণ ক্রেতারা। হাওড়া সিটি পুলিশ কমিশনারেট কার্যালয়ের নিকটবর্তী এই ফুল বাজারের পোষাকি নামকরণ করা হয়েছে বিতান। ফুল সংরক্ষণ, ফুল থেকে রঙ তৈরি সহ একাধিক উন্নত প্রযুক্তিতে সজ্জিত এই ফুল বাজারের আপাতত ৫৫ টি স্টল চালু হয়েছে।

শীতের আমেজ উধাও, দক্ষিণবঙ্গে তাপমাত্রার পারদ ঊর্ধ্বমুখী

দুরন্ত বার্তা, কলকাতা, ২৩ জানুয়ারি ঃ পশ্চিমী ঝঞ্ঝা ও বঙ্গোপসাগরে বিপরীত ঘূর্ণাবর্তের জেরে প্রচুর জলীয় বাষ্প বায়ুমন্ডলে প্রবেশ করায় কলকাতা-সহ রাজ্যের জেলাগুলিতে তাপমাত্রা কিছুটা ঊর্ধ্বেমুখী। সোমবার কলকাতার সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১৬.৯ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের থেকে ৩ ডিগ্রি বেশি। সর্বোচ্চ তাপমাত্রা ২৭.৫ ডিগ্রি থাকার সম্ভাবনা রয়েছে। এই নিয়ে গত শনিবার থেকে পরপর ৩ দিন তাপমাত্রার পারদ চড়ল তিলোত্তমায়। তাপমাত্রার পারদ চা।তেই শীতের আমেজ একেবারে উধাও হয়ে গিয়েছে তিলোত্তমা থেকে, দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলাতেও তাপমাত্রার পারদ ঊর্ধ্বমুখী। মাঘ মাসের যে সময় কনকনে ঠান্ডা থাকে সেই সময় শীতের পরিবর্তে গরম অনুভূত হচ্ছে। ভোরে ও রাতের দিকে হালকা ঠান্ডা মালুম হলেও, দিনের বেলায় শীত একেবারে উধাও হয়ে যাচ্ছে।

বিপুল পরিমাণ গাঁজা উদ্ধার করল হাওড়ার সাঁকরাইল থানার পুলিশ

দুরন্ত বার্তা, হাওড়া, ২৩ জানুয়ারি ঃ উড়িষ্যা থেকে বাংলায় পাচার হওয়ার আগেই বিপুল পরিমাণ গাঁজা উদ্ধার করল হাওড়ার সাঁকরাইল থানার পুলিশ। সোমবার ওই বিপুল পরিমাণ গাঁজা উদ্ধার হয়েছে। গোপন সূত্রে খবর পেয়ে গাঁজা সমেত গাড়িটিকে ধরার জন্য ওত পেতে থাকে পুলিশ। পুলিশের জালে ধরা পড়ে প্রায় ৪০ কেজি ওজনেরও বেশি

পরিমাণ গাঁজা। সাঁকরাইল থানা এলাকার ১৬ নম্বর জাতীয় সড়কের ধুলাগোড় টোলের সামনে নাকা চেকিংয়ের সময় একটি গাড়ি থেকে ওই বিপুল পরিমাণ গাঁজা উদ্ধার হয়। গাঁজা সমেত গাড়ি আটক হয়। গাড়ির চালককেও গ্রেফতার করে পুলিশ। তাঁকে থানাতে নিয়ে এসে জিজ্ঞাসাবাদ করছে পুলিশ। পুলিশ সূত্রে জানা যায় উড়িষ্যা থেকে এই গাঁজা নিয়ে দক্ষিণ ২৪ পরগণায় পাচার করা হচ্ছিল। এর সঙ্গে কোনও বড়ো মাদক চক্রের হাত রয়েছে কিনা তাও খতিয়ে দেখছেন পুলিশ আধিকারিকরা। ধৃতের বিরুদ্ধে ভারতীয় মাদক বিরোধী আইনের ধারাতে মামলা রুজু করা হচ্ছে। পাশাপাশি আটক হওয়া গাড়ির মালিককে খোঁজ করার চেষ্টা চালানো হচ্ছে। গাড়িটি চুরির গাড়ি কিনা তাও খতিয়ে দেখা হবে বলে সাঁকরাইল থানা সূত্রের খবর।

তৃণমূলের ইস্তেহার প্রকাশ করতে চলেছে

দুরন্ত বার্তা, কলকাতা, ২৩ জানুয়ারি ঃ মেঘালয়ে আসন্ন বিধানসভা নির্বাচন উপলক্ষ্যে তৃণমূল কংগ্রেস ইস্তেহার প্রকাশ করতে চলেছে। দলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় আগামীকাল শিলং এ প্রস্তাবিত এক সাংবাদিক বৈঠকে এই সংক্রান্ত দশটি অঙ্গীকার নিয়ে ইসতেহার প্রকাশ করবেন বলে দলীয় সূত্রে জানা গিয়েছে।

কলকাতা অচলের হুঁশিয়ারি ফুরফুরার পীরজাদাদের

দুরন্ত বার্তা, হুগলি, ২৩ জানুয়ারি ঃ আইএসএফ বিধায়ক নওশাদ সিদ্দিকির গ্রেফতারির পর কার্যত কলকাতা অচলের হুঁশিয়ারি ফুরফুরা শরিফের পীরজাদারা। সোমবারই এই হুঁশিয়ারি দেন পীরজাদা কাসেম সিদ্দিকি। তিনি বলেন, কলকাতায় ধর্মতলায় আমরা পীরসাহেবরা গিয়ে বসব। তাঁবু খাটিয়ে বসব। নওশাদ সিদ্দিকির গ্রেফতারির পর একজোট ফুরফুরার পীরজাদারা। সোমবার পীরজাদা ইব্রাহিম সিদ্দিকির বাড়িতে একটি বৈঠক করেন তাঁরা। সেখানে ছিলেন পীরজাদা কাসেম সিদ্দিকি, পীরজাদা সাফারি সিদ্দিকি, পীরজাদা সানাউল্লাহ সিদ্দিকি, সাহিউদ্দিন সিদ্দিকি, পীরজাদা নাজমুস শাহাদাত-সহ অন্য পীরজাদারা। বৈঠকের পর

সাংবাদিকদের মুখোমুখি হয়ে পীরজাদা কাসেম সিদ্দিকি বলেন, নওশাদ সিদ্দিকিকে নিঃশর্ত মুক্তি না দিলে কলকাতা স্তব্ধ করে দেওয়া হবে। বৃহত্তর আন্দোলনের পথে হাঁটার কথাও বলেন তাঁরা। তাঁদের বক্তব্য, আরাবুলের লোকজন এসে নওশাদের উপর হামলা করেছে। ভাঙড়ের বিধায়ক নওশাদ সিদ্দিকির গাড়ি ভাঙচুর করা হয়েছে। অথচ আরাবুল ইসলামের বিরুদ্ধে কোনও ব্যবস্থা নেওয়া হল না। পীরজাদা কাসেম সিদ্দিকি বলেন, হিন্দু, মুসলমান, জৈন, খ্রিস্টান, দলিত, আদিবাসী আমাদের যেখানে যত ভক্ত আছেন, আপনারা তৈরি হন আগামিদিন কলকাতা আসার জন্য। আমরা কলকাতার রাজপথ অচল করে দেব। সূত্রের খবর, আইএসএফ বিধায়ক নওশাদ সিদ্দিকির গ্রেফতারির প্রতিবাদে বুধবার আইএসএফ শহরে মিছিল করবে। শিয়ালদহ থেকে ধর্মতলা অবধি মিছিল করবে তারা। যেতে পারে রাজভবনেও। এদিন পীরজাদা কাশেম সিদ্দিকি বলেন, ফুরফুরা শরিফের যত পীরসাহেব আছেন, সকলে খারাপ নজরে দেখছি এটা। বাংলার হিন্দু-মুসলমান সকলেই খারাপ নজরে দেখছেন। সামনে পঞ্চায়েত ভোট। পীরজাদা সৈয়দ নাজিমুদ্দিন হুসেন বলেন, আমাদের খুব চিন্তাভাবনা করে ভোট দিতে হবে। আজ পশ্চিমবাংলায় যে পরিস্থিতি চলছে, ভয় পেলে হবে না। বিজেপির ভয়, সিপিএমের ভয়, কংগ্রেসের ভয়, ভয় দেখিয়ে যা চলছে হবে না। বাংলার সমস্ত সম্প্রদায়ের মানুষের কাছে বলব, যেখানেই অন্যায় করে কোনও দল চলবে, তাদের উল্টোদিকে যে থাকবে তাদের আমরা জেতাব। ইতিমধ্যেই পীরজাদা ত্বহা সিদ্দিকিও এই ঘটনার নিন্দা করেছেন। এই বিষয়ে তৃণমূলের মুখপাত্র কুণাল ঘোষ বলেন, কোনও ঘটনার প্রেক্ষিতে কেউ যদি বিনা নোটিসে রাস্তায় বসে যায়, তাতে লক্ষ লক্ষ মানুষ বিপদে পড়লে পুলিশ কি দাঁড়িয়ে দাঁড়িয়ে দেখবে? একজন বিধায়ক বসেছিলেন, তাঁকে বারবার বলা হয়েছিল উঠে যেতে, তিনি উঠবেন না। তিনি জনপ্রতিনিধি হয়ে যদি জনগণকে অসুবিধায় ফেলেন, পুলিশ তুলে দিয়েছে।

সাড়ম্বরে পালিত হল দেশ নায়কের জন্মদিন

দুরন্ত বার্তা, সোনারপুর, ২৩ জানুয়ারি ঃ নেতাজী সুভাস চন্দ্র বসুর ১২৬ তম জন্ম দিবস পালিত হল তাঁর নিজস্ব পৈতৃক ভিটেয়। সোমবার দক্ষিণ ২৪ পরগনার সোনারপুরের কোদালিয়ায় এই বিশেষ দিনটি পালিত হয়। এদিন সকাল ৯টায় নেতাজী কৃষ্টি সংসদের পক্ষ থেকে নেতাজীর বাড়িতে পতাকা উত্তোলন করা হয়। সেখানে সারাদিন ধরেই নানান অনুষ্ঠানের আয়োজন করা হয় নেতাজী কৃষ্টি সংসদের পক্ষ থেকে। এদিন দুপুর ঠিক ১২.১৫ মিনিট নাগাদ নেতাজীর জন্মসময় ক্ষণে শঙখধ্বনি বাজান এলাকার শতাধিক মহিলা। নেতাজীর জন্মদিবস উপলক্ষ্যে এদিন সকাল থেকেই বহু মানুষ ভিড় জমান তাঁর কোদালিয়ার বাড়িতে। নেতাজীর ব্যবহৃত জিনিস, তাঁর ঘর দর্শনার্থীদের জন্য খোলা থাকে এদিন সন্ধ্যা পর্যন্ত। নেতাজি সুভাষচন্দ্র বসুর পূর্ণ জন্ম লগ্নে ঠিক বারোটা পনের মিনিট নাগাদ শঙ্খ বাজিয়ে তাকে স্মরণ করা হয়, সেখানে মঞ্চে উপস্থিত ছিলেন পরিবহন মন্ত্রী স্নেহাশীষ চক্রবর্তী, বিধায়িকা লাভলী মৈত্র, মহকুমা শাসক সুমন পোদ্দার সহ আরও অনেকে।

উস্থিতে বৃদ্ধা খুনের ঘটনায় নয়া মোড়, ছেলেই মাকে খুন করেছে পুলিশি জেরায় স্বীকার

দুরন্ত বার্তা, ডায়মন্ড হারবার, ২৩ জানুয়ারি ঃ দক্ষিণ ২৪ পুরগনার উস্থি থানার অন্তর্গত দেউলার ভোলেরহাট এলাকায় বৃদ্ধা খুনের ঘটনায় নয়া মোড়। পুলিশি জিজ্ঞাসাবাদে উঠে এলো চাঞ্চল্যকর তথ্য। নিহত বৃদ্ধার ছেলে দীপক রাই পুলিশি জেরায় স্বীকার করেন নিজের মা সরস্বতী রাইকে সে নিজেই খুন করেছে। খুনের পর দেহ সেফটিক ট্যাঙ্কে ঢুকিয়ে দেয় তথ্য লোপাটের জন্য। পুলিশের দাবি, মা সরস্বতী রাইকে যে সে-ই খুন করে দেহ লোপাটের চেষ্টা করেছিল তা স্বীকারও করেছে। উল্লেখ্য, শুক্রবার থেকে নিখোঁজ ছিলেন বৃদ্ধা সরস্বতী রাই। পুলিশের অনুমান, ২০ জানুয়ারি আনুমানিক রাত সাড়ে ন'টা নাগাদ বৃদ্ধাকে খুন করে বাড়ির 'সেপটিক ট্যাঙ্ক' পাতকুয়ায় দেহ ফেলে দিয়ে লোপাটের চেষ্টা করা হয়। রবিবার সকালে ওই সেপটিক ট্যাঙ্ক থেকেই বৃদ্ধার দেহ উদ্ধার করে পুলিশ। মৃতার ছোট ছেলে দীপক, তার স্ত্রী সুপর্ণা এবং স্থানীয় যুবক খোকন ফকিরকে আটক করে দফায় দফায় জেরা করেন তদন্তকারী অফিসাররা। ডায়মন্ড হারবারের এসডিপিও মিতুন কুমার দে জানান, মৃতার ভাই রামচন্দ্র পাসোয়ানের পুলিশের কাছে লিখিত অভিযোগের ভিত্তিতে খুনের মামলা রুজু করে তদন্ত শুরু হয়েছে। গ্রেপ্তার করা হয়েছে মৃতার ছোট ছেলে দীপককে। ধৃত দীপকের বিরুদ্ধে ভারতীয় দণ্ডবিধির ৩০২ ও ২০১ ধারায় মামলা রুজু করা হয়েছে। ধৃতের বিরুদ্ধে খুন সহ একাধিক ধারায় মামলা রুজু করেছে উস্থি থানার পুলিশ। সোমবার ধৃতকে ডায়মন্ড হারবার এ সি জে এম আদালতে পেশ করলে বিচারক ৪ দিনের পুলিশ হেফাজতের নির্দেশ দেন। গোটা ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ। এই ঘটনায় দীপককে আরও জিজ্ঞাসাবাদ করতে চাইছে পুলিশ। ডায়মন্ড হারবারের এসডিপিও জানিয়েছেন, প্রাথমিকভাবে জানা গিয়েছে, স্ত্রী ও মায়ের বিবাহবহির্ভূত সম্পর্কের কথা জানতে পেরে চরম হতাশা গ্রাস করেছিল দীপককে। তাছাড়া পারিবারিক সম্পত্তির অধিকার নিয়েও মা ও ছেলের বিবাদ চলছিল। এসডিপিও জানান, তদন্তে পুলিশ জানতে পেরেছে, বহু বছর আগে অপর এক সন্তানকে ফেলে রেখে দীপককে সঙ্গে নিয়েই স্বামীর ঘর ছেড়ে স্বামীর বন্ধু জনৈক ইসমাইলের সঙ্গে পালিয়ে এসেছিলেন সরস্বতী। খুনের মামলার তদন্ত এগিয়ে নিয়ে যেতে পুলিশ হেফাজতে নিয়ে অভিযুক্তকে জিজ্ঞাসাবাদ চালিয়ে আরও বেশ কিছু গুরুত্বপূর্ণ বিষয় সম্পর্কে নিশ্চিত হতে চায় পুলিশ।

বাসন্তীতে আবার প্রকাশ্যে তৃণমূলের গোষ্ঠী সংঘর্ষ, উত্তেজনা ছড়াল এলাকায়

দুরন্ত বার্তা, বাসন্তী, ২৩ জানুয়ারি ঃ তৃণমূলের দুই গোষ্ঠীর সংঘর্ষে আবার নতুন করে উত্তেজনা ছড়াল বাসন্তীতে। গত রবিবার বাসন্তীর কলতলায় রাজ্যের মন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য্যের গাড়ি আটকে বিক্ষোভ দেখিয়েছিলেন এলাকার একদল তৃণমূল কর্মী। অভিযোগ ছিল বাসন্তীতে আয়োজিত বিজেপির পাল্টা তৃণমূলের সভাতে দলের যুব কর্মী সহ বিভিন্ন শাখা সংগঠনের কর্মীরা ডাক পাননি। সেই ঘটনার পর ২৪ ঘণ্টা কাটতে না কাটতে তৃণমূলের দুই গোষ্ঠীর মধ্যে নতুন করে সংঘর্ষে ফের উত্তেজনা ছড়াল কলতলা এলাকায়। ঘটনাকে কেন্দ্র করে এলাকায় উত্তেজনা ছড়ালে বাসন্তী থানার পুলিশ ঘটনাস্থলে এসে পরিস্থিতি সামাল দেয়। পুলিশ ও স্থানীয় এদিন কলতলায় যুব তৃণমূল কর্মী যারা রবিবার মন্ত্রীকে ঘিরে বিক্ষোভ দেখিয়েছিলেন তাঁদের উপর চড়াও হয় তৃণমূলের ওপর গোষ্ঠীর লোকেরা। মূলতঃ তৃণমূলের মূল সংগঠনের দিকেই অভিযোগের আঙুল আক্রান্তদের। ঘটনায় গুরুতর জখম হন এক যুব তৃণমূল কর্মী। যদিও পাল্টা তৃণমূল কর্মীদের অভিযোগ, গতকালের মিটিংয়ে ডাক না পেয়েই এদিন যুব তৃণমূল কর্মীরা চড়াও হয় যে সমস্ত তৃণমূল কর্মী গতকাল মিটিংয়ে গিয়েছিলেন তাঁদের উপর। দুপক্ষের এই সংঘর্ষে উভয়পক্ষের মোট দুজন আহত হয়েছেন। আহতদেরকে উদ্ধার করে ক্যানিং মহকুমা হাসপাতালে চিকিৎসার জন্য ভর্তি করা হয়েছে। এই ঘটনাকে কেন্দ্র করে এলাকায় উত্তেজনা ছড়ালে বাসন্তী থানার পুলিশ ঘটনাস্থলে এসে পরিস্থিতি সামাল দেয়। এলাকায় অশান্তি ছড়ানোর অভিযোগে দুপক্ষের দুজনকে গ্রেফতার করেছে পুলিশ। এসডিপিও ক্যানিং দিবাকর দাস বলেন, একটা গণ্ডগোল হয়েছে বাসন্তীর কলতলা এলাকায়। পুলিশ দ্রুত পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। উভয়পক্ষই থানায় অভিযোগ দায়ের করেছে। অভিযোগের ভিত্তিতে ঘটনার তদন্ত করছে পুলিশ। এই ঘটনায় দু পক্ষের দুজনকে গ্রেফতার করা হয়েছে। বাসন্তীর বিধায়ক শ্যামল মণ্ডল অবশ্য এই ঘটনাকে গোষ্ঠীকোন্দল বলতে নারাজ। তিনি বলেন, এটা বিচ্ছিন্ন ঘটনা। এই ঘটনার সাথে দল জড়িত নয়। পুলিশকে বলেছি যারা এলাকায় অশান্তি ছ।াচ্ছে তাঁদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নিতে। বিধায়ক গোষ্ঠী সংঘর্ষ বলতে নারাজ হলেও তাঁরই অনুগামী আব্দুল মান্নান গাজি ওরফে মন্টু গাজি বলেন, আজ আমাদের কর্মীদের উপর পরিকল্পিত ভাবে হামলা চালিয়েছে কিছু দুস্কৃতী। যারা নিজেদের তৃণমূল কংগ্রেস বলে মন্ত্রীর গাড়ির সামনে বিক্ষোভ দেখালো তাঁদের অনেকেই এখনও তৃণমূলকে একটিও ভোট দেয় নি। আরএসপি, সিপিএম থেকে কিছুদিন আগে দলে এসেছে। আর দলে এসেই দলীয় কর্মীদের উপর হামলা করছে। যদিও এলাকার যুব তৃণমূল নেতা তথা কাঁঠালবেরিয়া অঞ্চল তৃণমূলের সভাপতি সইদুল লস্কর বলেন, বিধায়কের নির্দেশে রবিবার মিটিং হল বাসন্তীতে, কিন্তু আমাদেরকে বলা হল না। আমরা কেন বঞ্চিত, নিজেদের সেই কষ্টের কথা জানেতে চন্দ্রিমা দিকে বলি। ওনার গাড়ি রাস্তায় দাঁড় করায় আমাদের কর্মীরা। আর সেই কারণেই আজ আমাদের কর্মীদের উপর হামলা হল।

সুভাষচন্দ্র বসুর জন্মদিনে উত্তরপাড়া ঘড়িবাড়ি মাঠ স্পোর্টস অ্যাসোসিয়েশনের উদ্যোগে মাঠ বাঁচাতে পদযাত্রা

বনস্পতি দে, হুগলি, ২৩ জানুয়ারি ঃ নেতাজি সুভাষচন্দ্র বসুর ১২৬ তম জন্মদিনে হুগলির উত্তরপাড়ায় একটি বড় মাঠকে পুনরায় খেলার মাঠে পরিণত করার দাবিতে সোমবার সকালে ঘড়ি বাড়ি মাঠ স্পোর্টস অ্যাসোসিয়েশনের উদ্যোগে পদযাত্রা হল। এই পদযাত্রায় নেতাজি সুভাষ বসুর ছবি ছিল পদযাত্রার সামনে। ছোট ছোট ছেলেরা ব্যানার হাতে কয়েক কিলোমিটার ঘুরলো তাদের সঙ্গে ছিলেন সমাজের সর্বস্তরের মানুষ ছিলেন প্রাক্তন বিধায়ক শ্রুতিনাথ প্রহরাজ মোহনবাগানের প্রাক্তন খেলোয়াড় রঞ্জন মাঝি সহ বিশিষ্ট ব্যক্তিরা। জানা গেল ২০১৩ সাল থেকে এই ঘড়িবাড়ি মাঠকে সরকারি অধিগ্রহণ করার দাবিতে উত্তরপাড়া ঘড়ি বাড়ি মাঠ স্পোর্টস অ্যাসোসিয়েশন আন্দোলন শুরু করে। এই মাঠে আগে অনেক খেলাধুলা হত ফুটবল ক্রিকেট খেলা হতো ছোটরা ফুটবল নিয়ে প্র্যাকটিস করত বড়রাও খেলতো ভোরবেলা থেকে স্থানীয় বাসিন্দারা প্রাতঃভ্রমণ করতেন এখানে জানালেন উত্তরপাড়ার কিছু বাসিন্দা। তাদের আরো বক্তব্য হঠাৎ একদিন এক অশুভ চক্র এই মাঠটিকে নিয়ে নেয় এবং পাঁচিল দিয়ে ঘেরা হয়। ঘড়ি বাড়ি মাঠ স্পোর্টস অ্যাসোসিয়েশন এর পক্ষ থেকে জেলাশাসক মহকুমা শাসক ও উত্তরপাড়া পৌরসভাকে ডেপুটেশন দেওয়া হয় খেলার মাঠ ফিরিয়ে দেওয়ার দাবিতে তাতে কিছু কাজ হয় না এরপর আদালতে যায় সেই থেকে প্রত্যেক বছর নেতাজি সুভাষচন্দ্র বসুর জন্মদিনে পদযাত্রা হয় উত্তরপাড়ার কয়েক কিলোমিটার ঘুরে পদযাত্রা শেষ হয় মাঠের গেটের সামনে । জানা গেল এই মাঠটি ১২৬ কাঠা এই মাঠের মধ্যে দুটো পুকুর আছে। পুকুর দুটি ভরাট হয়েছিল পরে পরিস্থিতির চাপে পড়ে আবার আগের মতো অবস্থায় পুকুর দুটিকে ফিরিয়ে দেওয়া হয়েছে। এই প্রসঙ্গে উত্তরপাড়ার ঘড়িবাড়ি স্পোর্টস অ্যাসোসিয়েশনের সভাপতি সর্বানন্দ ব্যানার্জি জানালেন প্রত্যেক বছর এই দিনে আমাদের পদযাত্রা হয় এই পদযাত্রায় ছোট ছোট ছেলেরা থাকে তারা এখন খেলতে পারে না খেলার মাঠ থেকেও নেই এই খেলার মাঠ এখন অশুভ শক্তির হাতে সেখানে এখন গাড়ির গ্যারেজ হয়েছে আরো নানান সামগ্রী জিনিস থাকছে এগুলো কেন থাকবে আমরা প্রশাসনের সব জায়গায় জানিয়েছি এমনকি উত্তরপাড়া পুরসভাকে জানিয়েছি কিন্তু কোনো কাজ হয়নি আইনের পথে গিয়েছি তবে আমাদের আন্দোলন চলবে যতক্ষণ না পর্যন্ত এই মাঠ আগের মতো অবস্থায় ফিরিয়ে দেওয়া হচ্ছে ও এই মাঠকে রাজ্য সরকারকে অবিলম্বে অধিগ্রহণ করতে হবে। এটাই আমাদের দাবি এটাই আমাদের আন্দোলন। আজ খেলতে পারেনা ছোট ছোট ছেলেরা সেই মাঠ এখন গাড়ির গ্যারেজ হয়েছে থাকছে গ্যাসের সিলিন্ডার সহ নানা সামগ্রী অবিলম্বে মাননীয়া মুখ্যমন্ত্রীর কাছে আমরা আবেদন জানাচ্ছি এই মাঠটি অধিগ্রহণ করা হোক পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে। এলাকার বাসিন্দাদের মত সেটাই তাদের বক্তব্য। এখানে কোনো বড় মাঠ নেই ছোট মাঠ ও নেই চারিদিকে শুধু আবাসন। অক্সিজেন পাওয়াও মুশকিল কি করে ছেলেরা খেলবে একটু অক্সিজেন পাবে তার উত্তরকে দেবে। এই পদযাত্রায় উপস্থিত ছিলেন সভাপতি সর্বানন্দ ব্যানার্জি সম্পাদক সমিরন ব্যানার্জি প্রাক্তন বিধায়ক শ্রুতিনাথ প্রহরাজ মোহনবাগানের প্রাক্তন ফুটবলার রঞ্জন মাঝি বিশিষ্ট সমাজসেবী ইন্দ্রজিত দেব, গোপাল দে, পদযাত্রায় শামিল হলেন প্রণব চক্রবর্তী সৌরিশ চ্যাটার্জী এবং খুদে খেলোয়াড়রা। সর্বানন্দ ব্যানার্জি আরো জানালেন তাদের সঙ্গে উত্তরপাড়ার মানুষেরা আছেন।

প্লাটিনাম জয়ন্তী বর্ষ উদ্‌যাপন শুরু হল শ্যামপুরে

দুরন্ত বার্তা, উলুবেড়িয়া, ২৩ জানুয়ারি ঃ প্লাটিনাম জয়ন্তী বর্ষ উদ্‌যাপন শুরু হল শ্যামপুরের শশাটি নহলা কাঁঠালদহ অবিনাশ উচ্চ বিদ্যালয়ের। সোমবার থেকে টানা পাঁচ দিন ব্যাপী নানান বর্ণাঢ্য অনুষ্ঠানের মধ্য দিয়ে শুরু হল বিদ্যালয়ের প্লাটিনাম জয়ন্তী বর্ষ উদযাপন। প্রদীপ প্রজ্জ্বলন করে অনুষ্ঠানের সূচনা হয়। সূচনায় ছিলেন বিখ্যাত কবি ও সাহিত্যিক আবুল বাশার, তিনি তার বক্তব্যে বলেন বাঙালি জাতি ভুলতে বসেছে রবীন্দ্রনাথ ঠাকুরকে, কাজী নজরুল ইসলামকে, রাজা রামমোহন রায়কে, স্বামী বিবেকানন্দকে আদি ভারতবর্ষকে পেতে সকল মনীষিদের চিনতে হবে জানতে হবে। অনুষ্ঠানে আরো উপস্থিত শ্যামপুরের বিধায়ক কালীপদ মন্ডল বলেন অতীতে শিক্ষকদের সম্মান ছিল পয়সা ছিল না কিন্তু বর্তমানে শিক্ষকদের পয়সা আছে কিন্তু সম্মান আছে কিনা সন্দেহ। বর্তমানে শিক্ষক সমাজের আরো সচেতন হতে হবে বলে মন্তব্য করেন। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন হাওড়া জেলা পরিষদের অধ্যক্ষ নদেবাসী জানা, হাওড়া জেলা পরিষদের শিক্ষার কর্মাধ্যক্ষ শ্রীধর মন্ডল, শ্যামপুর ২নং পঞ্চায়েত সমিতির সভাপতি জুলফিকার আলী মোল্লা, বিদ্যালয়ের পরিচালন সমিতির সভাপতি তথা বাছরি পঞ্চায়েতের উপপ্রধান শ্যামসুন্দর মেটিয়া, বিদ্যালয়ের প্রধান শিক্ষক অরুন কুমার ভৌমিক, বাছরি পঞ্চায়েতের প্রধান মিলনী খাঁ, বিখ্যাত চিত্রশিল্পী রঞ্জিত রাউথ প্রমুখ।

কেন্দ্রের অনুদান খরচের হিসেবে বিপুল গরমিল, জনস্বার্থ মামলা বিজেপির

দুরন্ত বার্তা, কলকাতা, ২৩ জানুয়ারি ঃ শিক্ষাক্ষেত্র সহ একাধিক বিষয়ে দুর্নীতি নিয়ে একের পর এক মামলায় জেরবার রাজ্য সরকার। বিশেষ করে শিক্ষা দফতরে একের পর এক দুর্নীতির তথ্য যেভাবে উঠে আসছে তাতে সরগরম হয়ে উঠছে রাজ্য রাজনীতি। এর মধ্যেই আবার কেন্দ্রীয় অনুদানের টাকা খরচে বিস্তর গরমিলের অভিযোগে জনস্বার্থ মামলা দায়ের হল কলকাতা হাইকোর্টে। মামলাকারীর দাবি, রাজ্যের পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন, শিক্ষা, পুর ও নগরোন্নয়ন দফতরে প্রায় ২.২৯ লক্ষ কোটি টাকার হিসেবের গরমিল হয়েছে। ওই মামলায় রাজ্যের মুখ্যসচিব সহ সংশ্লিষ্ট দফতরগুলির প্রধান সচিবদেরও জড়ানো হয়েছে। মূল মামলাটি করেছেন রাজ্য বিজেপিত অন্যতম সাধারণ সম্পাদক জগন্নাথ চট্টোপাধ্যায়। তাঁর সঙ্গে আছেন আইনজীবী সুমনশঙ্কর চট্টোপাধ্যায় এবং অবসরপ্রাপ্ত সেনাকর্মী ঋত্বিক পাল। যদিও জগন্নাথ সাংবাদিক পরিচয়ে মামলা দায়ের করেছেন। সূত্রের খবর, মামলাকারীদের আবেদনে বলা হয়েছে, ২০২১ সালের ৩১ মার্চ ক্যাগ রিপোর্টে রাজ্য সরকারের ওই সব দফতরের হিসেবে অসঙ্গতির উল্লেখ করা হয়েছে। মঙ্গলবার প্রধান বিচারপতি প্রকাশ শ্রীবাস্তব এবং বিচারপতি রাজর্ষি ভরদ্বাজের ডিভিশন বেঞ্চে মামলাটি শুনানি হওয়ার কথা। মামলাকারীরা এই ব্যাপারে সিবিআই তদন্তের দাবি জানিয়েছেন। জানা গিয়েছে, রাজ্য সরকার যে ইউটিলাইজেশন সার্টিফিকেট দিয়েছে তাতে এই ২.২৯ লক্ষ কোটি টাকার সঠিক হিসেব নেই। বিরোধীদের অভিযোগ ২০১১ সালে ক্ষমতায় আসার পর থেকেই তৃণমূল সরকার নিয়মিত ক্যাগ রিপোর্ট বিধানসভায় পেশ করে না।

জোড়া পাচারের চেষ্টা ব্যর্থ, উদ্ধার বাংলাদেশী মুদ্রা ও সোনার বিস্কুট

দুরন্ত বার্তা, বসিরহাট, ২৩ জানুয়ারি ঃ বাংলাদেশ সীমান্ত দিয়ে জোড়া পাচারের চেষ্টা ব্যর্থ করল বর্ডার সিকিউরিটি ফোর্স। ২৩ জানুয়ারি সকালে ৮ লক্ষ বাংলাদেশী মুদ্রা-সহ এক যুবককে আটক করা হয়। অন্যদিকে এক ব্যক্তিকে সোনার বিস্কুট সহ আটক করা হয়েছে। উদ্ধার হওয়া সোনার বিস্কুটের দাম প্রায় ৬০ লক্ষ টাকা। দুটি ঘটনায় ঘটেছে উত্তর ২৪ পরগনার বসিরহাট সীমান্ত এলাকায়। পাচারে অভিযুক্তদের ইতিমধ্যেই তুলে দেওয়া হয়েছে পুলিশ এবং শুল্ক দফতরের হাতে। পুলিশ ও বিএসএফের যৌথ অভিযানে বসিরহাটের ভারত-বাংলাদেশ ঘোজাডাঙ্গা সীমান্তে পাচারের আগেই ৮ লক্ষ টাকার বাংলাদেশী মুদ্রা আটক। ধৃত ব্যক্তির নাম আনিসুর মোল্লা। তাঁর বাড়ি হাসনাবাদের তকিপুর এলাকায়। এদিন বাংলাদেশি ৮ লক্ষ টাকা নিয়ে ঘোজাডাঙ্গা সীমান্ত দিয়ে বাংলাদেশে পাচার করার মুহূর্তে বসিরহাট থানার পুলিশের কাছে খবর যায়। সেই খবর পেয়ে বসিরহাট থানার পুলিশ আধিকারিক সুরিন্দর সিংহের নেতৃত্বে একদল পুলিশ ও ১৫৩ নম্বর ব্যাটেলিয়ানের সীমান্তরক্ষী বাহিনীর জওয়ানরা যৌথ অভিযান চালায়। সেই অভিযানের সময়ই হাতেনাতে বাংলাদেশী টাকা সহ আনিসুরকে আটক করে। পরে তাঁকে গ্রেফতার করে বসিরহাট থানার পুলিশ। ধৃত পাচারকারীকে বসিরহাট মহকুমা আদালতে তোলা হয়। এর সঙ্গে কোনো আন্তর্জাতিক বিদেশি মুদ্রা পাচার চক্রের যোগসূত্র আছে কিনা সেটাও খতিয়ে দেখছেন তদন্তকারীরা। অন্যদিকে, বসিরহাটের স্বরূপনগর থানার ভারত-বাংলাদেশ তারালি সীমান্তের কাছে উদ্ধার হয়েছে সোনার বিস্কুট। বছর ২৫-এর বাবলু মোল্লা পেশায় কৃষক। এদিন ভোররাতে তিনি মাঠে যাচ্ছিলেন। সে সময় বিএসএফের সন্দেহ হওয়ায় বাবলুকে জিজ্ঞাসাবাদ শুরু করে। সেসময়ই সীমান্তরক্ষী জওয়ানদের চক্ষুচ।ক গাছ। তার কাছ থেকে উদ্ধার হয়েছে ৮ টি সোনার বিস্কুট। যার ওজন প্রায় ৯৩৩ গ্রাম। উদ্ধার হওয়া সোনার বাজার মূল্য প্রায় ৬০ লক্ষ টাকা। পাশাপাশি একটি মোবাইল ফোনও উদ্ধার করা হয়েছে। পাচারকারী বাবলু মোল্লাকে সোনার বিস্কুট সহ তেঁতুলিয়া শুল্ক দপ্তরের হাতে তুলে দেওয়া হয়েছে।

আলোই ঈশ্বরের প্রতিবিম্ব

দুরন্ত বার্তা

২৮ বর্ষ, দৈনিক ৫৫ সংখ্যা, মঙ্গলবার, ৯ মাঘ, ১৪২৯

বিবিসির বিতর্কিত সিরিজ নিয়ে তদন্তের দাবি উঠল ব্রিটেনেই

বিবিসির বিতর্কিত ডকু সিরিজ 'দ্য মোদি কোয়েশ্চেন' নিয়ে অন্য রকম সুর তুললো ব্রিটেনেই। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে নিয়ে তথ্যচিত্র নির্মাতা বিবিসির বিরুদ্ধে স্বাধীন তদন্তের দাবি উঠল সেখানেই। ইতিমধ্যে অনলাইন পিটিশনে আড়াই হাজার মানুষ স্বাক্ষর করেছেন। অনলাইন পিটিশনের নাম দেওয়া হয়েছে 'ইন্ডিয়া দ্য মোদি কোয়েশ্চন'। সেখানে বিবিসির তথ্যচিত্র নির্মাণের উদ্দেশ্য নিয়ে প্রশ্ন তোলা হয়েছে। একইসঙ্গে নির্মাতা বিবিসির নিন্দাও করা হয়েছে। সেখানে লেখা হয়েছে,বিবিসির কড়া নিন্দা করছি। তারা ডকু সিরিজ তৈরির ক্ষেত্রে নিরপেক্ষতা বজায় রাখতে ব্যর্থ হয়েছে। একই সঙ্গে পিটিশনারদের আরজি, বিবিসির নিরপেক্ষ ভূমিকা কেন পালন করল না, তা তদন্ত করে দেখুক বিবিসির বোর্ড। তদন্তের পূর্ণাঙ্গ রিপোর্ট প্রকাশের দাবিও জানিয়েছেন তাঁরা। ব্রিটিশ মিডিয়ার নজরদারি সংগঠন অফিস অফ কমিউনিকেশন বা অফকমের কাছেও তদন্তের আরজি জানানো হয়েছে। পিটিশনে আরও লেখা হয়েছে, ২১ বছর পুরনো একটি ঘটনাকে নতুন করে তদন্তমূলক সাংবাদিকতার নামে প্রচার করা হচ্ছে। যেখানে নতুন কোনও তথ্যই নেই। বিশেষ এক মতামতকে তুলে ধরতে এই তথ্যচিত্র বানানো হয়েছে। এ প্রসঙ্গে তুলে আনা হয়েছে সুপ্রিম কোর্টের পর্যবেক্ষণের কথা। যেখানে মোদিকে ক্লিনচিট দেওয়া হয়েছিল। শুরু থেকেই বিতর্ক ঘনিয়েছে এই সিরিজকে ঘিরে। গত মঙ্গলবার সম্প্রচার হয় ধারাবাহিক এই সিরিজের প্রথম পর্ব। কিন্তু পরদিনই সেটা ইউটিউব থেকে সরিয়ে নেওয়া হয়। দ্বিতীয় পর্ব ২৪ জানুয়ারি সম্প্রচারিত হওয়ার কথা। যার বিষয়বস্তু হল গুজরাটের মুখ্যমন্ত্রী হিসেবে নরেন্দ্র মোদির সময়কাল। নরেন্দ্র মোদির প্রধানমন্ত্রিত্বের সময় কীভাবে ভারতের মুসলিমদের প্রতি তাঁর সরকারের মনোভাব নিয়ে সমালোচনা শুরু হয়েছে, সেটাই এই সিরিজে দেখানো হবে। ভারতে না দেখানো হলেও দেশের বাইরে থাকা ভারতীয়রা ইতিমধ্যেই এই সিরিজটিকের তীব্র সমালোচনা শুরু করেছেন। এ প্রসঙ্গে বিদেশ মন্ত্রকের মুখপাত্র অরিন্দম বাগচী কার্যতই ক্ষোভ উগরে দিয়ে জানিয়েছেন, ওই সিরিজটি 'পক্ষপাতদুষ্ট' এবং এটিতে বস্তুনিষ্ঠতার অভাব ও ঔপনিবেশিক মানসিকতা দৃশ্যমান। সেই সঙ্গে তিনি জানিয়ে দিয়েছেন, এই সিরিজ ভারতে দেখাতে দেওয়া হবে না। বিজেপির বিড়ম্বনা বাড়িয়েছে পুরোনো এক টুইট। ওই টুইটে গুজরাটের তৎকালীন মুখ্যমন্ত্রী নরেন্দ্র মোদি ওই ব্রিটিশ গণমাধ্যমের ভূয়সী প্রশংসা করেছিলেন। শুধু তাই নয়, দেশের সরকারি প্রচারমাধ্যমের বিশ্বাসযোগ্যতাকেও তিনি দাঁড় করিয়েছিলেন কাঠগড়ায়। দেশ! বিদেশ মন্ত্রণালয় সদ্য সম্প্রচারিত এক তথ্যচিত্রকে 'পক্ষপাতদুষ্ট, অপপ্রচারমূলক, বস্তুনিষ্ঠ নয়' অভিহিত করে ও তাতে 'ঔপনিবেশিক মানসিকতার প্রতিফলন' দেখে প্রশ্ন তোল হয়েছে। তথ্যচিত্রটি কতখানি 'ষড়যন্ত্রমূলক ও দূরভিসন্ধিতে' ভরা তা নিয়ে শাসক দল ও সরকার প্রচারে নেমেছে। বিভিন্ন বিরোধী নেতা 'সেনসরশিপের' বিরোধিতা করে তথ্যচিত্রটি প্রচার করছেন। যেমন তৃণমূল কংগ্রেসের ডেরেক ওব্রায়ান ও মহুয়া মৈত্র। দুজনেই নিষেধাজ্ঞা অমান্য করে ওই তথ্যচিত্রটি আবার টুইটের সঙ্গে জুড়ে দিয়েছেন। মহুয়া লেখেন, 'পৃথিবীর বৃহত্তম গণতন্ত্রের সম্রাট ও তাঁর পরিষদবর্গ কী প্রবল নিরাপত্তাহীনতায় ভুগছেন! দুঃখিত, বৃহত্তম গণতান্ত্রিক রাষ্ট্রে সেনসরশিপ মানব বলে নির্বাচিত হইনি।' টুইটের সঙ্গে তথ্যচিত্রের লিংক জুড়ে দিয়ে তিনি বলেন, 'পারলে দেখুন'। ডেরেকও জানিয়েছেন, 'আগের টুইট মুছে দেওয়া হলেও নতুনটি তিন দিন ধরে বহাল। পারলে দেখুন।' নাম প্রকাশ না করার শর্তে বিজেপির এক নেতা জানান, 'তথ্যচিত্রের মূল বক্তব্য খণ্ডন করে দিয়েছেন সুপ্রিম কোর্ট। সর্বোচ্চ আদালত ষড়যন্ত্র ও নরেন্দ্র মোদির সম্পৃক্ততার অভিযোগ অসাড় বলে রায় দিয়েছেন। 'অন্য কোনো গণমাধ্যম হলে অন্য কথা হতো। বিবিসির সঙ্গে দেশের জনগণের পরিচিতি বহু প্রাচীন। তার বিশ্বাসযোগ্যতা নিয়ে কখনো প্রশ্ন ওঠেনি। তা ছাড়া ওই তথ্যচিত্রের আধার হলো ব্রিটিশ সরকারের এক রিপোর্ট। সেটা অগ্রাহ্য করা কঠিন।' লক্ষনীয়, তথ্যচিত্র নিয়ে সরকার ব্রিটিশ সরকারকে সরাসরি আক্রমণ করেনি। তাদের বিরোধিতার অংশীদার করেনি। বরং বলছে, প্রধানমন্ত্রী ঋষি সুনাক জানিয়েছেন তিনি সহমত নন। বিজেপি ও সরকারের তরফ থেকে পাল্টা প্রচারে নামা হয়েছে। বিভিন্ন মহলকে তৎপর হওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। ইতিমধ্যেই তিন শতাধিক সাবেক আমলা, বিচারপতি, সেনা কর্মকর্তা, রাষ্ট্রদূত বিবিসির প্রতি তোপ দেগেছেন। তাঁদের অভিযোগ, ভারতের প্রতি 'একপেশে নীচু ধারণা' থেকেই এই তথ্যচিত্র তৈরি করা হয়েছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বে ভারতের উত্তরোত্তর উন্নতি ও শক্তিবৃদ্ধি তাদের হতাশ করছে। বিজেপির প্রচারের অভিমুখ হলো, মোদির আমলে দেশের অনগ্রসর মুসলমান সমাজ ক্রমেই আলোকিত হচ্ছে। মুসলমান সমাজ বিজেপিকে ভরসা করতে শুরু করেছে। ছিদ্রান্বেষী মহল সেটা রুখতে মরিয়া। বিজেপির ওই নেতা প্রবাসী ভারতীয়দেরও এই 'অপপ্রচারের' বিরুদ্ধে আওয়াজ তোলার নির্দেশ দেওয়া হয়েছে। পাশাপাশি বিরোধীরাও সক্রিয়। কংগ্রেস মুখপাত্র গৌরব বল্লভের কটাক্ষ, 'মেক ইন ইন্ডিয়া', 'স্টার্ট আপ ইন্ডিয়ার' মতো 'ব্লক ইন ইন্ডিয়া' বলেও সরকারের একটি প্রকল্প রয়েছে। সরকার কঠিন প্রশ্ন শুনতে চায় না। ভাগ্যিস বিবিসির সদর দফতর দেশে নেই। হলে এতক্ষণে ইডি পৌঁছে যেত! শিবসেনার প্রিয়াঙ্কা চতুর্বেদী সেনসরশিপ নিয়ে প্রশ্ন তুলে বলেছেন, আজকের দুনিয়ায় যত বেশি তিরস্কার করা হবে, যত প্রতিবাদ হবে, তত বেশি মানুষ তথ্যচিত্রটি দেখবেন।

অনুকূলচন্দ্র ঠাকুরের অমৃত বাণী

কাউকে যদি বলিস কিছু সংশোধনের তরে, গোপনে তাকে বুঝিয়ে বলিস সমবেদনা ভোরে তুমি যায় দেখোনা কেন, অন্তরের সহিত সবার আগে তার ভালোটুকু দেখার চেষ্টা করো আর এই ভ্যাস তুমি মজ্জাগত করে ফেলো ।।

এটা খুবই সত্য কথা যে, মনে যখনই অপরের দোষ দেখবার প্রবৃত্তি এসেছে তখনই ঐ দোষ নিজের ভিতরে এসে বাসা বেধেছে। তখনই কালবিলম্ব না করে ওই পাপপ্রবৃত্তি ভেঙ্গেচুরে ঝেঁটিয়ে সাফ করে দিলে তবেই নিস্তার, নইলে সব নষ্ট হয়ে যাবে ....

রামকৃষ্ণ কথা ও বাণী

ঠাকুর রামকৃষ্ণদেব বলতেন, পরম সত্যের উপাসক হতে হবে। তবেই মা ভবানীর শক্তি অর্জন করা সম্ভব হবে। তিনি বললেন, মা জাগতিক শক্তি অর্জন করতে পেরেছেন। প্রকৃত শিক্ষার মধ্যেই শক্তি নিহিত। শারীরিক শক্তি, মানসিক শক্তি ধারন করতে হবে। সভ শক্তি দিয়ে দেশের সেবা করতে হবে। এটা যিনি করতে পারেন তিনি হচ্ছেন সার্থক সন্ন্যাসী। জীবন সার্থক হয় তাঁর। তিনিই সিদ্ধ পুরুষ। মহা মানবে পরিণত হন তিনি। মায়ের শক্তি থেকেই সেঅ অভয় শক্তি আসে। সেই শক্তির কোনদিন ক্ষয় হয় না। এই শক্তি হচ্ছে সর্বজয়ী। যে কোনও স্থানে এই শক্তিকে প্রয়োগ করা সম্ভব হবে। মায়ের শক্তির ওপরে নির্ভর করে জাগতিক নিয়ম কানুন চলে। বেদ বেদান্ত সব কিছুই ভরসা করে রয়েছে মায়ের শক্তির ওপরে। প্রকৃত মাতৃশক্তির সংজ্ঞাকে বুঝতে হবে। পড়তে হবে। তার থেকে জ্ঞান আহরণ করতে হবে। নিজেকে নিষ্ঠাবানে পরিণত করতে হবে। মনের এবং শরীরের শক্তির প্রভাব বৃদ্ধি করতে হবে। সব বিষয়েপারদর্শি হতে হবে। পারিবারিক শক্তির বিকাশ ঘটাতে হবে। মাতৃশক্তির পূর্ণ বিকাশ এই সময়ে দেখতে পাওয়া সম্ভব হয়েছে। ঠাকুর বলতেন, সবার শিক্ষা গ্রহণের ব্যবস্থা করতে হবে।

বাংলাদেশে রাষ্ট্রপতি নির্বাচন ২৩ ফেব্রুয়ারি

শ্যামল সান্যাল ঢাকা

আগামীকাল ২৩ জানুয়ারি থেকে আগামী ২৩ ফেব্রুয়ারির মধ্যে বাংলাদেশে রাষ্ট্রপতি নির্বাচন অনুষ্ঠিত হবে বলে জানিয়েছেন বাংলাদেশ নির্বাচন কমিশন (ইসি) সচব মো. জাহাঙ্গীর আলম।রবিবার ২২ জানুয়ারি নির্বাচন কমিশনের বৈঠকের পরে তিনি জানান, ইতোমধ্যে প্রক্রিয়া শুরু হয়েছে। সংসদ সচিবালয়ের সঙ্গে যোগাযোগ করে স্পিকারের সঙ্গে সিইসির বৈঠকের তারিখ নির্ধারণ করা হবে। তারপরে আগামী ২৩ ফেব্রুয়ারির মধ্যে রাষ্ট্রপতি নির্বাচন অনুষ্ঠিত হবে।তিনি আরো বলেন, জাতীয় সংসদের সংরক্ষিত নারী আসনের নির্বাচনী আইনের কয়েকটি অনুচ্ছেদ ও ধারায় সংশোধনের প্রয়োজন ছিল। সংবিধানে নারী আসন ৪৫টি থেকে বাড়িয়ে ৫০টি করা হয়েছে। নির্বাচনি আইনে এখনো ৪৫টি আছে। তাই আইনের ৪৫ থেকে ৫০টি করার প্রস্তাব করা হয়েছে। এছাড়া বিদ্যমান আইনে সময় নির্বাচনের সময় ছিল ৪৫ দিন। সাধারণ আসনে নির্বাচনের সময় ৯০ দিন। সেটার অনুরূপ করা হয়েছে। বাংলাদেশের২২তম রাষ্ট্রপতি নির্বাচনের ক্ষণগণনা শুরু হচ্ছে মঙ্গলবার ২৪ জানুয়ারি থেকে। বাংলাদেশ নির্বাচন কমিশনকে (ইসি) আগামী ২৩ ফেব্রুয়ারির মধ্যে এ নির্বাচন সম্পন্ন করতে হবে। সেক্ষেত্রে ফেব্রুয়ারির ১৯ বা ২০ তারিখকে ভোটগ্রহণের তারিখ হিসেবে চূড়ান্ত করে ৪ বা ৫ ফেব্রুয়ারি তফসিল ঘোষণা হতে পারে। নির্বাচন কমিশন সূত্রে এসব তথ্য জানা গেছে।বর্তমান রাষ্ট্রপতির মেয়াদ শেষ হবে আগামী ২৩ এপ্রিল। সংবিধানের ১২৩ অনুচ্ছেদে রাষ্ট্রপতি নির্বাচনের বিধান রয়েছে। এতে রাষ্ট্রপতির মেয়াদ শেষ হওয়ার পূর্ববর্তী ৯০ থেকে ৬০ দিনের মধ্যে নির্বাচন অনুষ্ঠানের কথা রয়েছে। তবে যে সংসদ রাষ্ট্রপতি নির্বাচিত করেছে, ওই সংসদের মেয়াদে রাষ্ট্রপতির মেয়াদ শেষ হলে পরবর্তী সাধারণ নির্বাচন না হওয়া পর্যন্ত নির্বাচনের প্রয়োজন পড়বে না। সাধারণ নির্বাচন অনুষ্ঠানের প্রথম বৈঠকের দিন থেকে ৩০ দিনের মধ্যে রাষ্ট্রপতি নির্বাচন অনুষ্ঠিত হবে। রাষ্ট্রপতির মৃত্যু, পদত্যাগ বা অপসারণের ফলে পদ শূন্য হলে শূন্য হওয়ার ৯০ দিনের মধ্যে নির্বাচন হবে।সূত্রে জানা গেছে, নির্বাচন কমিশন সচিবালয় থেকে রাষ্ট্রপতি নির্বাচনের যাবতীয় প্রস্তুতি শুরু করেছে। তারা ভোটার তালিকা প্রস্তুতির কাজ শুরু করেছে।জানা গেছে, তফসিল ঘোষণার উপযোগী হওয়ার সঙ্গে সঙ্গেই রাষ্ট্রপতি নির্বাচনে ইসির পরিকল্পনা ছিল। তবে আগামী ১ ফেব্রুয়ারি অনুষ্ঠেয় সংসদের ছয়টি আসনের উপনির্বাচনের কারণে তারা কিছুটা সময় নিচ্ছে। এক্ষেত্রে ভোটের পর নির্বাচিত এমপিরা শপথ নেওয়ার পরপরই তাদের ভোটার তালিকায় অন্তর্ভুক্ত করে তফসিল ঘোষণা হবে। অবশ্য আইন অনুযায়ী এক বা একাধিক সংসদীয় আসন শূন্য থাকলেও রাষ্ট্রপতি নির্বাচনে আইনগত কোনও বাধা নেই। সর্বশেষ ২০১৮ সালের রাষ্ট্রপতি নির্বাচনের আগেও দুটি সংসদীয় আসন শূন্য ছিল।প্রসঙ্গত, ২০১৮ সালের রাষ্ট্রপতি নির্বাচনের সময় গণনা শুরু হয় ওই বছর ২৪ জানুয়ারি। পরদিন ২৫ জানুয়ারিই তফসিল ঘোষণা হয়েছিল। তখন ভোটের তারিখ নির্ধারণ করা হয়েছিল ১৮ ফেব্রুয়ারি।রাষ্ট্রপতি নির্বাচনের তফসিল ঘোষণার আগে প্রধান নির্বাচন কমিশনার স্পিকারের সঙ্গে সাক্ষাৎ করে ভোটগ্রহণের দিন সংসদের বৈঠকের বিষয়টি নিশ্চিত হবেন। ওই সাক্ষাতে স্পিকারের বিভক্তি নম্বরসহ ভোটার তালিকাও যাচাই করা হতে পারে। জানা গেছে, রাষ্ট্রপতি নির্বাচনের বিষয়ে স্পিকারের সাক্ষাতের বিষয়ে নির্বাচন কমিশন থেকে এখনও কোনও যোগাযোগ করা হয়নি। ফেব্রুয়ারির ৩৪ তারিখে স্পিকারের সঙ্গে সিইসির সাক্ষাতের সময় চূড়ান্ত হতে পারে। সাক্ষাতের পর ওইদিন বা তার পরদিন হতে পারে তফসিল। এক্ষেত্রে মনোনয়নপত্র দাখিল, যাচাই ও প্রত্যাহারের সময় খুব কম দিয়ে সংক্ষিপ্ত তফসিলে ভোট হতে পারে।অবশ্য রাষ্ট্রপতি নির্বাচনে একক প্রার্থী হওয়ার শতভাগ সম্ভাবনায় নির্বাচন কমিশনকে ভোটে যাওয়ার প্রয়োজন পড়বে না। মনোনয়নপত্র প্রত্যাহারের শেষদিনই নির্বাচিত ঘোষণা করা হবে। কেবল আনুষ্ঠানিকতার জন্যই ভোটের তারিখ নির্ধারণ করা হবে।জানা গেছে, রবিবার নির্বাচন কমিশনের কমিশন সভা থাকলেও ওই সভার এজেন্ডায় রাষ্ট্রপতি নির্বাচনের বিষয়টি নেই। তবে অনানুষ্ঠানিকভাবে বিষয়টি আলোচনায় আসতে পারে বলে ইসির কর্মকর্তারা জানিয়েছেন।রাষ্ট্রপতি নির্বাচনের

বিষয়ে জানতে চাইলে নির্বাচন কমিশনের উপসচিব আতিয়ার রহমান বলেন, আগামী ২৪ জানুয়ারি রাষ্ট্রপতি নির্বাচনের সময় গণনা শুরু হবে। সেই হিসেবে আমরা ভোটার তালিকা তৈরিসহ প্রাথমিক প্রস্তুতি গ্রহণ করছি। তবে নির্বাচনের তফসিল হবে এই বিষয়ে কোনও নির্দেশনা আমরা পাইনি।জানা গেছে, সংসদের চলতি অধিবেশনেই রাষ্ট্রপতি নির্বাচন অনুষ্ঠিত হবে। এক্ষেত্রে সংসদের কার্যউপদেষ্টা কমিটির সিদ্ধান্ত অনুযায়ী চলতি অধিবেশন ৯ ফেব্রুয়ারি পর্যন্ত সিদ্ধান্ত থাকলেও এই মেয়াদ বাড়তে পারে। কার্যউপদেষ্টা কমিটির প্রধান ও জাতীয় সংসদের স্পিকার তার ক্ষমতা বলে সংসদ অধিবেশনের মেয়াদ বাড়ানো বা কমানোর এখতিয়ার রাখেন। কার্যউপদেষ্টা কমিটি তাকে এই ক্ষমতা দিয়ে থাকেন।এ বিষয়ে জানতে চাইলে স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেন, রাষ্ট্রপতি নির্বাচনের বিষয়ে তার সঙ্গে প্রধান নির্বাচন কমিশনারের সাক্ষাতের বিষয়ে এখনও কোনও যোগাযোগ করা হয়নি। এখনও সময় আছে। নিশ্চয়ই তারা যোগাযোগ করবেন।যেভাবে হয় রাষ্ট্রপতি নির্বাচনবাংলাদেশের সংবিধানের বিধান অনুযায়ী প্রণীত ১৯৯১ সালের আইন ও বিধিমালার আলোকে দেশের রাষ্ট্রপতি নির্বাচন অনুষ্ঠিত হয়ে থাকে। মেয়াদ পূর্ণ, মৃত্যু কিংবা পদত্যাগ ও অপসারণের কারণে রাষ্ট্রপতি নির্বাচন হয়ে থাকে। এর আগে প্রত্যক্ষ ভোটে রাষ্ট্রপতি নির্বাচিত হলেও ১৯৯১ সালের ২ জুলাই সংবিধানের ১২তম সংশোধনীতে পরোক্ষ পদ্ধতিতে রাষ্ট্রপতি নির্বাচনের বিধান করা হয়। সংবিধানের অনুচ্ছেদ ৪৮ অনুসারে সংসদ সদস্যদের ভোটে রাষ্ট্রপতি নির্বাচিত হন।সংবিধান অনুযায়ী ৩৫ বছর তা তারও বেশি বয়সী এবং সংসদ সদস্য নির্বাচনের যোগ্য যেকোনও ব্যক্তিই রাষ্ট্রপতি নির্বাচনে প্রার্থী হতে পারবেন। তবে তার মনোনয়নপত্রে প্রস্তাবক ও সমর্থক হিসেবে সংসদ সদস্য থাকতে হবে। মনোনয়নপত্র সংগ্রহ করার সময়ও তার সঙ্গে একজন সংসদ সদস্যকে উপস্থিত থাকতে হবে।প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) 'নির্বাচনি কর্তা'হিসেবে রাষ্ট্রপতি নির্বাচন পরিচালনা করেন। রাষ্ট্রপতি নির্বাচন করতে হলে স্পিকারের সঙ্গে আলোচনা করে সিডিউল ঘোষণা করেন। নির্বাচনি সিডিউল ঘোষণার আগে কমিশন সংসদ সদস্যদের বিভক্তি সংখ্যা সংসদের কার্যপ্রণালী বিধি অনুযায়ী সংসদ সদস্যদের জন্য বরাদ্দকৃত বিভক্তি সংখ্যা (সংসদীয় আসনক্রম ১-৩৫০ নম্বর), নাম ও নির্বাচনি এলাকা উল্লেখ করে ভোটার তালিকা প্রস্তুত ও প্রকাশ করবে। এক্ষেত্রে কোনও সংসদীয় আসন শূন্য হলে ওই আসনের অনুকূলে বরাদ্দকৃত বিভক্তি নম্বরটি ভোটার ক্রমিকে বাদ থাকবে।সংসদ অধিবেশনের সময় এই নির্বাচনের ভোটগ্রহণ অনুষ্ঠিত হয়। তবে রাষ্ট্রপতি নির্বাচনের প্রয়োজনীয় সময়ে যদি অধিবেশন না থাকে, তাহলে প্রধান নির্বাচন কমিশনার স্পিকারের সঙ্গে আলোচনা করে প্রজ্ঞাপন জারি করে ভোটগ্রহণের কমপক্ষে সাতদিন আগে অধিবেশন আহ্বান করবেন। অর্থাৎ এক্ষেত্রে স্বাভাবিক সময়ের মতো রাষ্ট্রপতিকে অধিবেশন ডাকতে হবে না।নির্বাচনি কর্তা (নির্বাচন কমিশন) ভোটগ্রহণের দিনের বৈঠকের সভাপতিত্ব করবেন। কমিশন কর্তৃক নিযুক্ত কর্মচারীদের সহাযতায়.ভোট গ্রহণ পরিচালনা করবেন। রাষ্ট্রপতি নির্বাচনের জন্য সংসদ সদস্যদের বৈঠক সংসদ কক্ষে অনুষ্ঠিত হবে। সংসদে স্পিকার সংসদ অধিবেশন চলার সময় শৃঙ্খলার স্বার্থে যে ব্যবস্থা নেবেন, ভোটের দিন নির্বাচনি কর্তা সেই ব্যবস্থা নেওয়ার অধিকারী হবেন। যেকোনও ব্যক্তি বা কর্তৃপক্ষ তাকে সহযোগিতা করতে বাধ্য থাকবে।রাষ্ট্রপতি নির্বাচনের দিনে নির্বাচন ছাড়া সংসদের অন্য কোনও কার্যক্রম চলতে পারবে না। নির্বাচনে একাধিক প্রার্থী থাকলে নির্বাচনি কর্তা নির্বাচনের দিন দুপুর ১২টার পর সংসদ কক্ষে প্রার্থীদের প্রস্তাবক ও সমর্থকের নাম ঘোষণা করবেন।রাষ্ট্রপতি নির্বাচন আইন ও বিধিমালা অনুযায়ী, একাধিক প্রার্থী হলে সংসদের অধিবেশন কক্ষে নির্বাচনি কর্মকর্তার সামনে নির্ধারিত ব্যালট পেপারে পছন্দের প্রার্থীর নাম ও নিজের স্বাক্ষর দিয়ে তা জমা দিতে হবে। এর মুড়ি অংশে স্বাক্ষর দিয়ে ভোটারদের ব্যালট পেপার সংগ্রহ করতে হবে। ভোট দেওয়ার পর সংসদ কক্ষে স্থাপিত এক বা একাধিক ব্যালট বাক্সে তা জমা দিতে হবে।প্রত্যেক সংসদ সদস্যের একটি মাত্র ভোট থাকবে। সংসদ সদস্য হিসেবে স্পিকারও এই নির্বাচনে একজন ভোটার। ভোটের দিন গ্যালারিসহ সংসদ কক্ষে প্রার্থী, ভোটার, ভোট নেওয়ায় সহায়তাকারী কর্মকর্তা ছাড়া সবার প্রবেশাধিকার নিয়ন্ত্রণ করবেন নির্বাচনি কর্মকর্তা। ভোট শেষে নির্বাচন কমিশনার প্রকাশ্যে ভোট গণনা করবেন। সর্বাধিক সংখ্যক ভোটপ্রাপ্তকে প্রেসিডেংট নির্বাচিত ঘোষণা করা হবে। আর সমান ভোট পেলে প্রার্থীদের মধ্যে লটারির মাধ্যমে ফল নির্ধারণ করা হবে।প্রসঙ্গত, ১৯৯১ সালে পরোক্ষ ভোটে রাষ্ট্রপতি নির্বাচনের বিধান চালু হওয়ার পর থেকে এ পর্যন্ত সাত বার রাষ্ট্রপতি নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। এরমধ্যে মাত্র একবার রাষ্ট্রপতি পদে একাধিক প্রার্থী থাকায় সংসদে ভোটগ্রহণ অনুষ্ঠিত হয়েছে। ১৯৯১ সালের রাষ্ট্রপতি নির্বাচনে তৎকালীন ক্ষমতাসীন বিএনপি আব্দুর রহমান বিশ্বাসকে রাষ্ট্রপতি পদে মনোনয়ন দিয়েছিলেন। আর ওই সময়ে বিরোধী দল ও বর্তমান ক্ষমতাসীন আওয়ামী লীগ প্রার্থী করেছিল বিচারপতি বদরুল হায়দার চো।ধুরীকে। ওই নির্বাচনে আব্দুর রহমান বিশ্বাস বিজয়ী হন। এছাড়া প্রত্যেক বার একক প্রার্থী হিসেবে রাষ্ট্রপতি নির্বাচিত হয়েছেন। ফলে এর কোনও ক্ষেত্রেই সংসদ কক্ষে ভোটগ্রহণের প্রয়োজন পড়েনি।সংবিধানে যা বলা হয়েছেসংবিধানের ৪৮ (১) অনুচ্ছেদে বলা আছে, আইন অনুযায়ী সংসদ সদস্য কর্তৃক রাষ্ট্রপতি নির্বাচিত হবেন। কারও বয়স ৩৫ বছরের কম ও সংসদ সদস্য নির্বাচিত হওয়ার যোগ্য না হলে কেউ রাষ্ট্রপতি নির্বাচিত হতে পারবেন না।রাষ্ট্রপতির মেয়াদ কার্যভার গ্রহণের সময় থেকে পাঁচ বছর। তবে মেয়াদ শেষ হলেও তার পরবর্তী রাষ্ট্রপতি দায়িত্ব গ্রহণ না করা পর্যন্ত স্বীয় পদে অধিষ্ঠিত থাকবেন। একাদিক্রমে হোক না না হোক দুই মেয়াদের বেশি কেউ রাষ্ট্রপতি পদে থাকতে পারবেন না।রাষ্ট্রপতি নির্বাচনের সময়সীমা সম্পর্কে সংবিধানের ১২৩ অনুচ্ছেদে উল্লেখ রয়েছে। সংবিধানের ১২৩ (১) অনুচ্ছেদে বলা হয়েছে, 'রাষ্ট্রপতিপদের মেয়াদ অবসানের কারণে ওই পদ শূন্য হইলে মেয়াদ সমাপ্তির তারিখের পূর্ববর্তী ৯০ থেকে ৬০ দিনের মধ্যে শূন্য পদ পূরণের জন্য নির্বাচন অনুষ্ঠিত হবে। অর্থাৎ ক্ষণগণনা শুরুর ৩০ দিনের মধ্যে নির্বাচন কমিশনকে রাষ্ট্রপতি নির্বাচন সম্পন্ন করতে হবে।'

নেতাজি সহপাঠী নাট্যকার দ্বিজেন্দ্র পুত্র দিলীপ কুমার

রবীন্দ্রকুমার শীলৃ

নেতাজি সহপাঠী নাট্যকার দ্বিজেন্দ্র লাল রায় পুত্র দিলীপ কুমার রায় জন্ম গ্রহণ করেছিলেন ২২ জানুয়ারি, ১৮৯৭ সালে। নেতাজি জন্ম গ্রহণ করেন ২৩ জানুয়ারি। একদিনের ছোট বড় ছিলেন দুই বন্ধু। নেতাজি দিলীপ কুমার রায়ের গানের ভক্ত ছিলেন। পিতা বিখ্যাত নাট্যকার দ্বিজেন্দ্রলাল রায়। পিতার পথকে তিনি অনুসরণ করেন। তবে তিনি গানের ওপরে বেশি করে চর্চা করতে শুরু করে দিয়েছিলেন। পরবর্তীকালে তিনি কবিগুরু, নজরুল এবং অতুলপ্রসাদ সেনের সঙ্গে সঙ্গীত নিয়ে আলোচনা করতেন। তিনি নজরুলের বন্ধু ছিলেন। সময়ে সময়ে নজরুল, সুভাষচন্দ্র এবং দিলীপ কুমার রায় গ্রাম সফর করতেন। গ্রামের লোকেদের সঙ্গে আলাপ আলোচনা করার এবং গ্রাম ঘুরতে যেতেন। সেই সময় সেখ ানে সঙ্গীতের আসর বসতো। শ্যামা সঙ্গীত থেকে শুরু করে দ্বিজেন্দ্র গীতি, অতুল প্রসাদ গীতি, নজরুল গীতি পরিবেশন করা হতো। নজরুল কতবার খালি গলায় গান শুনিয়েছেন সুভাষচন্দ্র বসুকে। আবার দিলীপ কুমার রায় কবিগুরুকে গান শুনিয়েছেন। বেশ কয়েকবার তিনি শান্তিনিকেতনে গিয়েছিলেন। গানের রচনা এবং সুর নিয়ে তাঁর একটি নিজস্ব ঢং ছিল। সেই ঘরানাকে বলা হতো দিলীপী ঘরানা। একেবারে অন্য ঘরানা তিনি বাংলা সঙ্গীতে তৈরি করেছিলেন। তাঁর নিজস্ব গায়েকী ঘরানা বলা যেতে পারে। নজরুলের বহু গানের স্বরলিপি তিনি তৈরি করেছিলেন। অঙ্ক নিয়ে তিনি প্রেসিডেন্সি কলেজে পড়াশুনা করেছেন। তারপরে তিনি কেম্বব্রিজ বিশ্ববিদ্যালয়ে গিয়েছিলেন অঙ্ক নিয়ে পড়াশুনা করতে। সেখানে তিনি বানার্ড র‍্যাসেল এবং ফরাসি লেখক রোনাল্ড এর সঙ্গে পরিচয় হয়। কিন্তু পরবর্তীকালে দেখা পাওয়া গেল তিনি সঙ্গীতের ওপরে বেশি করে আগ্রহ প্রকাশ করতে শুরু করেছেন। তার ফলে তিনি বার্লিন চলে গিয়েছিলেন। সেখানে তিনি পাশ্চাত্য সঙ্গীত শিক্ষা গ্রহণ করেন। ইউরোপের পড়াশুনা শেষ করে ১৯২২ সালে তিনি ভারতে ফিরে আসেন। ভারতে ফিরে এসে তিনি ভারতের স্বাধীনতা সংগ্রামের সাথী হন। সেই সময়ে তিনি সুভাষচন্দ্র বোস, নজরুল এর সঙ্গে ওঠাবসা করতে শুরু করেন। তিনি বহু কংগ্রেসের সভায় স্বদেশি গান গেয়ে সবাইকে মুগ্ধ করে দিয়েছিলেন। সুভাষের খুবই পচ্ছন্দ ছিল দিলীপ কুমারের গান। তিনি প্রায় ৮০টি গানের বই লিখেছেন। সেই সব বইগুলি কলিকাতা বিশ্ববিদ্যালয়ের সঙ্গীত চর্চার পাঠ্য তালিকাভুক্ত হয়েছিল। মাত্র ৩১ বছর বয়সে তিনি আধ্যাত্মিক জগতে নিজেকে নিয়ে উপস্থিত হয়েছিলেন। ১৯২৮ সালে পণ্ডিচেরীতে গিয়ে অরবিন্দ আশ্রম থেকে দীক্ষা গ্রহণ করেন। অরবিন্দ তাঁকে বন্ধু এবং নিজের সন্তানের মতো ভালোবাসতে থাকেন। তিনি একবার দিলীপ কুমার রায়কে বলেছিলেন, স্বদেশি আন্দোলন না করেও দেশভক্ত হওয়া যায়। গানের মধ্যে দিয়ে দেশসেবক এবং স্বাধীনতা সংগ্রামী হওয়া সম্ভব। সেই কারণে দিলীপ কুমার দেশাত্ত্বববোধক গান নিয়েও চর্চা করতেন। দেশাত্ববোধক সঙ্গীত বাংলার তথা ভারতের স্বদেশি আন্দোলনকে আরও বেশি করে উজ্জীবিত করতো এতে কোনও সন্দেহ নেই। ১৯৫৬ সালে তিনি নাটক, সঙ্গীত আকাদেমির সর্ব্বোচ সম্মান লাভ করেন। দেশ স্বাধীনতা লাভ করলে তিনি সেই সময়ে স্বদেশি গান পরিবেশন করেছিলেন দিল্লিতে গিয়ে। ১৯৮০ সালে ৬ জানুয়ারি তিনি ইহলোক ত্যাগ করেন।

আমেরিকার প্রেসিডেন্ট পদের লড়াইতে ভারতীয় বংশোদ্ভূত নিকি হ্যালি

আমেরিকার প্রেসিডেন্ট পদে এবারে লড়াই করতে সিদ্ধান্ত গ্রহণ করেছেন রিপাবলিকান দলের সদস্যা নিকি হ্যালি। বর্তমান আমেরিকার ভাইস প্রেসিডেন্ট কমলা হ্যারিস ভারতীয় বংশোদ্ভত মার্কিন নাগরিক। এবারে আরও একজন সরাসরি প্রেডিন্টে পদে লড়াই করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন তিনিও ভারতীয় বংশোদ্ভুত মার্কিন নাগরিক। প্রাক্তন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সময় তিনি ছিলেন দক্ষিণ ক্যারোলাইনার গর্ভনর। তিনি পরিস্কার করে বলতে শুরু করে দিয়েছেন বিশ্বের সঙ্কটের সময়ে এখন একজন মহিলা আমেরিকার প্রেসিডেন্ট হওয়াটা খ ুবই জরুরী। বিশ্ব সঙ্কটের হাত থেকে আমেরিকাকে রক্ষা করতে পারে মহিলা প্রেসিডেন্ট। কারণ তাদের শক্তি খুবই বেশি। একজন পুরুষের চেয়ে একজন মহিলা বেশি সংগ্রাম করতে পারে। সংসারের অধিকাংশ কাজই মহিলা করে থাকে খুবই নিষ্ঠার সঙ্গে। একটি রাষ্ট্রকে সংসার বলে ভাবা যেতেই পারে। আমেরিকার সব নাগরিকেরা তাদের কাছে সন্তান সন্ততির মতো বলা যেতে পারে। সন্তান পালন করতে একটি মাকে বহু শ্রম করতে হয় এবং সতর্ক থাকতে হয়। বাইরে শত্রুর সঙ্গে সংগ্রাম করে ঘরকে রক্ষা করতে হয়। মহিলাদের চারিত্রিক গুণগুলি হল সংসারকে রক্ষা করা। সেই কারণে দেশকে রক্ষা করাটা একটি মহিলার পক্ষে মোটেই অসম্ভব নয়। আমেরিকার ভাইস প্রেসিডেন্ট পদে যদি একজন মহিলা হতে পারে তাহলে প্রেসিডেন্ট পতে কেন একজন মহিলা হতে পারবেন না। প্রেসিডেন্ট হওয়ার সব গুণ একজন মহিলার রয়েছে। একে একেবারে অস্বীকার করা যাবে না। আগামী প্রেসিডেন্ট নির্বাচনে দৌড়ে সামিল হতে চলেছেন নিকি হ্যালি। তিনি বলেছেন, তাঁর কাছে এই মুহূর্তে আদর্শগত মহিলা হলেন কমলা হ্যারিস। তিনি কমলা হ্যারিসের মতো আমেরিকার নির্বাচনে অংশ গ্রহণ করতে চান। আগেও তিনি রিপাবলিকান দলের হয়ে নির্বাচনে অংশ গ্রহণ করার ইচ্ছা প্রকাশ করেছেন। গর্ভনর ছিলেন। এবারে সেখান থেকে একেবারে প্রেসিডেন্ট পদে লড়াই করা ব্যাপারে মনস্থির করতে শুরু করেছেন। রাষ্ট্রপুঞ্জে তিনি আমেরিকার হয়ে রাষ্ট্রদূতের দায়িত্বও পালন করেছেন। আন্তর্জাতিক রাজনীতি সম্পর্কে তাঁর অভিজ্ঞতা রয়েছে। তবে তিনি যে দল করেন সেই দলের অন্যতম সদস্য ডোনাল্ড ট্রাম্প আবার প্রেসিডেন্ট পদের জন্য প্রার্থী হওয়ার সিদ্ধান্ত গ্রহণ করেছেন। এই নিকি হ্যালি একটি সময়ে সম্ভবত ২০১৮ সালে ট্রাম্প প্রশাসনে থেকে ইস্তাফাও দিয়েছিলেন। তিনি ট্রাম্পের সমালোচক ছিলেন। ট্রাম্পের সমর্থকদের সেনেট হামলাকে গণতন্ত্রের ওপরে আঘাত বলে তিনি মন্তব্য করেন। তিনি পরিস্কার করে বলে দিয়েছিলেন ট্রাম্প যেভাবে তাঁর উগ্র সমর্থকদের হয়ে কথা বলতে শুরু করে দিয়েছিলেন তাতেই গোটা আমেরিকার রাজনৈতিক পরিস্থিতি ভয়াবহ হয়ে উঠতে শুরু করে দিয়েছিল। নিকি একটি টিভি চ্যানেলে সাক্ষাৎ দেওয়ার সময়ে বলেছেন যে তিনি আগামি দিনে আমেরিকার প্রেসিডেন্ট পদে লড়াই করতে প্রার্থী হতে পারেন। তবে দল এ ব্যাপারে কী ভাবছে সেটাও তাঁকে দেখতে হবে। তিনি বলেছেন, প্রেসিডেন্ট পদে লড়াই করার আগে দুটি বিষয়ের দিকে খেয়াল রাখতে হবে। জানতে হবে বর্তমান পরিস্থিতিতে তার মতো কোনও নেতার প্রয়োজন রয়েছে কিনা। তারপরে দেখতে হবে আমি সেই নেতার হওয়ার যোগ্যতা অর্জন করতে পেরেছি কিনা। নতুন পথের দিশা দেখাতে পারবো কিনা তাও খতিয়ে দেখ তে হবে। আমার মন কিন্তু বলতে শুরু করে দিয়েছে যে আমি সেটা করতে পারবো। তিনি ট্রাম্প জামানায় গর্ভনর এবং রাষ্ট্রপুঞ্জের সফল কূটনীতিক হিসাবে নিজেকে তুলে ধরতে সক্ষম হয়েছিলেন। তিনি বলেছেন, ট্রাম্পের কালে খুবই ভয়ানক পরিস্থিতি তৈরি হয়ে গিয়েছিল আমেরিকাতে। করোনা আমেরিকাকে গ্রাস করতে শুরু করে দিয়েছিল। চিনের হুমকি দিচ্ছিল। করোনা সঙ্গে মোকাবিলা করতে আমেরিকা প্রশাসনকে খুবই সক্রিয় হতে হয়েছিল। করোনা সংক্রমণ যেভাবে আমেরিকাকে গ্রাস করতে শুরু করে দিয়েছিল তাতে গোটা আমেরিকার পরিস্থিতি খুবই ভয়াবহ হয়ে উঠতে থাকে। তার হাত থেকে কীভাবে আন্তর্জাতিক সমঝোতার মধ্যে দিয়ে আমেরিকাকে রক্ষা করা সম্ভব হতে পারে তা নিয়ে নিকি কুবই চিন্তা করেছেন এবং কূটনৈতিক লড়াই করতে শুরু করে দিয়েছিলেন। আফগান থেকে সেনা সরানোর সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছিল। তার ফলে একটি আন্তর্জাতিক রাজনীতি চাপ দেখা দিতে শুরু করে। আফগান তালিবানদের হাতে চলে গেলে কী ধরনের সিদ্ধান্ত গ্রহণ করবে আমেরিকা তাও আলোচনার বিষয়বস্তু হয়ে উঠে। প্রাক্তন প্রেসিডেন্ট ডোনাল্ট ট্রাম্পের জয়ে ব্যাপারে রাশিয়ার হাত ছিল বলে যে কথা উঠতে শুরু করে দিয়েছিল তা নিয়ে তদন্ত শুরু হয়ে গিয়েছিল। তার ওপরে ফ্লয়েড হত্যাকে কেন্দ্র করে বিশ্ব উত্তাল হয়ে উঠতে শুরু করেছিল। গোটা বিশ্বকে ব্লাক লাভার্স আন্দোলন গ্রাস করতে শুরু করে দিয়েছিল। শ্বেতাঙ্গ এবং কৃষ্ণাঙ্গদের মধ্যে দাঙ্গা বাঁধতে শুরু করে দিয়েছিল। এই রকম ভয়ঙ্কর পরিস্থিতির সঙ্গে মোকাবিলা করতে হয়েছে নিকি হ্যালিকে। খুবই ঠাণ্ডা মাথায় তিনি এ ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করতে একেবারে পিছু পা হননি। আসলে কখন কী রকম পরিস্থিতি তৈরি হয় তা আগমা বলা একেবারে সম্ভব হয় না। সেই কারণে খুব দ্রুত সঠিক সিদ্ধান্ত গ্রহণ করে সমস্যা সমাধান করার পথ তৈরি করতে হয়। এবারে ভারতের লোকসভার নির্বাচনও ২০২৪ সালে। আবার আমেরিকার প্রেসিডেন্ট নির্বাচন ২ মে ২০২৪ সালে। একই সালে পড়েছে বিশ্বের দুই গণতান্ত্রিক দেশের নির্বাচন। গণতন্ত্রকে টিকিয়ে রাখার নির্বাচন। এই নির্বাচনে আবার ডেমোক্রাটিক দলের প্রার্থী হতে পারেন বর্তমান ভাইস প্রেসিডেন্ট কমলা হ্যারিস। সেই রকম আভাস পাওয়া যেতে শুরু করে দিয়েছে। আর রিপাবলিকান দলের হয়ে প্রেসিডেন্ট প্রার্থী হতে পারেন নিকি হ্যালি। দুই মহিলার প্রেসিডেন্ট পদের লড়াই দখার জন্য আমেরিকার ভোটাররা অধীর আগ্রহে অপেক্ষা করে রয়েছে বলে জানতে পারা গিয়েছে। তবে কতখানি তা সফল হবে তা কিন্তু এখনই বলা সম্ভব হচ্ছে না। দুই দলের অধিকাংশ নেতারা এই দুই মহিলাকে সমর্থন দিলেই তবে তারা আমেরিকার প্রেসিডেন্ট পদে লড়াই করার যোগ্যতা অর্জন করতে পারবে বলে জানতে পারা গিয়েছে। তবে ট্রাম্পের জেতার আশা একেবারে কম বলা যেতে পারে। তার একটি মাত্র কারণ হচ্ছে প্রেসিডেন্টপদে পরাজিত হয়েছে জেনেও পদটিকে অঁকড়ে ধরে থাখার জন্য তাঁর ক্রমাগত আইনী লড়াই করে যাওয়া এবং তারপরে আমেরিকার সেনাদের বলা হয়েছিল ট্রাম্প বিরোধীদের গ্রেফতার করতে। কিন্তু আমেরিকার সেনা প্রধান নির্বাচনে পরাজিত প্রেসিডেন্ট ট্রাম্পের কথাকে একেবারে গুরুত্ব দেয়নি। আমেরিকার গণতান্ত্রিক সম্মানকে একেবারে ভূলুণ্ঠিত করে দিয়ে গিয়েছিলেন ট্রাম্প। এবারে তার সংশোধন করার চেষ্টা করলেও আমেরিকার নাগরিকদের কাছে ট্রাম্প খুব জনপ্রিয় প্রার্থী নন সেটা পরিস্কার। সেই কারণে দল একজন মহিলা প্রার্থীকে আমেরিকার প্রেসিডেন্ট পদে প্রার্থী করতে ইচ্ছা প্রকাশ করেছে মাত্র। চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়নি। নিকি হ্যালি মন্তব্য করেছেন, তিনি জো বাইডেনের বিরুদ্ধে লড়াই করতে নামবেন। জো বাইডনের বয়স আশি বছর হতে চলল। উনাকে দ্বিতীয়বার আমেরিকার প্রেসিডেন্ট পদে বসতে দেওয়া যেতে পারে না। নিকি হালির বাবা মা পাঞ্জাব থেকে আমেরিকায় বসবাস করতে গিয়েছিলেন। মহান আমেরিকার স্বপ্নকে আঁকড়ে ধরে নিকি বড় হয়েছেন। এখন আমেরিকাকে পরিচালনা করার জন্য অল্প বয়সের ব্যক্তির খুবই প্রয়োজন। অল্প বয়সের আমেরিকার প্রেসিডেন্ট হলে অনেক স্বপ্ন এবং আশার আলো দেখাতে সক্ষম হবে বলে নিকি বিশ্বাস করেন।

সোমবার মালদায় নেতাজি সুভাষ চন্দ্র বসুর ১২৬তম জন্মদিবস পালন।-নিজস্ব চিত্র।

আলিপুরদুয়ারে নেতাজি জয়ন্তী মহা সমারোহে

দুরন্ত বার্তা, আলিপুরদুয়ার, ২৩ জানুয়ারি ঃ মহা সমারোহে আলিপুরদুয়ারে পালিত হল নেতাজির ১২৬তম জন্মজয়ন্তী। এদিন আলিপুরদুয়ার পুরসভার উদ্যোগে নেতাজী মূর্তিতে মাল্যদান করা হয়। এছাড়া শহরে ম্যারাথন দৌড় প্রতিযোগিতা সহ নানা সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। ভারত স্কাউট এন্ড গাইডের পক্ষ থেকে সোমবার কালচিনি ব্লকের লতাবাড়ি গ্রামীন হাসপাতালে সাফাই অভিযান কর্মসূচি পালন করা হল। এদিন ভারত স্কাউট এন্ড গাইডের ডিমা ডিভিশনের তরফে নেতাজীর জন্মজয়ন্তী উপলক্ষে এই কর্মসূচি গ্রহণ করা হয়। এ বিষয়ে ভারত স্কাউট এন্ড গাইডের ডিমা ইউনিটের চেয়ারম্যান কোমল কুজুর জানান, এই অভিযান ছাড়াও আজ আমরা ব্লকের বিভিন্ন চা বলয় ঘুরে ঘুরে মানুষকে সচেতন করবো, যাতে সকলেই নিজেদের এলাকা পরিস্কার-পরিচ্ছন্ন রাখে এবং এই স্বচ্ছতা অভিযানে যাতে তারাও আমাদের পাশে এসে দাঁড়ায়। কালচিনি ব্লকে এদিন হ্যামিল্টনগঞ্জ ডিপো পাড়া এলাকায় যুব সংঘের পক্ষ নেতাজী সুভাষ চন্দ্র বোসের আবক্ষ মূর্তি উন্মোচিত করা হয় এবং নেতাজী জন্মজয়ন্তী উপলক্ষে বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। যেখানে এলাকার ছাত্র-ছাত্রীদের দ্বারা বিভিন্ন অনুষ্ঠান আয়োজিত হয়। এদিনের অনুষ্ঠানে এলাকার বিশিষ্টজনেরা উপস্থিত ছিলেন।

উদ্বোধনে মুখ্যমন্ত্রী

দুরন্ত বার্তা, শিলিগুড়ি, ২৩ জানুয়ারি ঃ শিলিগুড়ির শালবাড়ির কৃষক বাজারে সুফল বাংলার বিক্রয় কেন্দ্র ও ৮টি চলমান সবজি বিক্রয় কেন্দ্রের ভার্চুয়ালি উদ্বোধন করলেন রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। মুখ্যমন্ত্রীর উদ্বোধনের সাথেই শিলিগুড়ির সালবাড়িতে অনুষ্ঠান মঞ্চ থেকে চলমান সবজি বিক্রয় কেন্দ্র এবং এই শালবাড়ির সবজি বিক্রয় কেন্দ্রের উদ্বোধন করেন রাজ্যের বিদ্যুৎ ও যুব কল্যাণ দপ্তরের মন্ত্রী অরূপ বিশ্বাস, শিলিগুড়ির মেয়র গৌতম দেব, ডেপুটি মেয়র রঞ্জন সরকার, শিলিগুড়ি মহাকুমা পরিষদের সভাধিপতি অরুণ ঘোষ , শিলিগুড়ি পুলিশ কমিশনার অখিলেশ চতুর্বেদী, দার্জিলিং জেলার জেলাশাসক এস পুন্নম্বলাম সহ অন্যান্য অতিথিরা। সোমবার দুপুর ১টা নাগাদ সবুজ পতাকা নাড়িয়ে এই চলমান সবজি বিক্রয় যানের সূচনা করা হয়। জানা গিয়েছে শিলিগুড়ি শহর এবং মহকুমায় মোট আটটি যানবাহন উদ্বোধন করা হয়। তার পাশাপাশি শিলিগুড়ির শালবাড়ির বিক্রয় কেন্দ্র সহ আরও ২৪ টি অর্থাৎ শিলিগুড়ি এবং মহকুমা জুড়ে মোট ২৫ টি সুফল বাংলা বিক্রয় কেন্দ্রের উদ্বোধন করা হয়। এর মধ্য থেকে কৃষকেরা নিজের উৎপাদিত সবজি ক্রেতারা বিক্রি করতে পারবেন এবং ক্রেতারাও কম মূল্যে সেই সবজি পাবেন।

দেওয়াল লিখন করে ফতোয়া গ্রামবাসীদের

নেতা-মন্ত্রী ও দিদির দূতদের গ্রামে প্রবেশে নিষেধাজ্ঞা জারি

তনুজ জৈন, মালদা, ২৩ জানুয়ারি ঃ দীর্ঘদিন ধরে বেহাল অবস্থা রাস্তার। পানীয় জল নিয়েও সমস্যা। স্থানীয় প্রশাসন এবং জনপ্রতিনিধিদের বারবার বললেও হয়নি সুরাহা। তাই নিজেদের দাবি আদায় করতে এবার অভিনব প্রতিবাদ গ্রামবাসীর। গ্রামের দেওয়ালে দেওয়ালে লিখে দেওয়া হচ্ছে নেতা-মন্ত্রীদের প্রবেশ নিষেধ। ঢুকতে দেওয়া হবে না দিদির দূতদের। যতদিন তাদের সমস্যার সমাধান না হয় ততদিন তারা এই সিদ্ধান্তেই অনড় থাকবেন সাফ জানিয়ে দিল এলাকাবাসী। দেওয়াল লিখনের সাথে সাথে বিক্ষোভ এলাকার মহিলাদের। যা নিয়ে শুরু হয়েছে রাজনৈতিক তরজা। তৃণমূলকে তীব্র কটাক্ষ বিজেপির। বিরোধীদের চক্রান্ত পাল্টা দাবি তৃণমূলের। মালদা জেলার ওল্ড মালদা ব্লকের মঙ্গলবাড়ী গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত পাশিপাড়া এলাকার ঘটনা। সামনেই পঞ্চায়েত ভোট। জনসংযোগ বাড়াতে মমতা ব্যানার্জির নির্দেশে শুরু হয়েছে দিদির দূত কর্মসূচি। এলাকায় এলাকায় গিয়ে মানুষের অভাব-অভিযোগ শুনছেন জনপ্রতিনিধিরা। সেই কর্মসূচি চলাকালীনই এই ধরনের দেওয়াল লিখন সামনে এলো পাশিপাড়া এলাকায়। এলাকাবাসীর অভিযোগ দীর্ঘদিন ধরে গ্রামের রাস্তার অবস্থা বেহাল। পানীয় জল নিয়েও প্রচন্ড সমস্যা। কিন্তু পঞ্চায়েতে ব্লকে বারবার জানালেও কোন সুরাহা হয়নি। তাই এবার সমস্যার সমাধান না হওয়া পর্যন্ত গ্রামে নেতা-মন্ত্রীদের প্রবেশ নিষিদ্ধ। করতে দেওয়া হবে না কোনো রকম রাজনৈতিক কর্মসূচি বা মিটিং। ঢুকতে দেওয়া হবে না দিদির দূতদের। দরকার হলে করা হবে ভোট বয়কট। সাফ বক্তব্য এলাকাবাসীর। দেওয়াল লিখনে সামিল এলাকার মহিলারাও। এদিকে এই দেওয়াল লিখন সামনে আসতেই শোরগোল পড়ে গেছে জেলা রাজনৈতিক মহলে। মানুষ এবার জেগে গেছে। দিদির দূতদের গ্রামে গেলে ভূত হয়েই ফিরতে হবে। তীব্র কটাক্ষ বিজেপির। বিরোধীরা মানুষকে বিভ্রান্ত করছে। এটা বিরোধীদের চক্রান্ত। পাল্টা সাফাই তৃণমূলের। পঞ্চায়েত ভোটের প্রাক্কালে তুঙ্গে রাজনৈতিক তরজা। স্থানীয় বাসিন্দা ফুলপরী চৌধুরী বলেন, আমরা কোন নেতা মন্ত্রী বা দিদির দূতদের ঢুকতে দেবো না। আগে আমাদের গ্রামের রাস্তা করে দিতে হবে। পানীয় জলের ব্যবস্থা করতে হবে। তার আগে পর্যন্ত প্রবেশ নিষেধ। স্থানীয় বাসিন্দা বিমল সরকার বলেন, আমরা বারবার জনপ্রতিনিধিদের জানিয়েছি। পঞ্চায়েত সমিতিকে জানিয়েছি। কিন্তু কোন কাজ হয়নি। তাই এবার কাজ না হওয়া পর্যন্ত আমরা কাউকে গ্রামে ঢুকতে দেবো না। প্রয়োজনে ভোট বয়কট করা হবে। ওল মালদা ব্লক পঞ্চায়েত সমিতির সভানেত্রী মৃণালিনী মাইতি বলেন, ওই বুথের পঞ্চায়েত সদস্য বিজেপির ছিলেন। কোন কাজ করেননি। সদ্য তৃণমূলে যোগ দিয়ে মানুষের জন্য কাজ করা শুরু করেছেন। বিরোধীরা মানুষকে বিভ্রান্ত করছে। এসব বিরোধীদের চক্রান্ত। জেলা বিজেপি কমিটির সদস্য কিষান কেডিয়া বলেন, দিদির দূতরা আর গ্রামে গ্রামে ঢুকতে পারবে না। মানুষ এবার জেগে গেছে। তৃণমূলের দিন শেষ। দূতদেরকে ভূত হয়ে ফিরতে হবে। রাজ্যজুড়ে দিদির দূত কর্মসূচি চলাকালীন জনপ্রতিনিধিদের সামনেই বিভিন্ন সময় মানুষের বিক্ষোভ সামনে আসছে। এবার দেওয়াল লিখে অভিনব প্রতিবাদ। যেভাবে মানুষের ক্ষোভের বহিঃপ্রকাশ ঘটছে তা তৃণমূলের অস্বস্তি বাড়াচ্ছে। মত রাজনৈতিক পর্যবেক্ষকদের।

সোমবার নেতাজি সুভাষচন্দ্র বসুর ১২৬তম জন্মবার্ষিকী অনুষ্ঠানে মাল্যদান করলেন বাঁকুড়ার জেলাশাসক কে. রাধিকা আইয়ার, অতিরিক্ত জেলাশাসক (সাধারণ) প্রলয় রায়চৌধুরী, মহকুমাশাসক সুশান্ত কুমার ভক্ত ও বাঁকুড়া পৌরসভার পৌরপ্রধান অলকা সেন মজুমদার। -নিজস্ব চিত্র।

সরকারি চাকরি দেওয়ার নামে প্রতারণার অভিযোগে গ্রেফতার

দুরন্ত বার্তা, জলপাইগুড়ি, ২৩ জানুয়ারি ঃ সরকারি চাকরি দেওয়ার নামে প্রতারণার অভিযোগে এক ব্যক্তিকে গ্রেফতার করল জলপাইগুড়ির রাজগঞ্জ থানার পুলিশ। ধৃতের নাম শ্যামল বর্মন। বাড়ি বাগডোগরা থানার ভুবনগুড়িছাট গ্রামে। পলাতক আরেক অভিযুক্ত করিমুল হক। তার বাড়ি রাজগঞ্জ থানার তেওয়ারিপাড়ায়। পুলিশ সূত্রে জানা গিয়েছে, রাজগঞ্জের কুকুরজান গ্রাম পঞ্চায়েতের তেওয়ারিপাড়ার যুবক সাজ্জিত হোসেনকে ব্লকের ডাটা এন্ট্রি অপারেটর পদে চাকরি দেওয়ার নাম করে ২ লক্ষ ৪০ হাজার টাকা নেয় অভিযুক্তরা। একই এলাকার ভাঙ্গামালির নুর ইসলাম নামে এক যুবকের কাছ থেকেও ৩ লক্ষ ৫০ হাজার টাকা হাতিয়ে নেওয়া হয়েছে বলে অভিযোগ। প্রতারিত যুবক সাজ্জিত হোসেন জানিয়েছেন, ২০২০ সালের ফেব্রুয়ারি মাসে করিমুল নিজেকে সরকারি আধিকারিক পরিচয় দিয়ে বাগডোগরার শ্যামল বর্মনকে নিয়ে তাঁর বাড়িতে আসে। ডাটা এন্ট্রি অপারেটর পদে চাকরির প্রতিশ্রুতি দিয়ে প্রায় আড়াই লক্ষ টাকা নেয়। এলাকার আরেক যুবকের কাছ থেকে নেয় সাড়ে তিন লক্ষ টাকা। কিন্তু অনেকদিন পার হয়ে গেলেও চাকরির ব্যবস্থা হয়নি। টাকা ফেরত চাইলে দিতে টালবাহানা করে অভিযুক্তরা। গত বছর ৫০ হাজার টাকা ফেরতের জন্য একটি চেক লিখে দিলেও তা বাউন্স হয়ে যায়। একইভাবে অন্য যুবককে ২ লক্ষ টাকা ফেরতের জন্য চেক দিলেও সেই চেকও বাউন্স হয়ে যায়। গোটা ঘটনা জানিয়ে পুলিশের কাছে লিখিত অভিযোগ জানানোর পর রবিবার গভীর রাতে রাজগঞ্জ থানার পুলিশ বাগডোগরা থেকে শ্যামল বর্মনকে গ্রেফতার করে। আরেক অভিযুক্ত করিমুল হক আগাম জামিনের জন্য আদালতে আবেদন করলেও তা বাতিল হয়ে যায়। তার খোঁজ চালাচ্ছে পুলিশ। যদিও টাকা নেওয়ার কথা অস্বীকার করেছে অভিযুক্ত শ্যামল। এর আগেও শ্যামল বর্মন একইভাবে প্রতারণার অভিযোগে মাটিগাড়া থানার পুলিশের হাতে ধরা পড়ে অনেকদিন জেল খেটেছে বলে জানিয়েছে পুলিশ। সোমবার ধৃতকে জলপাইগুড়ি আদালতে পাঠানো হয়। রাজগঞ্জ থানার পুলিশ জানিয়েছে, ঘটনার তদন্ত করা হচ্ছে।

২৫ ফুটের নেতাজি সুভাষচন্দ্র বসুর ছবি এঁকে চমক পড়ুয়ার

দুরন্ত বার্তা, আসানসোল, ২৩ জানুয়ারি ঃ পূর্ব বর্ধমানের আসানসোলের মহিশীলা কলোনি স্কুলে ২৫ ফুটের নেতাজি সুভাষচন্দ্র বসুর ছবি এঁকে চমকে দিল এক পড়ুয়া। ওই পড়ুয়া স্কুলের দশম শ্রেণীর ছাত্র অপূর্ব দত্ত। ১০০টি আর্ট পেপার জুড়ে ২৫ ফুট বাই ১৮ ফুট একটি নেতাজি ছবি এঁকেছে সে। ইতিমধ্যেই অপূর্ব রেকর্ডের জন্য ছবিটিকে বিভিন্ন সংস্থার কাছে পাঠিয়েছে। অপূর্বর দাবি ইন্ডিয়া বুক অফ রেকর্ড তার আঁকাকে স্বীকৃতি দিয়েছে। ছবিটিকে নিয়ে মানুষের উৎসাহের সীমা নেই। অপূর্ব জানিয়েছে সে কখনোই ছবি আঁকা শেখেনি। নিজের থেকেই সে ছবি আঁকতো। নানান শিল্পকর্মের সঙ্গে সে যুক্ত। বিশালাকার ওই নেতাজির ছবি ঘিরে উৎসাহ ছড়িয়েছে ওই স্কুলে। অপূর্ব দত্ত জানিয়েছে, স্কুলের হলঘরে এই ছবিটি আঁকা হয়েছে। মোট পাঁচ দিন সময় লেগেছে এই ছবিটি আঁকতে। স্কুলের বন্ধুরা তাকে রং করতে সাহায্য করেছে। স্কুলের মাস্টারমশাইরাও খুব খুশি অপূর্ব এই শিল্পকর্ম দেখে। অপূর্ব জানিয়েছে নেতাজি নামটার সঙ্গেই মনের ভেতর গভীর একটা আবেগ কাজ করে সেই আবেগ থেকেই এই ছবিটি এঁকেছে। অপূর্ব বলে, নেতাজি এমন এক ব্যক্তি, যাঁর নাম শুনলেই রক্ত গরম হয়। আসানসোলবাসীকে আমি নেতাজির ছবি উপহার দিতে চেয়েছিলাম। এ বছর মাধ্যমিক দেব। তবে এই ছবি আঁকার দিনগুলিতে পড়াশোনা হয়নি। ছবি আঁকতে ২ দিন, রং করতে ৩ দিন লেগেছে। মোট ৫ দিন লেগেছে। এই ছবি আঁকতে পেরে আমি খুব খুশি। অপূর্বর ওই সৃষ্টিতে গর্বিত তাঁর স্কুলের শিক্ষকরাও।

দক্ষিণ পূর্ব রেলওয়ে - টেন্ডার

টেন্ডার বিজ্ঞপ্তি নং ঃ টিআরডি-কেজিপি-অনু-২০২২-২৩-১৮, তারিখ ঃ ২০.০১.২০২৩। ভারতের রাষ্ট্রপতির তরফে সিনিয়র ডিইই/টিআরডি, দক্ষিণ পূর্ব রেলওয়ে, খড়্গপুর-৭২১৩০১ নিম্নলিখিত কাজের জন্য সামগ্রীর পাশে উল্লিখিত তারিখে দুপুর ৩টার আগে ই-টেন্ডার আহ্বান করছেন যেটি দুপুর ৩.৩০ মিনিটে খোলা হবে। কাজের বিবরণ ঃ [illegible] ২ বছরের জন্য টিআরডি অ্যাসেটগুলির রক্ষণাবেক্ষণ তথা ব্রেকডাউন অবস্থা থেকে পুনরায় কার্যোপযোগী করার কাজে ব্যবহারের জন্য ০১ টি [illegible] ট্রাক ভাড়া করা। টেন্ডার মূল্যমান ঃ ৯,৭২,৮৮৮ টাকা। ইএমডি ঃ ১৯,৫০০ টাকা। টেন্ডার নথির মূল্য ঃ শূন্য। খোলার তারিখ ঃ ১০.০২.২০২৩। সম্পাদনের সময়সীমা ঃ ২৪ মাস। জমার তারিখ ঃ ১০.০২.২০২৩ তারিখ দুপুর ৩টা পর্যন্ত। টেন্ডারের সম্পূর্ণ বিশদ, বিবরণ, স্পেসিফিকেশন সম্পর্কে জানতে ও অনলাইনে বিড জমা করতে আগ্রহী টেন্ডারদাতারা ওয়েবসাইট www.ireps.gov.in দেখতে পারেন। এই কাজের জন্য কোন ক্ষেত্রেই ম্যানুয়াল টেন্ডার গ্রাহ্য হবে না। দ্রষ্টব্য ঃ [illegible] www.ireps.gov.in দেখতে পারেন। (PR-1041)

Notice of E-Tender

Application are invited from benefit contractors or suppliers vide **NIT Bearing No.-13/BALLY-II G.P/2023, dated-24/01/2023.** This said tenders may be found at **www.wbtender.gov.in**. Date of published- **24/01/2023.** Last date of submission-**30/01/2023 at 1 pm.** Nature of works: 4Nos. of Tubewell.

Sd/- Pradhan
Bally-II GP

নেতাজির জন্মদিবসে ধুন্ধুমার মুর্শিদাবাদে

দুরন্ত বার্তা, মুর্শিদাবাদ, ২৩ জানুয়ারি ঃ ২৩ জানুয়ারি দেশজুড়ে নেতাজি সুভাষচন্দ্র বসুর ১২৬ তম জন্মজয়ন্তী পালন করা হল শ্রদ্ধার সাথে। এদিন নেতাজির জন্মদিবস পালনকে কেন্দ্র করে ইতিমধ্যেই শুরু হয়ে গিয়েছে রাজনৈতিক তরজা। বিজেপি থেকে শুরু করে কংগ্রেস, সিপিএম, তৃণমূল প্রত্যেক রাজনৈতিক দলই নেতাজির জন্মদিবস নিয়ে একে অপরকে আক্রমণ পালটা আক্রমণ করেছে। আর এবার নেতাজির জন্মদিবসকে কেন্দ্র করে ধুন্ধুমার বাঁধল মুর্শিদাবাদের ইসলামপুরে। এদিন মূলত ঝামেলার সূত্রপাত নেতাজি সুভাষচন্দ্র বসুর মূর্তিতে মালা দেওয়াকে কেন্দ্র করে। মুর্শিদাবাদের ইসলামপুরে ফরওয়ার্ড ব্লক নেতা-কর্মীদের মারধর করা হয়েছে বলে অভিযোগ। এই অভিযোগ উঠেছে তৃণমূল কংগ্রেসের নেতা-কর্মীদের বিরুদ্ধে। নেতাজির জন্মদিবস উপলক্ষে ফরওয়ার্ড ব্লকের জেলা সভাপতি তথা প্রাক্তন বিধায়ক বিভাস চক্রবর্তীর নেতৃত্বে কর্মীরা এদিন মিছিল করেন। সেই মিছিলে রানীনগর ১ তৃণমূল ব্লক সভাপতি মোস্তফা সরকার ওরফে নেতাজুলের নেতৃত্বে হামলা চালানো হয় বলে অভিযোগ। বিভাস চক্রবর্তীর অভিযোগ, এদিন প্রশাসনের অনুমতি নিয়ে মিছিল করা হচ্ছিল। তারপরেও নেতাজুল ইসলাম লাঠি নিয়ে আমাদের কর্মী-সমর্থকদের ওপর হামলা করেন। আমাকেও বুকে ঘুষি মারা হয়। ব্যাজ কেড়ে নেওয়া হয়। কর্মীদের উপর হামলা করা হয়। পরিকল্পিতভাবে এই হামলা চালানো হয়েছে বলে তিনি অভিযোগ জানিয়েছেন। এমনকী আক্রান্ত হয়েছেন সাংবাদিকরাও। এই ঘটনার ছবি তুলতে গিয়ে সংবাদ মাধ্যমের প্রতিনিধিরা আক্রান্ত হয়েছেন বলে অভিযোগ। ঘটনায় তিনজন ফরওয়ার্ড ব্লক কর্মী আহত হয়েছেন বলে খবর। তাঁদেরকে ইতিমধ্যেই হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছে। উত্তেজনার জেরে মাল্যদান এবং পুস্পার্ঘ্য নিবেদন স্থগিত হয়ে যায় সেখানে। পরে ঘটনাস্থলে পৌঁছয় ইসমামপুর থানার পুলিশ। সেখানে তারা পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। ঘটনায় এখনও পর্যন্ত কাউকে গ্রেফতার করা হয়নি।

জলপাইগুড়ি পুলিশের সচেতনতা শিবির

দুরন্ত বার্তা, জলপাইগুড়ি, ২৩ জানুয়ারি ঃ চোখের দৃষ্টি যেন ভালো থাকে, তাই পুলিশ, বালি-পাথর পরিবহন সমিতি ও স্বেচ্ছাসেবী সংগঠনের যৌথ উদ্যোগে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হল। দুর্ঘটনা এড়াতে জলপাইগুড়ি ট্রাফিক পুলিশ জলপাইগুড়ি বালি-পাথর পরিবহন সমিতি ও স্বেচ্ছাসেবী সংগঠনের যৌথ এই অভিনব উদ্যোগ। জাতীয় সড়কের ধারে গোসলা মোড়ে সোমবার অনুষ্ঠিত হলো জেলা পুলিশের উপস্থিতিতে চক্ষু পরীক্ষা শিবির। এই শিবিরে বিভিন্ন গাড়ি চালকেরা চোখ পরীক্ষা করে নিচ্ছে। বিনামূল্যে চশমা বিতরণের পাশাপাশি চক্ষু অপারেশনের সুবিধাও রয়েছে। শুধু তাই নয়, যেসব দূরপাল্লার গাড়ি থামিয়ে তাদেরও চক্র পরীক্ষা করাচ্ছে জেলা ট্রাফিক পুলিশ। কারণ চোখ যদি ভালো থাকে তাহলে দুর্ঘটনা কেমন ভাবে হবে না। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জলপাইগুড়ির অতিরিক্ত পুলিশ সুপার সন্দীপ সেন।

হাওড়া পৌর নিগম

৪, মহাত্মা গান্ধী রোড, হাওড়া-৭১১১০১

নং. ডব্লুবি-এইচএমসি/টিএন/ইডি/স্বাস্থ্য/৬২৫/২০২২-২০২৩ তারিখ ১৮.০১.২০২৩

ই-টেন্ডার নোটিস

প্রস্তাবিত ফর্মে ই-টেন্ডার নোটিস আহ্বান করছেন এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ার, হাওড়া পুরনিগম বর্তমানে থাকা পলি ক্লিনিক ও ডায়াগনিস্টিক সেন্টার নবীকরণ করার কাজ অধীন ওয়ার্ড নং. ৪ ও ১৯ হাওড়া পৌর নিগম অধীন প্রতিষ্ঠিত, সম্পদশালী ও বিশ্বস্ত ঠিকাদারদের কাছ থেকে যাদের প্রভূত অভিজ্ঞতা রয়েছে একই ধরণের কাজে। অনুসারী বিস্তারিত তথ্যাবলী পাওয়া যাবে ই-টেন্ডার নোটিস ও এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ার বিভাগে/ www.wbtenders.gov.in। দরপত্র জমা বন্ধের তারিখ ঃ ০১.০২.২০২৩ বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত। কোনরূপ কারণ উল্লেখ না করে কোন আবেদন গ্রহণ ও বাতিল করার অধিকার সংরক্ষিত রয়েছে এইচএমসি কর্তৃপক্ষের।

এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ার
হাওড়া পৌর নিগম

৩২২(২)/২২-২৩ ২১.০১.২০২৩

TARAKESWAR MUNICIPALITY
e-Tender Notice

e-Tender Notice The Chairman, Tarakeswar Municipality invites of e-tender of the following tender ID of SWM works under Tarakeswar Municipality: Supply of one no Tractor trailor for SWM work of Tarakeswar Municipality

Sl. No	Tender for	e-Bid submission start date	e-Bid submission end date	Technical Bid Opening date
1	2023_MAD_453792_1	24.01.23	07.02.23	09.02.23

Details information will be available from the website- **http://wbetenders.gov.in**

Sd/-Chairman
Tarakeswar Municipality

OFFICE OF THE FRESERGANJ GRAM PANCHAYAT
FRESERGANJ, P.O.- FRESERGANJ, P.S.-FRESERGANJ COASTAL, NAMKHANA, SOUTH 24 PAGS
Notice Inviting e-tender NO.-11/ (2022-2023), Date-19/01/2023

E-Tender is invited by the Prodhan (on behalf of ortho-o -parikalpana upo-samity), Freserhanj Gram Panchayat from experienced and resourceful bidders for total 6(Six)Nos. similar nature of works. Source of Fund: XV FC 1st inst. Tied/(22-23). Time of Time of completion 30 days. E-Tender document downloading from **21/01/2023 at 11:00 am up to 30/01/2023 at 04:30 pm.** Bid submission closing(online) on **30/01/2023 up to 4:30 pm.** Date of opening of bid(online): **03/02/2023 at 1:30 pm.** For details please visit website **https://wbtenders.gov.in**

Sd/- Pradhan
Freserganj Gram Panchayat

OFFICE OF THE FRESERGANJ GRAM PANCHAYAT
FRESERGANJ, P.O.- FRESERGANJ, P.S.-FRESERGANJ COASTAL, NAMKHANA, SOUTH 24 PAGS
Notice Inviting e-tender NO.-12/ (2022-2023), Date-19/01/2023

E-Tender is invited by the Prodhan (on behalf of ortho-o -parikalpana upo-samity), Freserhanj Gram Panchayat from experienced and resourceful bidders for total 5(Five)Nos. similar nature of works. Source of Fund: XV FC 1st inst. Un-Tied/(22-23). Time of Time of completion 30 days. E-Tender document downloading from **21/01/2023 at 11:00 am up to 30/01/2023 at 04:30 pm.** Bid submission closing(online) on **30/01/2023 up to 4:30 pm.** Date of opening of bid(online): **03/02/2023 at 1:30 pm.** For details please visit website **https://wbtenders.gov.in**

Sd/- Pradhan
Freserganj Gram Panchayat

OFFICE OF THE HARIPUR GRAM PANCHAYAT
HARIPUR, P.O.-HARIPUR, P.S. - NAMKHANA, SOUTH 24 PAGS
Notice Inviting e-tender NO.-20/ (2022-2023), Date-20/01/2023

E-Tender is invited by the Prodhan (on behalf of ortho-o -parikalpana upo-samity), Haripur Gram Panchayat from experienced and resourceful bidders for total 8(Eight)Nos. different works. Work completion period: 30 days. E-Tender document downloading from **22/01/2023 at 11:00 am up to 30/01/2023 at 04:30 pm.** Bid submission closing(online) on **30/01/2023 up to 4:30 pm.** Date of opening of bid(online): **03/02/2023 at 1:30 pm.** For details please visit website **https://wbtenders.gov.in**

Sd/- Pradhan
Haripur Gram Panchayat

OFFICE OF THE HARIPUR GRAM PANCHAYAT
HARIPUR, P.O.-HARIPUR, P.S. - NAMKHANA, SOUTH 24 PAGS
Notice Inviting e-tender NO.-21/ (2022-2023), Date-20/01/2023

E-Tender is invited by the Prodhan (on behalf of ortho-o -parikalpana upo-samity), Haripur Gram Panchayat from experienced and resourceful bidders for total 5(Five)Nos. different works. Work completion period: 30 days. E-Tender document downloading from **22/01/2023 at 11:00 am up to 30/01/2023 at 04:30 pm.** Bid submission closing(online) on **30/01/2023 up to 4:30 pm.** Date of opening of bid(online): **03/02/2023 at 1:30 pm.** For details please visit website **https://wbtenders.gov.in**

Sd/- Pradhan
Haripur Gram Panchayat

OFFICE OF THE JHALDA-II PANCHAYAT SAMITY
At-Kotshila, PO-Jiudaru, PS-Kotshila, Dist.-Purulia, 723213
Memo. No. 60/EO/JLD-II, Dated: 20/01/2023
Notice

Executive Officer, Jhalda-II Panchayat Samity invites E-tender as follows: **NIeT No.-10(e)/EO/JLD-II/2022-23 dt 20.01.2023,** for 5 nos. of scheme **(Tender ID 2023_ZPHD_454874_1 TO 2023_ZPHD_454874_6)** within the jurisdiction of Jhalda-II Panchayat Samity. Last Date of tender submission is **01.02.2023 up to 5-00 pm** respectively. Details may be obtained from website: **https://wbtenders.gov.in**

Sd/- Executive Officer
Jhalda-II Panchayat Samity

E-TENDER

NIT NO :- 11/RAM/E-TENDER/15 th FC(Tied Fund)/2022-23, Date:- 20/01/2023
Memo No- 09/RAM/15 th FC (Tied Fund)/2022-23 , Date :- 20/01/2023
Name of Work :- Upgradation of Pucca Drain with Cover Slab from Land of Basudeb Kha to Singur Bill via side of Pipli 2 Nos Dairy Milk Samity at Mouza – Pipli, Sansad No- I under Ramnagar G.P. of Gaighata Block. **(Activity Id – 59298629) (2023_ZPHD_451674_1)**

NIT NO :- 11/RAM/E-TENDER/15 th FC(Tied Fund)/2022-23, Date:- 20/01/2023
Memo No- 09/RAM/15 th FC (Tied Fund)/2022-23 , Date :- 20/01/2023
Name of Work :- Upgradation of Pucca Drain from house of Hari Sarkar to Land of Nanda Halder at Mouza – Purandarpur, Sansad No- XIII under Ramnagar G.P. of Gaighata Block. **(Activity Id – 59342056) (2023_ZPHD_451762_1)**

NIT NO :- 11/RAM/E-TENDER/15 th FC(Tied Fund)/2022-23, Date:- 20/01/2023
Memo No- 09/RAM/15 th FC (Tied Fund)/2022-23 , Date :- 20/01/2023
Name of Work :- Upgradation of Pucca Drain with Cover Slab from Pond of Gopal Biswas to Ichhamati Ghat at Mouza – Subidpur, Sansad No- XVII under Ramnagar G.P. of Gaighata Block. **(Activity Id – 59349324) (2023_ZPHD_451831_1)**

NIT NO :- 12/RAM/E-TENDER/15 th FC/2022-23 Date:- 20/01/2023
Memo No- 10/RAM/E-TENDER/15 th FC(Untied Fund)/2022-23 Date :- 20/01/2023
Name of Work :- Upgradation of Cement Concrete road from Paka Rasta to house of Ramkrishna Mondal at Mouza – Sashadanga, Sansad No- VI under Ramnagar G.P. of Gaighata Block. **(Activity Id – 59519598) (2023_ZPHD_451946_1)**

NIT NO :- 12/RAM/E-TENDER/15 th FC/2022-23 Date:- 20/01/2023
Memo No- 10/RAM/E-TENDER/15 th FC(Untied Fund)/2022-23 Date :- 20/01/2023
Name of Work :- Upgradation of Cement Concrete road house of Mangal Roy to house of ParimalSantra at Mouza – Sashadanga, Sansad No- VII under Ramnagar G.P. of Gaighata Block. **(Activity Id – 59519667) (2023_ZPHD_452011_1)**

NIT NO :- 12/RAM/E-TENDER/15 th FC/2022-23 Date:- 20/01/2023
Memo No- 10/RAM/E-TENDER/15 th FC(Untied Fund)/2022-23 Date :- 20/01/2023
Name of Work :- Upgradation of Cement Concrete road from house of Gopal Tarafder to house of Aswani Mondal at Mouza –Garjala, Sansad No- IX under Ramnagar G.P. of Gaighata Block. **(Activity Id – 59519801) (2023_ZPHD_452416_1)**

NIT NO :- 12/RAM/E-TENDER/15 th FC/2022-23 Date:- 20/01/2023
Memo No- 10/RAM/E-TENDER/15 th FC(Untied Fund)/2022-23 Date :- 20/01/2023
Name of Work :- Upgradation of Cement Concrete road house of Gopal Patra to house of Kartick Mondal at Mouza – Beri, Sansad No- XIV under Ramnagar G.P. of Gaighata Block. **(Activity Id – 59520342) (2023_ZPHD_452451_1)**

NIT NO :- 12/RAM/E-TENDER/15 th FC/2022-23 Date:- 20/01/2023
Memo No- 10/RAM/E-TENDER/15 th FC(Untied Fund)/2022-23 Date :- 20/01/2023
Name of Work :- Upgradation of Cement Concrete road house of Pabitra Barman to house of Tulsi Adhikari at Mouza – Beri, Sansad No- XVI under Ramnagar G.P. of Gaighata Block. **(Activity Id – 59521004) (2023_ZPHD_452475_1)**

NIT NO :- 13/RAM/E-TENDER/PBG-IBRD/2022-23 Date:- 20/01/2023
Memo No- 11/RAM/E-TENDER/PBG-IBRD/2022-23 Date :- 20/01/2023
Name of Work :- UPGRADATION OF BLACK TOP ROAD FROM HOUSE OF AJIT MONDAL TO POND OF SHIBDAS BISWAS AT MOUZA - GARJALA, SANSAD - X, JL NO 107 UNDER RAMNAGAR G.P. OF GAIGHATA BLOCK. **(Activity Id – 40064562) (2023_ZPHD_452453_1)**

NIT NO :- 14/RAM/E-TENDER/PBG-SFC/2022-23 Date:- 20/01/2023
Memo No- 12/RAM/E-TENDER/PBG-SFC/2022-23 Date :- 20/01/2023
Name of Work :- UPGRADATION OF BLACK TOP ROAD FROM HOUSE OF NIKHIL SARKAR TO HOUSE OF CHHIDDIK MONDAL AT MOUZA - GARJALA, SANSAD - X, JL NO -107 UNDER RAMNAGAR G.P. OF GAIGHATA BLOCK. **(Activity Id – 40064674) (2023_ZPHD_452424_1)**

For all NIT No, Date of Closing – **27.01.2023 at 2.00 P.M. Date of Opening – 30.01.2023 at 11.00 P.M. Website :- http://etender.wb.nic.in or http://wbtenders.gov.in** All other details information will be had from the office of the undersigned.

Sd/-PRODHAN
RAMNAGAR GRAM PANCHAYAT
GAIGHATA, NORTH 24 PARGANAS.

লিখামি কনসালন্টিং লিমিটেড

CIN: L45209WB1982PLC034804

রেজি. অফিস ঃ ৬২এ, ড. মেঘনাদ সাহা সরণী, রুম নং.১, ২য় ফ্লোর, সার্দান এভিনিউ, কলকাতা-৭০০০২৯, ভারত

ই-মেলঃ info@likhamiconsulting.com, ওয়েবসাইট ঃ www.likhamiconsulting.com

সংক্ষিপ্ত অনিরীক্ষিত স্বতন্ত্র আর্থিক বিবরণী ৩য় ত্রৈমাসিক এবং নয় মাস সমাপ্তে ৩১ ডিসেম্বর, ২০২২
(দেখুন ধারা ৪৭(১) (বি) সেবি (এলওআরডি) ধারা, ২০১৫)

(লক্ষ টাকায়)

ক্র নং.	বিবরণ	ত্রৈমাসিক শেষে ৩১.১২.২২	নয় নাস সমাপ্তে ৩১.১২.২২	চলতি তিন মাস শেষে ৩১.১২.২১
		অনিরীক্ষিত	অনিরীক্ষিত	অনিরীক্ষিত
১	মোট আয় কারবার থেকে	২.০০০	৪৯.১৯১	১২.০০০
২	মোট লাভ / (ক্ষতি) মেয়াদে (কর, ব্যতিক্রমী এবং / অথবা অসাধারণ আইটেম পূর্বে)	(৪.৭৫৩)	২০.৫৪০	৪.৩৮৫
৩	মোট লাভ / (ক্ষতি) মেয়াদে করের পূর্বে (ব্যতিক্রমী এবং / অথবা অসাধারণ আইটেম পর)	(৪.৭৫৩)	২০.৫৪০	৪.৩৮৫
৪	মোট লাভ / (ক্ষতি) মেয়াদে করের পর (ব্যতিক্রমী এবং / অথবা অসাধারণ আইটেম পর)	(৪.৭৬৬)	২০.৫২৭	৪.৩৮৫
৫	মোট ব্যাপক আয় মেয়াদে (সংযুক্ত লাভ / (ক্ষতি) মেয়াদে (করের পর) এবং অন্যান্য ব্যাপক আয় (করের পর)	(৪.৭৬৬)	২০.৫২৭	৪.৩৮৫
৬	ইক্যুইটি শেয়ার মূলধন	৯৯৫.০০০	৯৯৫.০০০	৯৯৫.০০০
৭	সংরক্ষিত (রেভিলিউশান রিজার্ভ ছাড়া যা দেখানো হয়েছে পূর্বেকার বছরের নিরীক্ষিত ব্যালেন্স শিটে)	-	-	-
৮	শেয়ার প্রতি আয় (১০ /- টাকা প্রতি) (বার্ষিকীকৃত নহে) মূল ও মিশ্র	(০.০৫)	০.২১	০.০৪

দ্রষ্টব্য ঃ
উপরোক্ত ফলাফল সংক্ষিপ্ত রূপ বিস্তারিত ফরম্যাট ত্রৈমাসিক এবং নয় মাস সমাপ্তে অনিরীক্ষিত আর্থিক ফলাফল যা সম্পূর্ন করা হয়েছে স্টক এক্সচেঞ্জে অধীন ধারা ৩৩ সেবি (লিস্টিং অব্লিগেশানস অ্যান্ড আদার ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) ধারা, ২০১৫। বিস্তারিত ফরম্যাট অনিরীক্ষিত আর্থিক ফলাফল পাওয়া যাবে স্টক এক্সচেঞ্জ ওয়েবসাইটে-www.bseindia.com ও www.cse-india.com। একই পাওয়া যাবে কোম্পানির ওয়েবসাইটে- www.likhamiconsulting.com।

বোর্ডের আদেশানুসারে
লিখামি কনসালন্টিং লিমিটেড-এর পক্ষে
বাবু লাল জৈন
সর্বক্ষণের পরিচালক
DIN No.:02467622

স্থান ঃ কলকাতা
তারিখ ঃ ২৩.০১.২০২৩

টি স্পিরিচুয়াল ওয়ার্ল্ড লিমিটেড

CIN: L63040WB1986PLC040796

রেজি. অফিস ঃ ৪ নেতাজি সুভাষ রোড, ১ম ফ্লোর, কলকাতা, পশ্চিমবঙ্গ-৭০০০০১

ই-মেলঃ complianceofficer@tspritualworld.com

ওয়েবসাইট ঃ www.tspritualworld.com

সংক্ষিপ্ত অনিরীক্ষিত স্বতন্ত্র আর্থিক বিবরণী ৩য় ত্রৈমাসিক এবং নয় মাস সমাপ্তে ৩১ ডিসেম্বর, ২০২২
(দেখুন ধারা ৪৭(১) (বি) সেবি (এলওআরডি) ধারা, ২০১৫)

(লক্ষ টাকায়)

ক্র নং.	বিবরণ	ত্রৈমাসিক শেষে ৩১.১২.২২	নয় নাস সমাপ্তে ৩১.১২.২২	চলতি তিন মাস শেষে ৩১.১২.২১
		অনিরীক্ষিত	অনিরীক্ষিত	অনিরীক্ষিত
১	মোট আয় কারবার থেকে	-	-	-
২	মোট লাভ / (ক্ষতি) মেয়াদে (কর, ব্যতিক্রমী এবং / অথবা অসাধারণ আইটেম পূর্বে)	(২.৮১৭)	(১৪.৫১৯)	(২.৭৪৫)
৩	মোট লাভ / (ক্ষতি) মেয়াদে করের পূর্বে (ব্যতিক্রমী এবং / অথবা অসাধারণ আইটেম পর)	(২.৮১৭)	(১৪.৫১৯)	(৩১.৫২৯)
৪	মোট লাভ / (ক্ষতি) মেয়াদে করের পর (ব্যতিক্রমী এবং / অথবা অসাধারণ আইটেম পর)	(২.৮১৭)	(১৪.৫১৯)	(৩১.৫২৯)
৫	মোট ব্যাপক আয় মেয়াদে (সংযুক্ত লাভ / (ক্ষতি) মেয়াদে (করের পর) এবং অন্যান্য ব্যাপক আয় (করের পর)	(২.৮১৭)	(১৪.৫১৯)	(৩১.৫২৯)
৬	ইক্যুইটি শেয়ার মূলধন	২,০০০.২০০	২,০০০.২০০	২,০০০.২০০
৭	সংরক্ষিত (রেভিলিউশান রিজার্ভ ছাড়া যা দেখানো হয়েছে পূর্বেকার বছরের নিরীক্ষিত ব্যালেন্স শিটে)	-	-	-
৮	শেয়ার প্রতি আয় (১০ /- টাকা প্রতি) (বার্ষিকীকৃত নহে) মূল ও মিশ্র	(০.০১৪)	(০.০৭৩)	(০.১৫৮)

দ্রষ্টব্য ঃ
উপরোক্ত ফলাফল সংক্ষিপ্ত রূপ বিস্তারিত ফরম্যাট ত্রৈমাসিক সমাপ্তে অনিরীক্ষিত আর্থিক ফলাফল যা সম্পূর্ন করা হয়েছে স্টক এক্সচেঞ্জে অধীন ধারা ৩৩ সেবি (লিস্টিং অব্লিগেশানস অ্যান্ড আদার ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) ধারা, ২০১৫। বিস্তারিত ফরম্যাট অনিরীক্ষিত আর্থিক ফলাফল পাওয়া যাবে স্টক এক্সচেঞ্জ ওয়েবসাইটে- www.bseindia.com ও www.cse-india.com। একই পাওয়া যাবে কোম্পানির ওয়েবসাইটে- www.tspritualworld.com।

বোর্ডের আদেশানুসারে
টি স্পিরিচুয়াল ওয়ার্ল্ড লিমিটেড
নেত্র বাহাদুর রনভাট
সর্বক্ষণের পরিচালক
DIN :06716666

স্থান ঃ কলকাতা
তারিখ ঃ ২৩.০১.২০২৩

বিজ্ঞান ও প্রযুক্তি

আকাশ থেকে দ্রুত মুছে যাচ্ছে তারার ঝাঁক!

জানা গিয়েছে, বা আমরা বলতে শুনেছি, আকাশ থেকে ক্রমেই অদৃশ্য হয়ে যাচ্ছে একের পর এক তারা! ১৯৫৩ সালে লেখা বিখ্যাত ব্রিটিশ লেখক আর্থার সি ক্লার্কের ছোটগল্প 'দ্য নাইন বিলিয়ন নেমস অফ গড'-এর কথা মনে পড়ে যেতে পারে। তাহলে প্রশ্ন উঠছে, বিশ্বের ধ্বংস কি আসতে চলেছে? না, তারাদের অদৃশ্য হয়ে যাওয়ার বিষয়টা ঠিক ক্লার্কের গল্পের মতো মহাপ্রলয়ে ইঙ্গিতবাহী নয়। নক্ষত্রা তাদের স্থানে ঠিকই রয়েছে। কিন্তু পৃথিবী থেকে তাদের ঠিক মতো দেখা যাচ্ছে না। এবং সেটাও যথেষ্ট আশঙ্কার জন্মই দিচ্ছে বলে মনে করা হচ্ছে। বিখ্যাত জার্নাল 'সায়েন্স'-এ প্রকাশিত হয়েছে একটি রচনা। তার নাম 'সিটিজেন সায়েন্টিস রিপোর্ট গ্লোবাল র‍্যাপিড রিডাকশনস ইন দ্য ভিজিবিলিটি অফ স্টার্স ফ্রম ২০১১ টু ২০২২'। গবেষকদের দাবি, প্রতি বছর ১০ শতাংশ করে বাড়ছে আকাশের উজ্জ্বলতা! এই উজ্জ্বলতার কারণ দূষণ। আর সেই কারণেই অন্ধকার আকাশ থেকে মুছে যাচ্ছে তারার ঝাঁক। বলা হচ্ছে, একটি শিশু জন্মানোর সময় যদি আকাশে ২৫০ টি তারা থাকে,

তাহলে অষ্টাদশতম জন্মদিনে সে আকাশের দিকে তাকালে দেখতে পাবে ১০০ টি তারা! পরিস্থিতি এতটাই ভয়াবহ! তাই সতর্ক করছেন বিজ্ঞানীরা। ২০১১ সাল থেকে ২০২২- এই সময়কালে ৫০ হাজারেরও বেশি পর্যবেক্ষণকে খতিয়ে দেখে যে ছবিটা খুঁজে পাচ্ছেন বিজ্ঞানীরা, তাতে আশঙ্কা ক্রমেই বাড়ছে। গবেষকরা চেষ্টা করেছেন প্রাপ্ত তথ্য খতিয়ে দেখে আকাশের এই দ্রুত বাড়তে থাকা উজ্জ্বলতার গভীরে যাওয়ার। আর যত তাঁরা গবেষণা এগিয়ে নিয়ে গিয়েছেন ততো পরিস্কার হয়েছে দূষণের প্রভাব কীভাবে পড়ছে আকাশেও! তাই নিয়ে বিজ্ঞানীর পরীক্ষা করার পরিকল্পনাও করেছেন। কাজেই এই বিষয়টিতে নিয়মিত নজরদারি চালানোর প্রয়োজনীয়তার পক্ষে সওয়াল করছেন বিজ্ঞানীরা। তাঁদের মতে আলোর দূষণের দিকটি খতিয়ে দেখা দরকার। কেননা তা কমছে না, বরং উত্তরোত্তর বেড়েই চলেছে। রাতের আকাশে তারাদের দেখতে না পাওয়া পৃথিবীর জীবজগতের অস্তিত্বের বিপন্নতাকেও তুলে ধরছে। তাই এই তথ্যে সিঁদুরে মেঘ দেখছেন গবেষকরা।

দূরদূরান্তের ছায়াপথ থেকে রেডিও সিগন্যাল পাচ্ছেন বিজ্ঞানীরা

মহাকাশ বিজ্ঞানের কূট, জটিল অনেক রহস্যই হয়ত ভেদ করা সম্ভব হবে। সেই উত্তরের খোঁজে এতদিন ধরে কাজ করে চলেছেন বিশ্বের তাবৎ মহাকাশ বিজ্ঞানীরা। চেষ্টার সুফলও মিলল। এই প্রথম ৯০০ কোটি আলোকবর্ষ দূরের এক ছায়াপথ থেকে রেডিও তরঙ্গ পেলেন কানাডার একদল বিজ্ঞানী এবং ভারতে বসানো রাক্ষুসে টেলিস্কোপের সাহায্যে তা মিলেছে বলে জানতে পারা গিয়েছে। এই নিয়ে আমাদের কৌতুহল শেষ হবার নয়। ভিনগ্রহীদের সঙ্গে বিশ্ববাসীর যোগাযোগ স্থাপন নিয়ে উৎসাহ তুঙ্গে আমজনতা থেকে বিজ্ঞানী, সকলের। তাই ৯০০ কোটি আলোকবর্ষ থেকে দূরে আসা তরঙ্গকে যন্ত্রের মাধ্যমে বন্দি করার খবর প্রথমে এলিয়েনদের বার্তা নিয়ে জল্পনা আরও উসকে দেয়। কিন্তু বিজ্ঞানীরা মনে করিয়ে দেন, কোনও এলিয়ে নয়, পৃথিবীর নিকটবর্তী ছায়াপথ থেকে যে সংকেত আসছে, মনে রাখতে হবে তা আসলে অনেক অনেক আগে সেখান থেকে যাত্রা শুরু করেছিল। এতদিন পর পৃথিবীতে এসে পৌঁছচ্ছে। SDSSJ ০৮২৬৫৬৩০ নামের যে ছায়াপথের তরঙ্গ থেকে সংকেত পেয়েন বিজ্ঞানীরা, তা ১৩৭০ কোটি বছরের পুরনো বলে প্রাথমিকভাবে জানা গিয়েছে। জানা গিয়েছে, এতটা দূরত্বের ছায়াপথ থেকে এই প্রথমবার তরঙ্গ পাওয়া গেল। মহাজাগতিক বিষয় নিয়ে গবেষণা করা বাঙালি বিজ্ঞানী অয়ন চক্রবর্তীর বক্তব্য, এতদিন আমরা কাছের কোনও ছায়াপথ থেকে রেডিও সিগন্যাল পেয়েছি। ছায়াপথ তো অনেক ধরনের সিগন্যাল দেয়। তবে এবারই প্রথম ৯০০ কোটি আলোকবর্ষ দূর থেকে তরঙ্গ মিলল। রয়্যাল অ্যাস্ট্রোনমিক্যাল সোসাইটির তরফে SDSSJ০৮ ২৬৫৬৩০ ছায়াপথ থেকে যে সিগন্যাল মিলেছে, তা বিশ্লেষণ শুরু হয়েছে। বিজ্ঞানীরা জানতে পেরেছেন, সেটি তড়িৎ চুম্বকীয় তরঙ্গ, যাকে হাইড্রোজেন লাইন বলা হচ্ছে। তরঙ্গ দৈর্ঘ্য ১৪২০-এর কাছাকাছি। এর বেশি এখনও পর্যন্ত কিছু জানা যায়নি। সে তো ধীরে ধীরে জানাই যাবে। কিন্তু তার চেয়ে বড় কথা, এত দূরের ছায়াপথ থেকে তরঙ্গ পাওয়া মহাকাশ বিজ্ঞানের ক্ষেত্রে খুব বড় সাফল্য বলে মনে করছেন বিজ্ঞানীরা।

ডার্ক ওয়েব কী?

প্রশ্ন হল ইন্টারনেট কি। তার উত্তরে বলা যেতেই পারে, এক গভীর সমুদ্রের নাম ইন্টারনেট। প্রতিদিন ইন্টারনেটে যা করি তাকে সমুদ্রপৃষ্ঠের সঙ্গে তুলনা করা যেতে পারে। ইন্টারনেটে ওয়েসাইটগুলো বিভিন্ন সার্চ ইঞ্জিনে যুক্ত থাকে। এই অংশকে বলা হয় সার্ফেস ওয়েব। যে কোন ওয়েব ব্রাউজার থেকে এই সব ওয়েসাইট খোলা যায়। এর নিচেই থাকে ডিপ ওয়েব। যেখানকার ওয়েসাইটগুলো যে কোন ওয়েব ব্রাউজারের মাধ্যমে খোলা গেলেও সার্চ রেজাল্টে এর কনটেন্ট দেওয়া যায় না। এর নিচেই রয়েছে মহাসাগরের অতল গভীর। যা সাধারণ ইন্টারনেট ব্যবহারকারী কখনও ব্যবহার করতে পারেন না। ইন্টারনেটের এই অংশকে বলা হয় ডার্ক ওয়েব। মূলতঃ পরিচয় গোপন রেখে ইন্টারনেট ব্যবহারের কথা চিন্তায় রেখে শুরু হয়েছিল ডার্ক ওয়েব। যা একসময় অপরাধমূলক কাজের নিরাপদ জায়গা হয়ে উঠে। এখন ভার্চুয়ালে যে কোন ধরণের অপরাধমূলক কাজের পেছনে ডার্ক ওয়েব ব্যবহারের অভিযোগ পাওয়া যায়। শুধু অপরাধমূলক কাজ নয়, পরিচয় গোপন রাখতে অনেক সাংবাদিক নিয়মিত ডার্ক ওয়েব ব্যবহার করেন। ডার্ক ওয়েব সামান্য ভুলে আপনার জীবনে অন্ধকার নেমে আসতে পারে। সঠিক তথ্য না জেনে ডার্ক ওয়েব ব্যবহার না করার পরামর্শ দিচ্ছেন বিশেষজ্ঞরা। ডার্ক ওয়েব বেআইনি হ্যাকার ও অপরাধীদের আনাগোনা সর্বত্র। তাই কৌতূহলের বশতঃও ইন্টারনেটের এই অংশ ওপেন করা উচিত নয়। সাধারণ ওয়েব ব্রাউজার ব্যবহার করে ডার্ক ওয়েব ভিজিট করা যায় না। ডার্ক ওয়েব ব্যবহারের জন্য চাই বিশেষ ওয়েব ব্রাউজার। এই জন্য ব্যবহার করতে হবে টর ব্রাউজার। এই ব্রাউজার ব্যবহার করলে আপনার আইপি অ্যাড্রেস গোপন থাকবে। তবে টর ব্রাউজার ব্যবহার করলে ইন্টারনেট খুব ধীর গতিতে চলবে। টর ব্রাউজার থেকে ডার্ক ওয়েব ব্যবহার করা সম্ভব। তবে নিজের কম্পিউটার অথবা মোবাইলে এই ব্রাউজার ইনস্টল না করাই ভালো। ডার্ক ওয়েব সম্পর্কে বিস্তারিত না জানলে এই ব্রাউজার কখনও নিজের ডিভাইসে ইনস্টল করবেন না। আপনাকে কেউ ফোন করে টর ব্রাউজার ইনস্টল করতে বললেও তা এড়িয়ে চলাই ভালো।

গুগলের দুই সেবায় আসছে বিশেষ চমক

জানতে পারা গিয়েছে, গুগলের দুইটি জনপ্রিয় সেবা জিমেইল ও গুগল চ্যাটে তিনটি নতুন ফিচার যুক্ত হতে চলেছে। এরফলে ব্যবহারকারীরা ওয়ে ও মোবাইল ডিভাইসে আরও উন্নত সার্চ সেবা পাবেন। টেক জায়ান্ট গুগল বলছে, জিমেইল ও গুগলের এসব নতুন আপডেটের ফলে ব্যবহারকারীরা আগের চেয়ে আরো নির্ভুলভাবে সার্চ অপশন ব্যবহার করতে পারবেন। একই সঙ্গে সার্চ সাজেশন, জিমেইল লেভেল ও রিলেটেড রেজাল্টেও নতুনত্ব আসছে। যদিও প্রাথমিকভাবে নতুন ফিচারগুলো নির্দিষ্ট কয়েটি দেশের মধ্যে সীমাবদ্ধ রাখা হয়েছে। পরবর্তীতে বিশ্বব্যাপী এটি অবমুক্ত করা হবে। তিনটি আপডেট ইতিমধ্যেই গুগলের ওয়ার্ক প্লেস কাস্টমার, লিগেসি জি সুইট বেসিক অ্যান্ড বিজনেস ব্যবহারকারীরা পেয়েছেন। আর চলতি মাসেই অ্যান্ড্রয়ের জন্য গুগল চ্যাটের নতুন ফিচার অবমুক্ত করা হবে। এদিকে গুগল একটি ব্লগ পোস্টে জানায়, গুগল চ্যাটের সার্চ বাটনে সাজেশনস ফিচারটি ব্যবহারকারীর সার্চ করার সঙ্গে সম্পর্কযুক্ত বিষয় থেকে প্রদর্শিত হবে। ফলে তারা দ্রুততার সময়ে গুরুত্বপূর্ণ বিষয়ে মেসেজ পুনরায় দেখতে পারবেন। অপরদিকে জি-মেলের লেভেল বর্তমানে অ্যান্ড্রয়ে ও আইওএসভিত্তিক ডিভাইসের জন্য অবমুক্ত করা হয়েছে। ওয়ে ভার্সনের ফিচারও দ্রুত অবমুক্ত করা হবে বলে জানতে পারা গিয়েছে।

উত্তর পূর্ব রেল সমাজে মেয়ের ক্ষমতায়ন দূর করতে জাতীয় বালিকা শিশু দিবস পালন

গোরখপুর ২৩ জানুয়ারি ঃ ভারত সরকারের মহিলা ও শিশু উন্নয়ন মন্ত্রক প্রতি বছর ২৪ জানুয়ারিকে জাতীয় বালিকা শিশু দিবস হিসাবে পালন করে চলেছে সমাজে মেয়ের ক্ষমতায়ন এবং তাদের মুখোমুখি হওয়া বৈষম্যগুলি দূর করার লক্ষ্যে। এই ক্রমানুসারে, ২৪ জানুয়ারি, ২০২৩-এ, রেল মন্ত্রক কর্তৃক সমগ্র ভারতীয় রেলের রেল যাদুঘরে অভিভাবক সহ কন্যাদের বিনামূল্যে প্রবেশ করানো হবে। জাতীয় বালিকা শিশু দিবস উপলক্ষ্যে একজন পিতামাতাকে কন্যা সহ উত্তরপূর্ব রেল প্রশাসন কর্তৃক রেল মিউজিয়াম, গোরখপুরে বিনামূল্যে প্রবেশাধিকার দেওয়া হবে। এছাড়াও, কন্যাদের মধ্যে সচেতনতা সৃষ্টির জন্য, ২৪ জানুয়ারি, ২০২৩ তারিখে অফিসগুলিতে একটি বিতর্ক এবং রচনা প্রতিযোগিতার আয়োজন করা হবে এবং সমস্ত রেলওয়ে মোবাইলে কন্যাদের জন্য উৎসর্গীকৃত একটি বার্তা প্রচার করা হবে। রেলওয়ে প্লাটফর্মসহ বিভিন্ন স্থানে টেলিভিশন, পোস্টার ও ব্যানার ইত্যাদির মাধ্যমে 'জাতীয় কন্যা শিশু দিবস'-এর প্রচার করা হবে।

মেট্রো উত্তর-দক্ষিণ করিডোরে ১৮৮ টি পরিষেবা চালাবে

কলকাতা, ২৩ জানুয়ারি ঃ প্রজাতন্ত্র দিবস ও সরস্বতী পূজা উপলক্ষ্যে ২৬.০১.২০২৩ (বৃহস্পতিবার) ছুটি। মেট্রো ০৬৩০ ঘন্টা থেকে ১৮৮ টি পরিষেবা (৯৪ আপ এবং ৯৪ ডাউন) চালাবে। উত্তর- দক্ষিণ করিডোরে (ব্লু লাইন) ২২.৩৫ ঘন্টা পর্যন্ত। প্রথম পরিষেবা ০৬.৫০ টায়। কবি সুভাষ থেকে দক্ষিণেশ্বর পর্যন্ত (কোন পরিবর্তন নেই)০৬,৫০ টায। দমদম থেকে কবি সুভাষ (কোন পরিবর্তন নেই) ০৬.৫৫ টায় দমদম থেকে দক্ষিণেশ্বর (কোন পরিবর্তন নেই) ০৭.০০ টায়। দক্ষিণেশ্বর থেকে কবি সুভাষ পর্যন্ত (কোন পরিবর্তন নেই) শেষ পরিষেবা ২১.২৮ টায়। দক্ষিণেশ্বর থেকে কবি সুভাষ পর্যন্ত (কোন পরিবর্তন নেই) ২১,৩০ টায়। কবি সুভাষ থেকে দক্ষিণেশ্বর পর্যন্ত (কোন পরিবর্তন নেই) ২১.৪০ টায়। দমদম থেকে কবি সুভাষ (কোন পরিবর্তন নেই) ২১.৪০ টায়। কবি সুভাষ থেকে দমদম পর্যন্ত (কোন পরিবর্তন নেই) মেট্রো ০৬.৫৫ ঘন্টা থেকে ৯০ টি পরিষেবা (৪৫টি পূর্বগামী এবং ৪৫ টি পশ্চিমবাউন্ড) চালাবে। ২৬.০১.২০২৩ তারিখে পূর্বপশ্চিম করিডোরে (গ্রীন লাইন) ২২.০০ ঘন্টা পর্যন্ত। প্রথম পরিষেবা শিয়ালদহ থেকে সল্টলেক সেক্টর পাঁচ পর্যন্ত ০৬.৫৫ টায় (কোন পরিবর্তন নেই) সল্টলেক সেক্টর পাঁচ থেকে শিয়ালদহ পর্যন্ত ০৭.০০ টায়। (পরিবর্তন নেই) শেষ পরিষেবা শিয়ালদহ থেকে সল্টলেক সেক্টর পাঁচ পর্যন্ত ২১.৩৫ ঘণ্টায (কোনও পরিবর্তন নেই) সল্টলেক সেক্টর পাঁচ থেকে শিয়ালদহ পর্যন্ত ২১.৪০ টায়। (পরিবর্তন নেই) ব্লু লাইন এবং গ্রীন লাইনে পরিষেবার সময় অপরিবর্তিত থাকবে। বেগুনি লাইনের জোকা- তারাতলা প্রসারিত কোনো পরিষেবা পাওয়া যাবে না।

বিহারের সিওয়ানে বিষমদ কাণ্ডে মৃত ৪ হাসপাতালে ভর্তি ৬ জন, গ্রেফতার ১০

পাটনা, ২৩ জানুয়ারি ঃ বিহারে ফের বিষমদ খেয়ে প্রাণহানি, এবার বিহারের সিওয়ান জেলায় বিষমদ খেয়ে মৃত্যু হয়েছে ৪ জনের। পেটের ব্যথা ও অসুস্থ অবস্থায় হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন ৬ জন। সিওয়ানের লাকারি নবীগঞ্জের ঘটনা। সিওয়ানের জেলাশাসক অমিত কুমার পান্ডে বলেছেন, বিষমদ কাণ্ডে এখনও পর্যন্ত ১০ জনকে গ্রেফতার করা হয়েছে। রবিবার সন্ধ্যায় পেটে যন্ত্রণা নিয়ে হাসপাতালে নিয়ে যাওয়া হয় এক ব্যক্তিকে। চিকিৎসকেরা তাঁকে মৃত বলে ঘোষণা করেন। এ ছাড়া, অন্য এক জনকে হাসপাতালে নিয়ে যাওয়ার আগেই তিনি মারা যান বলে জানিয়েছে পুলিশ। পরে আরও একজনের হয়েছে। মৃতেরা হলেন, জনক বিন ওরফে জনক প্রসাদ এবং নরেশ বিন্দ। তৃতীয় ও চতুর্থ জনের নাম এখনও জানা যায়নি। সিওয়ানের জেলাশাসক অমিত কুমার পান্ডে বলেছেন, সিওয়ানের লাকারি নবীগঞ্জে বিষমদ খেয়ে ৪ জনের মৃত্যু হয়েছে। ৬ জনের চিকিৎসা চলছে। অটোপসির পরই জানা যাবে মৃত্যুর প্রকৃত কারণ। বিষমদ কাণ্ডে এখনও পর্যন্ত ১০ জনকে গ্রেফতার করা হয়েছে। সূত্রের খবর, অসুস্থ ৬ জনের মধ্যে কয়েকজনের অবস্থা আশঙ্কাজনক।

বিশ্বের কোনও দেশই দ্বীপের নামকরণ করে জওয়ানদের সম্মানিত করেনি ঃ শাহ

নয়াদিল্লি, ২৩ জানুয়ারি ঃ বিশ্বের কোনও দেশই দ্বীপের নামকরণ করে জওয়ানদের সম্মানিত করেনি। মন্তব্য করলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। সোমবার আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জের ২১ টি দ্বীপের নামকরণ অনুষ্ঠানে অমিত শাহ বলেছেন, আজ অত্যন্ত একটি গুরুত্বপূর্ণ দিন। আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জের ২১ টি দ্বীপের নামকরণ পরম বীর চক্র পুরস্কারপ্রাপ্তদের নামে রাখা হয়েছে, এ জন্য প্রধানমন্ত্রী মোদীজির অভূতপূর্ব উদ্যোগ আমাদের সশস্ত্র বাহিনীর জন্য খুবই অনুপ্রেরণাদায়ক। অমিত শাহ বলেছেন, প্রধানমন্ত্রী মোদীর শক্তিশালী নেতৃত্বে গৃহীত সমস্ত সিদ্ধান্ত অবশ্যই ভারতের স্বাধীনতা আন্দোলনের সঙ্গে আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জের সংযোগকে স্বীকার করে। অমিত শাহের কথায়, আজ শুধুমাত্র ২১টি দ্বীপের নামকরণই নয়, ২১ জন বীরের বীরত্বকে কুর্নিশ জানিয়ে ২১টি প্রদীপ জ্বালানোর কাজ করেছেন প্রধানমন্ত্রী।

উন্নত গ্রাহক সম্পর্কের ফলে উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের ফ্রেইট অপারেশন বৃদ্ধি

মালিগাঁও, ২৩ জানুয়ারি ঃ পণ্যবাহী ট্রেন চলাচলের ক্রমাগত উন্নয়নের

প্রচেষ্টার সাথে সামঞ্জস্য রেখে উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের পক্ষ থেকে অন্তর্মুখী ও বহির্মুখী পণ্য হ্যান্ডলিং-এর জন্য আরও কিছু স্টেশন খোলা হয়েছে। ডিসেম্বর ২০২২-এ আরও কিছু রেলওয়ে স্টেশন ফ্রেইট ট্র্যাফিক-এর জন্য খোলা হয়েছে, যার ফলে গ্রাহকরা বিভিন্ন পণ্য সামগ্রী সহজেই পরিবহণ করতে সক্ষম হচ্ছেন। এর ফলে পরিবহণ ব্যবসায়ীরা বিশালভাবে লাভান্বিত হবেন বলে প্রত্যাশা করা হচ্ছে। গ্রাহক সম্পর্ক উন্নত করতে এবং পণ্য পরিবহণ আরও বৃদ্ধি করতে ০৫ ডিসেম্বর, ২০২২ থেকে রঙিয়া ডিভিশনের যোগীঘোপা ও মেঘালয়ের মেন্দিপাথার স্টেশন অন্তর্মুখী কয়লা ট্র্যাফিক হ্যান্ডলিং-এর জন্য খোলা হয়েছে। ০৬ ডিসেম্বর, ২০২২ থেকে রোল অন- রোল অফ ট্র্যাফিক হ্যান্ডলিং-এর জন্য রঙিয়া ডিভিশনের আজারা স্টেশন খোলা হয়েছে। এই নতুন সুবিধা বর্ষাকালীন সময়ে মণিপুর, মিজোরাম, ত্রিপুরার মতো উত্তর পূর্বাঞ্চলীয় রাজ্যগুলিতে অত্যাবশ্যকীয় সামগ্রী পরিবহণে সহায়ক হবে। যে সমস্ত রাজ্যে স্থল পথ দিয়ে পরিবহণ করতে জটিলতার সম্মুখীন হতে হয়, সেই সমস্ত রাজ্যে রেলওয়ে রেকের মাধ্যমে অত্যাবশ্যকীয় পণ্য সামগ্রী বোঝাই করা ট্রাকগুলি আনলোডিং করা যেতে পারে। এর ফলে সাধারণ মানুষ উপকৃত হবেন। এছাড়াও, রঙিয়া ডিভিশনের নিউ বঙাইগাঁও স্টেশনটি ২৭ ডিসেম্বর, ২০২২ থেকে অন্তর্মুখী কয়লা ট্র্যাফিক হ্যান্ডলিং-এর জন্য খোলা হয়েছে। উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে নভেম্বর, ২০২২-এর ১২৩০ টির বিপরীতে ডিসেম্বর, ২০২২-এ ১৩৩২টি পণ্যবাহী ট্রেন আনলোড করেছে। অতিরিক্তভাবে, পূর্ববর্তী বর্ষের সংশ্লিষ্ট সময়কালে পরিবহন করা ৯৯৪১ টির বিপরীতে এপ্রিল থেকে ডিসেম্বর ২০২২ পর্যন্ত ১০৮৭৯ টি রেক পরিবহণ করা হয়েছে, যা ৯.৪৩ শতাংশ উন্নতি প্রদর্শন করেছে।

৩২ সপ্তাহ পরও গর্ভপাতে অনুমতি বম্বে হাই কোর্টের

বম্বে, ২৩ জানুয়ারি ঃ গর্ভপাতের সিদ্ধান্ত নিতে পারেন একমাত্র অন্তঃসত্ত্বাই। এটা একেবারে তাঁর ব্যক্তিগত সিদ্ধান্ত। পর্যবেক্ষণ বম্বে হাই কোর্টের। ভ্রূণের একাধিক শারীরিক-মানসিক ত্রুটি থাকায় গর্ভধারণের ৩২ সপ্তাহ পরেও গর্ভপাতের অনুমতি দিল আদালত। সাম্প্রতিক সোনোগ্রাফিতে ধরা পড়ে ভ্রূণটির একাধিক শারীরিক জটিলতা রয়েছে। সে ভূমিষ্ঠ হলে স্বাভাবিক ও সুস্থ জীবন পাবে না। ইতিমধ্যে গর্ভধারণের ৩২ সপ্তাহ পেরিয়ে গিয়েছে। তাই গর্ভপাতের অনুমতি চেয়ে বম্বে হাই কোর্টের দ্বারস্থ হয়েছিলেন মহিলা। এই ক্ষেত্রে মেডিক্যাল বোর্ডের দাবি ছিল, ভ্রূণের যতই ত্রুটি থাকুক, যেহেতু গর্ভধারণের ৩২ সপ্তাহ পেরিয়ে গিয়েছে তাই গর্ভপাত করতে



পারবেন না মহিলা। এক্ষেত্রে মেডিক্যাল বোর্ডের চেয়েও অন্তঃসত্ত্বার মতামতকে অতিরিক্ত গুরুত্ব দেয় হাই কোর্টের বিচারপতি গৌতম প্যাটেল ও বিচারপতি এস জি দিজের ডিভিশন বেঞ্চ। তাঁদের পর্যবেক্ষণ ছিল, আগত সন্তানের স্বাস্থ্যকর বা স্বাভাবিক জীবনের কোনও সম্ভাবনাই নেই। বিচারপতিদের পর্যবেক্ষণ, ত্রুটিপূর্ণ ভ্রূণের ক্ষেত্রে গর্ভধারণের কতদিন হয়েছে সেটা বিচার্য নয়। আবেদনকারী ভেবেচিন্তেয় এই সিদ্ধান্ত নিয়েছেন। এই সিদ্ধান্তগ্রহণ মোটেও সহজ ছিল না। কিন্তু এই সিদ্ধান্তটা ওঁরই (অন্তঃসত্ত্বা)। উনিই একাই একাই এই সিদ্ধান্ত নিতে পারেন। এটা মেডিক্যাল বোর্ডের সিদ্ধান্ত নেওয়ার বিষয় নয়। আদালতের আরও পর্যবেক্ষণ, গর্ভধারণের পর অনেকটা সময় পেরিয়ে গিয়েছে এই অজুহাতে গর্ভপাতের অনুমতি কেড়ে নেওয়া যায় না। কারণ এই সন্তানের জন্ম হলে তার স্বাভাবিক জীবন থাকবে না। এমনকী, অভিভাবকরাও স্বাভাবিক জীবনযাপন করতে পারবে না। এক কথায়, 'মহিলার মর্যাদাপূর্ণ জীবনের অধিকার, সিদ্ধান্ত গ্রহণের অধিকার কেড়ে নেওয়ার শামিল', মত বিচারপতিদের। সাধারণত ২০ থেকে ২৪ সপ্তাহের মধ্যে বিবাহিতদের মতোই একজন অবিবাহিত মহিলাও গর্ভপাত করাতে পারেন।

গোবর রুখে দিতে পারে তেজস্ক্রিয় বিকিরণ, গরুপাচার মামলায় রায় দিয়ে একাধিক আজব মন্তব্য বিচারকের

গুজরাট, ২৩ জানুয়ারি ঃ গরু পাচার মামলায় এক ব্যক্তিকে যাবজ্জীবন কারাদণ্ডের আদেশ দিল গুজরাটের এক আদালত। সেই রায় দিতে গিয়ে আজব কিছু মন্তব্য করলেন বিচারক। তাপী জেলা আদালতের ওই বিচারকের মন্তব্য, দুনিয়ার সব সমস্যার সমাধান হয়ে যাবে যদি গো হত্যা বন্ধ করে দেওয়া হয়। সমীর বিনোদ চন্দ্র নামে ওই বিচারকের আরও মন্তব্য, গোবর দিয়ে তৈরি ঘরে পারমাণবিক বিস্ফোরণে তৈরি হওয়া বিকিরণ কোনও কাজ করে না। বিজ্ঞানীরা এটা প্রমাণ করেছেন। গো মূত্র বহু দুরারোগ্য ব্যাধি সারিয়ে দেওয়ার ক্ষমতা রাখে। বিচারক আরও বলেন, গরু শুধু একটি পশু নয়, আমাদের মা। এই পৃথিবীর গরুর অবদান বিপুল এবং তা শোধ করা যাবে না। গো মাতা যদি অসন্তুষ্ট হন তাহলে আমাদের সব সম্পদ, সুখ লোপ পেয়ে যাবে। গো হত্যা আমাদের পৃথিবীর পরিবেশ বদলে দিচ্ছে বলে মন্তব্য করেন বিচারক। তিনি বলেন, দিন দিন পৃথিবীর তাপমাত্র বেড়ে যাচ্ছে। এর প্রধান কারণ গো হত্যা। যতক্ষণ পর্যন্ত না গো হত্যা বন্ধ না হবে ততদিন এই অবস্থার বদল হবে না। যে গরু পাচার মামলায় ওই রায় বিচারক দিয়েছেন সেই মামলায় ১৬ টি গরু পাচার করা হচ্ছিল বলে অভিযোগ পুলিসের। ওই মামলায় অভিযুক্ত ব্যক্তির যাবজ্জীবন কারাদণ্ডের নির্দেশ দেওয়া হয়েছে। পাশাপাশি তাকে ৫ লাখ টাকা জরিমানা করা হয়েছে।

বিশ্বজুড়ে কমছে করোনার দাপট, গত ২৪ ঘন্টায় নতুন করে সংক্রমিত ১ লক্ষ ৩০ হাজার ৩৪০ জন

ওয়াশিংটন, ২৩ জানুয়ারি ঃ বিশ্বজুড়ে অনেকটাই নিয়ন্ত্রণে করোনার দাপট। গত ২৪ ঘন্টায় কমেছে দৈনিক সংক্রমণ ও মৃত্যুর সংখ্যা। নতুন করে সংক্রমিত হয়েছেন এক লক্ষ ৩০ হাজার ৩৪০ জন। আগের দিনের চেয়ে প্রায় ৩৮ হাজার কম আক্রান্ত হয়েছেন। সোমবার সকালে আন্তর্জাতিক পরিসংখ্যান সংক্রান্ত ওয়েবসাইট 'ওয়ার্ল্ডোমিটার' জানিয়েছে, গত ২৪ ঘন্টায় প্রাণঘাতী ভাইরাসের ছোবলে প্রাণ হারিয়েছেন ৬৭১ জন। এই নিয়ে মহামারি শুরুর পরে বিশ্বে করোনায় আক্রান্ত হলেন ৬৭ কোটি ৩৩ লক্ষ ১৮ হাজার ৬৬৯ জন। আর প্রাণহানির সংখ্যা বেড়ে হয়েছে ৬৭ লক্ষ ৪৬ হাজার ৪১৫ জনে। মারণ ভাইরাসকে হারিয়ে জীবনযুদ্ধে জয়ী হয়েছেন ৬৪ কোটি ৪৯ লক্ষ ৭৫ হাজার ৬১৪ জন। অ্যাকটিভ কেসের সংখ্যা কমে দাঁড়িয়ে ২ কোটি ১৫ লক্ষ ৯৬ হাজার ৬৪০ জনে। গত ২৪ ঘন্টায় দৈনিক সংক্রমণ ও মৃত্যুর নিরিখে শীর্ষে রয়েছে জাপান। পূর্ব এশিয়ার দেশটিতে নতুন করে সংক্রমিত হয়েছেন ৬৪ হাজার ৪৫০ জন। মারা গিয়েছেন ৩২৬ জন। এখনও পর্যন্ত দেশটিতে করোনায় আক্রান্ত হলেন ৩ কোটি ২০ লাখ ৪৫ হাজার ৩২৮ জন। আর মৃত্যু হয়েছে ৬৫ হাজার ৩৬৯ জনের। জাপানের পরে দৈনিক সংক্রমণের নিরিখে দ্বিতীয় স্থানে রয়েছে তাইওয়ান। সেখানে নতুন করে ১৯ হাজার ১৮৭ জনের শরীরে মারণ ভাইরাসের সংক্রমণ শনাক্ত হয়েছে। মৃত্যু হয়েছে ২৭ জনের। দক্ষিণ কোরিয়ায় আরও ১৬ হাজার ৬২৪ জন সংক্রমিত হয়েছেন। প্রাণ হারিয়েছেন ২৪ জন। দৈনিক মৃত্যুর নিরিখে দ্বিতীয় স্থানে রয়েছে চিলি। দেশটিতে একদিনে করোনার ছোবলে মৃত্যুর কোলে ঢলে পড়েছেন ৬৭ জন। রাশিয়া ও মেক্সিকোতে গত ২৪ ঘন্টায় ৪১ জন করে প্রাণ হারিয়েছেন। হংকংয়ে ৩৭, পেরুতে ২৪, ফিলিপাইনসে ১৪ ও ব্রাজিলে ৭ জন মারা গিয়েছেন।

বালাসাহেব ঠাকরেকে তাঁর জন্মবার্ষিকীতে শ্রদ্ধা মোদীর

নয়াদিল্লি, ২৩ জানুয়ারি ঃ সোমবার শিবসেনার প্রতিষ্ঠাতা বালাসাহেব ঠাকরের জন্মবার্ষিকীতে শ্রদ্ধা নিবেদন করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। এদিন মোদী টুইটারে লিখেছেন, বালাসাহেব ঠাকরেকে তাঁর জন্মবার্ষিকীতে স্মরণ করছি। আমি সবসময় তাঁর সাথে আমার স্মৃতি লালন করব। তিনি প্রচুর জ্ঞান ও বুদ্ধিতে সমৃদ্ধ ছিলেন। তিনি জনকল্যাণে তাঁর জীবন উৎসর্গ করেছিলেন। প্রসঙ্গত, বালা সাহেব ঠাকরের জন্ম ২৩ জানুয়ারি ১৯২৬ সালে। তিনি ১৯৬৬ সালে শিবসেনা প্রতিষ্ঠা করেন।

ভারত-চিন সীমান্তে ভারতীয় সেনাদের সঙ্গে দেখা করলেন জেনারেল মনোজ পান্ডে

নয়াদিল্লি, ২৩ জানুয়ারি ঃ সোমবার অরুণাচল প্রদেশে ভারত-চিন সীমান্তে পৌঁছে পরিস্থিতি খতিয়ে দেখলেন সেনাপ্রধান জেনারেল মনোজ পান্ডে। তিনি ভারতীয় সৈন্যদের সাথেও দেখা করেন। জেনারেল পান্ডে অরুণাচল প্রদেশের পূর্বে এলএসি বরাবর এলাকা পরিদর্শন করেন। এই সময় তিনি তীক্ষ্ণ নজরদারি বজায় রাখার জন্য সৈন্যদের প্রশংসা করেন। তিনি সবাইকে সমান উদ্যম ও নিষ্ঠার সাথে তদারক হওয়ার আহ্বান জানান। সীমান্তের কমান্ডিং অফিসাররা সেনাপ্রধানকে যুদ্ধের প্রস্তুতি সম্পর্কে অবহিত করেন। তাওয়াংয়ে চিনা সেনাদের সঙ্গে ভারতীয় সেনাবাহিনীর সংঘর্ষের ছয় সপ্তাহ পর সেনাপ্রধান রাজ্যটি পরিদর্শন করেন। এর আগে প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং ৩ জানুয়ারি তাওয়াং সফর করেছিলেন। রাজনাথ সীমান্ত নিরাপত্তা সংস্থার বিভিন্ন প্রকল্পের উদ্বোধন করেছিলেন।

সিরিয়ায় ধসে পড়ল আবসিক ভবন

দামাস্কাস, ২৩ জানুয়ারি ঃ সিরিয়ার উত্তরাঞ্চলীয় শহর আলেপ্পোতে আবাসিক ভবন ধসে নিহত হয়েছেন ১৬ জন। ধ্বংসস্তূপের নিচে আরও অনেকে আটকা পড়েছেন বলে আশঙ্কা করা হচ্ছে। তাদের উদ্ধারে অভিযান পরিচালনা করছেন সিরিয়ার উদ্ধারকর্মীরা। রবিবার আলেপ্পোর শেখ মাকসুদ জেলায় ভবন ধসের এ ঘটনা ঘটে। দেশটির সরকারি সংবাদমাধ্যমের খবরে জানানো হয়েছে, সিরিয়ার দ্বিতীয় বৃহত্তম শহর আলেপ্পো। সেখানকার শেখ মাকসুদ জেলায় পাঁচ তলা ভবন ধসে পড়েছে। সরকারি কর্মকর্তারা জানিয়েছেন, জলের পাইপলাইন লিকেজ হয়ে যাওয়ায় ভবনটির ভিত্তি দুর্বল হয়ে পড়েছিল। ছয় বছর আগে রাশিয়া ও সিরিয়ার ব্যাপক বোমা হামলায় আলেপ্পোর নিয়ন্ত্রণ হারায় দেশটির বিদ্রোহীরা। হামলায় শহরটির অনেক ভবন ক্ষত-বিক্ষত হওয়ায় গত কয়েক বছরে আলেপ্পোতে বেশকিছু ভবন ধসে পড়ে।

Name Change
I, KATIB ALI (Old Name) S/o HAZI ZUMMAN ALI residing at KHILKAPUR, PO-JAGANNATHPUR, PASCHIM BARBERIA, North 24 Parganas-700126 WEST BENGAL, INDIA I have changed my name(Shall henceforth be known as) KHATIB ALI, vide an affidavit sworn before the Notary Public at Kolkata on 23/01/2023. KATIB ALI and KHATIB ALI both are same and one identical person.

Name Change
I, NOORUDDIN GAZI (Old Name) S/o ABDUL MABUD GAZI residing at R-188/2, Cotton Mill Lane, PS-Matiabruz, Pin- 700044 WB India, I have changed my name (Shall henceforth be known as) NURUDDIN GAZI, vide an affidavit sworn before the Notary Public at Kolkata on 23/01/2023. NOORUDDIN GAZI and NURUDDIN GAZI both are same and one identical person.

Name Change
I, FATIMA BEGUM (Old Name) W/o KUTUBUDDIN GAZI residing at R-188/2, Cotton Mill Lane, PS- Matiabruz, Pin-700044 WB India, I have changed my name(Shall henceforth be known as) FATIMA BIBI, vide an affidavit sworn before the Notary Public at Kolkata on 23/01/2023. FATIMA BEGUM and FATIMA BEGUM both are same and one identical person.

Name Change
I, MD AUNCHAR GAZI alias MD ANCHHAR GAZI (Old Name) S/o LT MAHAMMAD GAZI residing at Beraliya, Balarampur, Madarat, Baruipur, Pin-743610 WEST BENGAL, INDIA I have changed my name (Shall henceforth be known as) ANCHHAR GAZI, vide an affidavit sworn before the Notary Public at Kolkata on 23/01/2023. MD AUNCHAR GAZI, MD ANCHHAR GAZI and ANCHHAR GAZI both are same and one identical person.

Name Change
I, TUMPA MANDAL (Old Name) W/o ALAMGIR MONDAL residing at Vill+PO-Balti, PS- Swarupnagar, Dist-North 24 Parganas WB India, I have changed my name(Shall henceforth be known as) FATEMA BIBI, vide an affidavit sworn before the Ld. Judicial Magistrate, 1 st Class at Basirhat on 17/01/2023. TUMPA MANDAL and FATEMA BIBI both are same and one identical person.

Name Change
I, MD DINMAHAMMAD MONDAL (Old Name) S/o MUKTAR ALI MONDAL residing at Vill-Chandpur, PO+PS-Dhantala, Dist-Nadia, Pin-741202 WB India, I have changed my name (Shall henceforth be known as) DINMAHAMMAD MONDAL, vide an affidavit sworn before the Notary Public at Kolkata on 23/01/2023. MD DINMAHAMMAD MONDAL and DINMAHAMMAD MONDAL both are same and one identical person.

Name Change
I, MD FAIZEL HAQUE MISTRY (Old Name) S/o KADER BOX MISTRY residing at Vill-Mirpur, PO-Chakenayetnagar, PS- Bishnupur, Dist- (S) 24 Pgs, Pin-743503 WB India, I have changed my name(Shall henceforth be known as)AIZEL HAQUE MISTRY, vide an affidavit sworn before the Notary Public at Kolkata on 23/01/2023. MD FAIZEL HAQUE MISTRY and AIZEL HAQUE MISTRY both are same and one identical person.

Name Change
I, MD SAEED ANOWAR MISTRY (Old Name) S/o AIZEL HAQUE MISTRY residing at Vill-Mirpur, PO-Chakenayetnagar, PS-Bishnupur, Dist- (S) 24 Pgs, Pin-743503 WB India, I have changed my name(Shall henceforth be known as)SAEED ANWAR MISTRY, vide an affidavit sworn before the Notary Public at Kolkata on 23/01/2023. MD SAEED ANOWAR MISTRY and SAEED ANWAR MISTRY both are same and one identical person.

Name Change
I, BINA KARMAKAR (Old Name) W/o RAJ KUMAR KARMAKAR residing at Chandpur Purbapara, PS- Dhantala, Ranaghat, Dist-Nadia, Pin-741202 WB India, I have changed my name(Shall henceforth be known as) JAMUNA KARMAKAR, vide an affidavit sworn before the Notary Public at Kolkata on 23/01/2023. BINA KARMAKAR and JAMUNA KARMAKAR both are same and one identical person.

Name Change
I, MOUMITA DAS (Old Name) W/o SIMUL MAJUMDER residing at D/32, NEW PATULI, PANCHASAYAR, KOLKATA- 700094 WB India, I have changed my name (Shall henceforth be known as) MOUMITA MAJUMDER, vide an affidavit sworn before the Notary Public at Kolkata on 23/01/2023. MOUMITA DAS and MOUMITA MAJUMDER both are same and one identical person.

Name Change
I, SUSMITA BARUI (Old Name) D/o KAMAL DAS residing at SARADA PALLY PO-ABDALPUR MADHYAMGRAM NORTH 24 PARGANAS PIN 70055 WB India, I have changed my name (Shall henceforth be known as) SUSHMITA BARUI DAS, vide an affidavit sworn before the Notary Public at Kolkata on 23/01/2023. SUSMITA BARUI and SUSHMITA BARUI DAS both are same and one identical person.

পূর্ব বর্ধমানে প্রশাসনিক বৈঠক করবেন মুখ্যমন্ত্রী

দুরন্ত বার্তা, পূর্ব বর্ধমান, ২৩ জানুয়ারি ঃ মঙ্গলবার পূর্ব বর্ধমানের গোদার মাঠে একটি প্রশাসনিক বৈঠকে যোগ দেবেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। ওই সভা থেকেই মুখ্যমন্ত্রীর হাত থেকে ১০০০ জনকে তাঁদের জমির জন্য পাট্টা প্রদান করবেন মুখ্যমন্ত্রী। যারা সেই পাট্টা পাবেন তাঁরা প্রত্যেকেই পূর্ব বর্ধমান জেলারই বাসিন্দা। এদের কেউ বসবাসের জমির জন্য পাট্টা পাবেন আবার কেউ চাষের জমির জন্য। যারা বসবাসের জমির পাট্টা পাবেন তাঁদের জমির পরিমাণ আড়াই কাঠা জমি ও যারা চাষের জন্য পাট্টা পাবেন তাঁদের জমির পরিমাণ পাঁচ কাঠা বলে জেলা ভূমি ও ভূমি রাজস্ব দফতর সূত্রে জানা গিয়েছে। উল্লেখ্য, এবার রাজ্য সরকার 'দুয়ারে সরকার' প্রকল্পেও পাট্টার জন্য আবেদনপত্র জমা নিয়েছিল। প্রতিটি জেলাতেই উপভোক্তারা আবেদন করেন। পূর্ব বর্ধমানেও কয়েকশো আবেদনপত্র জমা পড়েছিল। সেই সব আবেদন খতিয়ে দেখে আবেদনকারীদের কাছে থাকা নথি দেখে পাট্টা প্রদানের জন্য ১ হাজার জনকে বেছে নেওয়া হয়েছে। এই কর্মসূচি নিয়ে পূর্ব বর্ধমান জেলা পরিষদের সভাধিপতি শম্পা ধাড়া জানিয়েছেন, মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বাধীন মা-মাটি-মানুষের সরকার ক্ষমতায় আসার পর থেকেই পাট্টা প্রদানের ক্ষেত্রে জোর দেওয়া হয়েছে। অনেকেই পাট্টা পেয়ে বাড়ি পেয়েছেন। আগে পাট্টা প্রদানের ক্ষেত্রে রাজনীতির রং দেখা হতো। এখন সেসব হয় না। প্রকৃত গরিবরা জমি পান। বাড়ির জন্য আড়াই কাঠা জমি পাট্টা দেওয়া হয়। চাষের জন্য প্রতি উপভোক্তাকে পাঁচ কাঠা জমি পাট্টা দেওয়া হয়। সরকার চায় প্রত্যেক বাসিন্দার মাথার উপর ছাদ হোক। সেই কারণে কারও জমি না থাকলে তাঁকে পাট্টা দেওয়া হচ্ছে। আবেদনকারীদের নথি ঠিক থাকলে পাট্টা পেতে সমস্যা হয় না। এবছর রেকর্ড সংখ্যক উপভোক্তা পাট্টা পাচ্ছেন। মুখ্যমন্ত্রী ২ ফেব্রুয়ারির সভা থেকে পাট্টা দেওয়া ছাড়াও অন্যান্য প্রকল্পেরও সুবিধা দেবেন। প্রতিটি ব্লকের আলাদা আলাদা স্টল থাকছে। সেখান থেকে পাট্টার নথি দেওয়া হবে। মুখ্যমন্ত্রী কয়েকজনকে মঞ্চ থেকে পাট্টার নথি দেবেন।

লরির ধাক্কায় মৃত্যু

দুরন্ত বার্তা, মেদিনীপুর, ২৩ জানুয়ারি ঃ সোমবার সপ্তাহের শুরুর দিনেই দুর্ঘটনা। লরির ধাক্কা প্রাইভেট কারকে। লরিকে আটকাতে গিয়ে মৃত্যু চিকিৎসকের। সোমবার ভোরের দিকে পশ্চিম মেদিনীপুরের নারায়ণগড় থানার ৬০ নম্বর জাতীয় সড়কে উকুনমারির কাছে গাড়ির ধাক্কায় মৃত্যু হয়েছে এক চিকিৎসকের। খড়গপুর থেকে প্রাইভেট গাড়িতে করে দিঘা যাচ্ছিলেন ওই চিকিৎসক দম্পতি-সহ আরও পাঁচ জন। যাওয়ার সময়ই পথে একটি লরি জাতীয় সড়কে ওই প্রাইভেট কারটিকে ওভারটেক করতে গেলেই প্রাইভেট কারের সামনের অংশে ধাক্কা লাগে। দুর্ঘটনার পর প্রাইভেট কারের যাত্রীরা নেমে গেলেও ওই লরি চালককে আটকে, বচসায় জড়িয়ে পড়েন। এরপর লরি চালক, লরি নিয়ে এগিয়ে যেতে চাইলে চিকিৎসক ৪৫ বছর বয়সি গৌতম মুখোপাধ্যায়, লরির সামনে দাঁড়িয়ে তাকে আটকাতে যায় গেলে তার ওপর দিয়ে লরি চালিয়ে চলে যায়। ঘটনাস্থলেই লরির তলায় চাপা পড়ে মৃত্যু হয় ওই চিকিৎসকের। এই ঘটনায় আহত হয়েছে আরও দু'জন। আহতদের চিকিৎসার জন্য নিয়ে যাওয়া হয় মকরামপুর হাসপাতালে। ঘটনার খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে গিয়ে ঘটনার তদন্ত শুরু করেছে। লরি নিয়ে চালক পলাতক।

এলাকায় গিয়ে বিক্ষোভের মুখে সভাধিপতি

ভুল করে থাকলে মানুষের কাছে ক্ষমা চাওয়ার পরামর্শ বিধায়কের

দুরন্ত বার্তা, মালদা, ২৩ জানুয়ারি ঃ ভুল করে থাকলে মানুষের কাছে ক্ষমা চেয়ে নিন। দিদির দূত কর্মসূচিতে গিয়ে এমনটাই নির্দেশ বিধায়কের। বিলম্বিত বোধাদয়, কটাক্ষ বিজেপির। পঞ্চায়েত ভোটের প্রাক্কালে তুঙ্গে রাজনৈতিক তরজা। উল্লেখ্য,সামনেই পঞ্চায়েত ভোট। জনসংযোগ বাড়াতে মমতা ব্যানার্জির নির্দেশে শুরু হয়েছে দিদির দূত কর্মসূচি। এলাকায় এলাকায় গিয়ে মানুষের অভিযোগ শুনছেন তৃণমূলের নেতা এবং জনপ্রতিনিধিরা। সেই কর্মসূচির অঙ্গ হিসেবেই সোমবার চাঁচল ১ নং ব্লকের অলিহন্ডা গ্রাম পঞ্চায়েতে যান বিধায়ক নীহার রঞ্জন ঘোষ। এই গ্রাম পঞ্চায়েত বর্তমানে তৃণমূলের দখলে। সেখানে পঞ্চায়েতের প্রধান, উপপ্রধান এবং পঞ্চায়েত সদস্যদের সঙ্গে বৈঠক করেন তিনি। এলাকার উন্নয়ন থেকে শুরু করে মানুষের অভাব-অভিযোগ নিয়ে আলোচনা করেন। তিনি বলেন, ভুল করে থাকলে মানুষের কাছে ক্ষমা চেয়ে নিন। আর বিধায়কের এই মন্তব্য ঘিরে শুরু হয়েছে বিতর্ক। রবিবার চাঁচল বিধানসভার কুশিদা এলাকায় দিদির দূত কর্মসূচিতে গিয়ে এলাকাবাসীর বিক্ষোভের মুখে তৃণমূল বিধায়ক নীহার রঞ্জন ঘোষ। প্রধানমন্ত্রী আবাস যোজনায় ব্যাপক দুর্নীতি এবং স্বজনপোষণের অভিযোগ তুলে বিক্ষোভ দেখান গ্রামবাসীরা। সেই ঘটনার রেশ কাটতে না কাটতে আজ চাঁচল বিধানসভার অলিহন্ডা অঞ্চলে দিদির দূত কর্মসূচিতে যান নিহার রঞ্জন ঘোষ। সেখানে বিক্ষোভের মুখে না পড়লেও এলাকার পঞ্চায়েত প্রধান এবং জনপ্রতিনিধিদের ক্ষমা চাওয়ার নিদান দেন বিধায়ক। বিধায়ক নীহার রঞ্জন ঘোষ অলিহন্ডা ও চাঁচল এই দুই গ্রাম পঞ্চায়েত সদস্যদের উদ্দেশ্যে বলেন, ভুল করে থাকলে মানুষের কাছে গিয়ে ক্ষমা চেয়ে নিন। মানুষের পাশে থাকুন মানুষের হয়ে কাজ করুন। মানুষের বাড়ি বাড়ি গিয়ে সমস্যা শুনুন। দরকার পড়লে ভুলের ক্ষমা চেয়ে নিন। অলিহন্ডা গ্রাম পঞ্চায়েতের সদস্য আফসার আলী বলেন, আজ আমাদের বিধায়ক পঞ্চায়েত সদস্য এবং প্রধানকে নিয়ে বৈঠক করেন। সেখানে বিধায়ক নির্দেশ দিয়েছেন, কোনো সদস্য বা পঞ্চায়েত প্রধানের ভুল হলে এলাকায় গিয়ে মানুষের কাছে ক্ষমা চেয়ে নিতে। কাজ করতে গেলে মানুষ মাত্রই ভুল হয়, যদি ভুল হয়ে থাকে আমরা তাহলে ক্ষমা চেয়ে নেব মানুষের কাছে গিয়ে। যদিও বিধায়কের এমন নিদানের কটাক্ষ ছুড়েছে বিজেপি। বিজেপির মালদা জেলা যুব মোর্চার সহ সভাপতি সুমিত সরকার বলেন, বিলম্বিত বোধোদয়। পঞ্চায়েত ভোটের মুখে ভুল বুঝতে পেরেছে তাই ক্ষমা চাইতে যাচ্ছে। কিন্তু মানুষ এদের ক্ষমা করবে না। সাধারণ মানুষ দিদির দূতকে ভূত বানিয়ে এলাকাছাড়া করছেন। এদিকে ফের দিদির দূত কর্মসূচিতে গিয়ে এবারে বিক্ষোভের মুখে পড়লেন মালদা জেলা পরিষদের সভাধিপতি রফিকুল হোসেন। সোমবার দুপুরে মালদার ইংরেজবাজার ব্লকের বিনোদপুর অঞ্চলে যান দিদির সুরক্ষা কবজের মাধ্যমে দিদির দূত হয়ে। কিন্তু সেখানে গ্রামবাসীদের বিক্ষোভের মুখে পড়েন জেলা পরিষদের সভাধিপতি। ঘটনাকে ঘিরে হুলুস্থুল পরিস্থিতির সৃষ্টি হয় ওই এলাকায়। রীতিমতো জেলা পরিষদের সভাধিপতিকে ঘিরে চলে বিক্ষোভ। পাশাপাশি স্থানীয় বাসিন্দাদের দাবি, আবাস যোজনার ঘর থেকে বঞ্চিত রয়েছেন এবং বিভিন্ন সুযোগ-সুবিধা থেকেও তারা বঞ্চিত যার কারণে তাদের এই দিদির দূতদের ঘিরে বিক্ষোভ কর্মসূচি। যদিও বিক্ষোভের বিষয়ে জেলা পরিষদের সভাধিপতি জানান, এখানকার মানুষজনের কিছু অভাব-অভিযোগ ছিল সে কারণে তারা বিক্ষোভ দেখিয়েছেন।

স্কুলে দুই শিক্ষকের হাতাহাতি

দুরন্ত বার্তা, কাটোয়া, ২৩ জানুয়ারি ঃ মিড ডে মিলে মরশুমি ফল নিয়ে বিবাদের জেরে পূর্ব বর্ধমানের কাটোয়া থানার চুরপুনি অবৈতনিক প্রাথমিক বিদ্যালয়ের স্কুলের মধ্যেই দুই শিক্ষকের হাতাহাতি। সোমবার শিক্ষকদের এমন অবস্থা দেখে কার্যত ভয়ে সিঁটিয়ে গেল পড়ুয়ারা। সোমবার স্কুলে নেতাজি জন্মজয়ন্তী পালনের প্রস্তুতির সময় ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের সঙ্গে ফলের গুণমান নিয়ে বচসা শুরু হয়। ঘরের মধ্যেই দুই শিক্ষকের মধ্যে বচসা ক্রমশ হাতাহাতি পর্যন্ত গড়ায়। স্কুলের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষককে মারধর করার অভিযোগ উঠল। আহত শিক্ষক প্রসেনজিৎ চন্দ স্কুলের বাইরে বেরিয়ে চিৎকার করতে শুরু করলে স্থানীয় বাসিন্দারা গিয়ে পরিস্থিতি সামাল দেন। সিপিএম শিক্ষক সংগঠনের নেতার বিরুদ্ধেই মারধরের অভিযোগ উঠেছে। প্রধান শিক্ষক সাহায্য চাইলে আশপাশের স্কুল থেকে শিক্ষকরা গিয়ে আহত শিক্ষককে কাটোয়া থানায় নিয়ে যান। শিক্ষক তথা সিপিএম নেতা কৌশিক দে-র বিরুদ্ধে অভিযোগ দায়ের করা হয়েছে। এই ঘটনাকে কেন্দ্র করে চাঞ্চল্য ছড়িয়েছে এলাকায়। অভিযুক্ত শিক্ষক কৌশিক দে মারধরের ঘটনার কথা অস্বীকার করেছেন। তাঁর দাবি, গুণমান নিয়ে প্রশ্ন তোলায় ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক তাঁকেই ধাক্কা মেরেছিল, এরপরই পাল্টা আঘাত করেন তিনি। বলেন, পড়ুয়াদের দেওয়ার জন্য যে আপেল কেনা হয়েছে, তার হিসেব চাইতে গেলে আমাকে ধাক্কা মারে। তিনি জানান, তিনি প্রধান শিক্ষককে সামান্য ধাক্কা মারলে প্রধান শিক্ষক আলমারির পাশে পড়ে যান। তাঁর সামান্য চোট লেগেছে বলে দাবি করেন তিনি। কাটোয়া থানা ঘটনার তদন্তে নেমেছে।

চিটফান্ডের জমিতে সাইনবোর্ড

দুরন্ত বার্তা, ফালাকাটা, ২৩ জানুয়ারি ঃ আলিপুরদুয়ারের ফালাকাটার বংশীধরপুরে চিটফান্ডের জমিতে সাইনবোর্ড লাগানো নিয়ে উত্তেজনা ছড়াল। সোমবার সকালে জনাকয়েক ব্যক্তি জমিতে সাইনবোর্ড লাগাতে এলে গ্রামবাসীদের সঙ্গে বিবাদ বাঁধে। সেই সময় এক ব্যক্তি নিজেকে জমির মালিক বলে দাবি করেন। পাল্টা গ্রামবাসীদের বক্তব্য জমিটি এক চিটফান্ড কোম্পানির। তাঁদের বক্তব্য গ্রামের সবাই চিটফান্ডে আমানতকারী। তাই এই জমি ছাড়বেন না কোনওক্রমেই। জানা গেছে, এদিন সকালে জলদাপাড়া বনাঞ্চল লাগোয়া বংশীধরপুরের চিটফান্ডের একটি জমিতে জঙ্গল সাফাই করতে আসেন জনা কয়েক শ্রমিক। লাগিয়ে দেন মালিকের নামে একটি সাইনবোর্ড। সেই সময় এই কাজে বাধা দেন স্থানীয় বাসিন্দারা। অর্ধেন্দু বনিক নামে এক ব্যক্তি নিজেকে জমির মালিক দাবি করে বলেন, জমিটি চিটফান্ডের হলেও তিনি নিলামের মাধ্যমে জমিটি ক্রয় করেছেন। অর্ধেন্দু মালিক জানিয়েছেন, ওই জমিতে রিসর্ট তৈরি হবে। এজন্য আগামী ২৭ জানুয়ারি ভূমিপুজো করার কথা। এজন্যই এদিন জঙ্গল সাফাইয়ের কাজ শুরু হয়। সাইনবোর্ডও নিয়ে আসা হয়। তবে স্থানীয় আমানতকারীদের বাধায় কোনও কাজই সেখানে করা যায়নি। তিনি প্রশাসনের দ্বারস্থ হবেন। এদিকে স্থানীয়দের বক্তব্য, তাঁরা সবাই চিটফান্ডের আমানতকারী। টাকা রেখে প্রত্যেকেই ঠকেছেন। নিজের হারানো টাকা ফেরত না পাওয়া পর্যন্ত এই জমিটি কোনওভাবেই অন্য কাওকেই নিতে দেবেন না।

জগন্নাথের হুঁশিয়ারি

গোপাল বিশ্বাস, নদীয়া, ২৩ জানুয়ারি ঃ সম্প্রতি নদীয়ার রানাঘাটে এক কর্মসূচিতে এসে রাজ্য সরকারের পুর ও নগর উন্নয়ন মন্ত্রী ফিরহাদ হাকিম বলেন আবাস যোজনা সহ ১০০ দিনের কাজের টাকা, যা আসলে সাধারণ মানুষ তথা বাংলার জনগণের টাকা কেন্দ্র দিচ্ছে না। পাশাপাশি তিনি আরও বলেন, এটা কেন্দ্র বা বিজেপির পিতৃ দেবের টাকা না, জনগণের টাকা। এদিন নদীয়ার নবদ্বীপে দলীয় এক কর্মসূচীতে এসে ফিরহাদ হাকিমের এই বক্তব্য প্রসঙ্গে রানাঘাট লোকসভার বিজেপি সাংসদ জগন্নাথ সরকার তৃণমূল কংগ্রেসকে তীব্র ভাষায় আক্রমণ করেন। নেতাজি সুভাষচন্দ্র বসুর ১২৬ তম জন্মজয়ন্তী উপলক্ষে নবদ্বীপ শহর উত্তর মন্ডল বিজেপির পক্ষ থেকে এদিন এক অনুষ্ঠানের আয়োজন করা হয় নবদ্বীপ শহরের অন্যতম হরিসভা পাড়া সাধারণ গ্রন্থাগার ভবনে। সেখানে উপস্থিত ছিলেন রানাঘাটের সাংসদ জগন্নাথ সরকার, নদীয়া উত্তরের বিজেপি সভাপতি অর্জুন বিশ্বাস। এছাড়াও ছিলেন নদীয়া উত্তরের বিজেপি নেতা নবীন চক্রবর্তী, নবদ্বীপ শহর উত্তর মন্ডলের সভাপতি শংকর দেবনাথ সহ আরও অনেকে। এদিন সাংবাদিকদের মুখোমুখি হয়ে আবাস যোজনা প্রসঙ্গে ফিরহাদ হাকিমের করা বক্তব্যকে কটাক্ষ করে জগন্নাথ সরকার বলেন, সম্পত্তি কারো পৈত্রিক নয় এটা জানা দরকার, সেটা রাজ্যেরও নয়, কেন্দ্রেরও নয়। এটা জনগণের টাকা। জনগণের টাকা বিলি করার একটা নিয়ম আছে। কিন্তু জনগনের টাকাকে বাপের সম্পত্তি বানিয়ে তৃণমূলের নেতারা লুটেপুটে খাচ্ছে, তবে আগামী দিনে যারা এই অন্যায় কাজ করছে তাঁদেরও জেলে ঢুকিয়ে ছাড়া হবে। সব মিলিয়ে পঞ্চায়েত ভোটের নির্ঘন্ট সরকারি ভাবে ঘোষণা না হলেও ইতিমধ্যে শাসক-বিরোধী দলগুলি যে ভোটের দামামা বাজিয়ে দিয়েছে তা বলাই বাহুল্য।

নিম্নমানের সামগ্রী

এজাজ আহম্মদ, খড়গ্রাম, ২৩ জানুয়ারি ঃ সোমবার মুর্শিদাবা জেলার খড়গ্রাম ব্লকের অন্তর্গত আউগ্রাম ক্যানেল থেকে ঝিকর হাটি পর্যন্ত প্রধানমন্ত্রী গ্রামীণ সড়ক যোজনার রাস্তা নিম্নমানের সামগ্রী দিয়ে তৈরি করছিলেন শ্রমিকরা। আর সেই অভিযোগ দিদির সুরক্ষা কবজ কর্মসূচিতে পান বিধায়ক আশিস মার্জিত গ্রামবাসীদের কাছে, গ্রামবাসীদের কাছে অভিযোগ পেয়ে সোমবার দুপুরে নিজে সেই রাস্তার কাজ পরিদর্শন করেন এবং তিনি তিনি খতিয়ে দেখেন সেই রাস্তা সত্যিই নিম্নমানের সামগ্রী দিয়ে তৈরি করছিল ঠিকাদার। তৎক্ষণাৎ বিধায়ক আশিস মার্জিত রাস্তা তৈরীর কাজ বন্ধ করে দেন এবং ঠিকাদারকে জিজ্ঞাসা করেন কি কারণে ওই রাস্তার কাজ নিম্নমানের সামগ্রী দিয়ে তৈরি করা হচ্ছিল, পাশাপাশি যতক্ষণ না পর্যন্ত সঠিক নিয়মে রাস্তা তৈরির কাজ ঠিকাদার করবে ততক্ষণ পর্যন্ত ওই রাস্তার কাজ বন্ধ থাকবে বলে জানিয়েছেন বিধায়ক।

প্রগতি মেলার শুভ উদ্বোধনে বিধায়ক

দুরন্ত বার্তা, জামালপুর, ২৩ জানুয়ারি ঃ বাঙালির বার মাসে তের পার্বণ, তাই উৎসব লেগেই থাকে। পূর্ব বর্ধমানের জামালপুরের রুদা গ্রামে আজ থেকে শুরু হলো কৃষি, হস্তবিপনি ও প্রযুক্তি মেলা। এই বছর এই মেলা ১৫ বছরে পদার্পণ করে। যদিও শেষ দু'বছর করোনার কারণে মেলা অনুষ্ঠিত হয়নি। ২৩ জানুয়ারি নেতাজি সুভাষচন্দ্র বসুর জন্মদিনের পূণ্য লগ্নে এই মেলার শুভ সূচনা হলো। মেলার উদ্বোধন করেন জামালপুরের বিধায়ক অলক কুমার মাঝি ও পঞ্চায়েত সমিতির পূর্ত কর্মাধ্যক্ষ মেহমুদ খান, পশ্চিমবঙ্গ সরকারের নাট্য একাডেমি পুরস্কার প্রাপ্ত সুরকার জিয়াউর রহমান, উপস্থিত পঞ্চায়েত সমিতির নারী ও শিশু কল্যাণের কর্মাধ্যক্ষ শিপ্রা ওঝা ও পর্বতপুর হাই স্কুলের প্রধান শিক্ষক অতনু ঘোষ সহ অন্যান্যরা। ফিতে কেটে তারা মাঠে ঢোকেন। পরে মঞ্চে প্রদীপ প্রজ্জ্বলনের মাধ্যমে অনুষ্ঠানের শুভ সূচনা করা হয়। পঞ্চায়েত সমিতির পূর্ত কর্মাধ্যক্ষ মেহেমুদ খান এই মেলার জন্য পঞ্চায়েত সমিতি থেকে ১০ হাজার টাকা অনুদান ঘোষণা করেন। মেলাকে বিশেষ ভাবে সহযোগিতা করছে ভারত সরকারের তথ্য ও সংস্কৃতি দপ্তরের পূর্বাঞ্চল শাখা। বিধায়ক এই মেলার উদ্যোক্তাদের সাধুবাদ জানান গ্রামের বুকে এই ধরনের সুন্দর একটা মেলা করার জন্য। তিনি মেলার পরিবেশের প্রশংসা করেন। মেহেমুদ খান বলেন তিনি দীর্ঘদিন ধরেই এই মেলায় আসছেন। কর্মকর্তাদের ব্যবস্থাপনা অত্যন্ত ভালো। তিনি উদ্যোক্তাদের সকলকে মেলা দেখার সুযোগ করে দেবার কথা বলেন বিশেষ করে গ্রামের বয়স্ক মানুষরা যারা অন্য কোথাও আর মেলা দেখতে যেতে পারবেন না তাদের যেনো বাড়ির লোকেরা নিয়ে এসে মেলা দেখান সেই আবেদন রাখেন। পরে অনুষ্ঠানে এসে যোগ দেন সদর দক্ষিণ মহকুমা পুলিশ আধিকারিক সুপ্রভাত চক্রবর্তী ও জামালপুর থানার ভারপ্রাপ্ত আধিকারিক রাকেশ সিং। নানা কৃষিজ ফসল প্রদর্শিত হচ্ছে এই মেলায় যাদের পরে পুরস্কৃত করা হবে। হাতে তৈরি নানা কাপড়ের জিনিস ও ইলেকট্রনিক্স জিনিস বিক্রি হচ্ছে মেলায়। বসেছে নানা খাবারের দোকান, মনোহারী দোকান।

বালির লরি আটকে বিক্ষোভ জামালপুরে

দুরন্ত বার্তা, পূর্ব বর্ধমান, ২৩ জানুয়ারি ঃ দীর্ঘদিন ধরে চলাচলের রাস্তায় প্রতিদিন শ'য়ে শ'য়ে চলছে বালির লরি। দিনে এবং রাতে দামোদর নদ থেকে চলছে ক্লান্তিহীন ভাবে বালি তোলা। এর ফলে রাস্তা চলাচলে প্রতি মুহূর্তে বিপদের আশঙ্কায় দিন কাটাতেন সাধারণ মানুষ। অনবরত এই বালির লরিতে অতিষ্ঠ হয়ে শেষ পর্যন্ত লরি আটকে সোমবার সকালে চরম বিক্ষোভ দেখালেন পূর্ব বর্ধমানের জামালপুর থানার নসিপুর এলাকার বাদিন্দারা। বাসিন্দাদের দাবী, পলেমপুর থেকে কারালাঘাট পর্যন্ত দামোদরের ধারে বৈধ ও অবৈধ মিলে রয়েছে ডজন খানেকেরও বেশী বালি খাদান। জামালপুর ও রায়না ব্লকের অধীনে রয়েছে ওই বালি খাদান। জামালপুর ব্লকের অধীন শম্ভুপুর থেকে শুরু করে চক্ষনজাদি, চলবলপুর, কনকপুর সাদিপুর, নসীপুরের উপর দিয়ে জামালপুর হয়ে চলাচল করে বালিবোঝাই লরিগুলি। বাঁধের ওই রাস্তায় একের পর এক লরি যাওয়ায় স্বাভাবিক ভাবেই আতঙ্কিত বাসিন্দারা। বাঁধের ওই রাস্তার ধারেই রয়েছে হাফডজনের বেশী স্কুল, রয়েছে বাজার হাট ও বসতিবাড়ি। অনেক অভিযোগ করে স্কুল টাইমে কিছুটা লরির দৌরাত্ম্য কম হলেও বাকি সময়টুকু প্রাণ হাতে করে চলতে হয় বিশ-পঁচিশটি গ্রামের বাসিন্দাদের। রাতে শয়ে শয়ে লরি দাঁড়িয়ে থাকে রাস্তার উপর। সারা রাত চলাচল করে লরি। রাস্তার পাশে থাকা বাড়িগুলির বাসিন্দারা লরির বিকট আওয়াজ ও ক্রমাগত হর্নে শান্তিতে ঘুমাতে পর্যন্ত পারে না। বাড়ির কচিকাঁচাদের নিয়ে চিন্তায় থাকেন তারা। এদিকে গ্রামবাসীদের আপত্তিতে কানে তোলে না স্থানীয় প্রশাসন ও একশ্রেণীর অসাধু রাজনৈতিক নেতৃত্ব। অবাধে বালি লুট করতে তারা ব্যস্ত। তাই বাধ্য হয়েই এদিন বালির লরি আটকে বিক্ষোভ দেখায় জামালপুর ব্লকের নসিপুর এলাকার বিক্ষুব্ধ বাদিন্দারা। ঘটনাস্থলে আসে জামালপুর থানার পুলিশ। পুলিশের গাড়ি আটকে চলে বিক্ষোভ। এলাকাবাসীর অভিযোগ রাজনৈতিক নেতৃত্ব এবং পুলিশ প্রশাসনের একাংশের মদতে অবাধে চলছে বালির কারবার। তাই এটা বন্ধের আশ্বাস না পাওয়া পর্যন্ত তারা রাস্তা অবরোধ রাখবেন। শেষে জামালপুর থানার পুলিশের পক্ষ থেকে আশ্বাস পেয়ে রাস্তা অবরোধ তুলে নেন এলাকাবাসী।

নেতাজির জন্মদিবস পালন বর্ধমানে

সুজিত দত্ত, বর্ধমান, ২৩ জানুয়ারি ঃ ভারতের বীর সন্তান নেতাজি সুভাষচন্দ্র বসুর ১২৬তম জন্মবার্ষিকী পালন করা হল পূর্ব বর্ধমান জেলা প্রশাসনের উদ্যোগে। বর্ধমান শহরের কার্জন গেট চত্বরে নেতাজি সুভাষচন্দ্র বসুর মূর্তির পাদদেশে পালিত হল ১২৬ তম জন্মদিবস। এদিন নেতাজির মূর্তিতে মাল্যদান করেন পূর্ব বর্ধমান জেলা পরিষদের সভাধিপতি শম্পা ধাড়া, জেলাশাসক প্রিয়াংকা সিংলা সহ অন্যান্যরা। বক্তব্য রাখতে গিয়ে জেলাশাসক প্রিয়াংকা সিংলা বলেন, ভারত মাতার বীর সন্তান নেতাজি সুভাষচন্দ্র বসুর আজ জন্মদিন। ব্রিটিশ শাসন থেকে ভারতকে মুক্ত করতে তার অবদান সব থেকে বেশি গুরুত্বপূর্ণ। ভারতবর্ষের সব থেকে বড় মুক্তিযোদ্ধা তিনি। পূর্ব বর্ধমান জেলা পরিষদের সভাধিপতি শম্পা ধাড়া বলেন, আজ ২৩ জানুয়ারি গোটা ভারতবর্ষের বাঙালিদের কাছে এক গর্বের দিন। কারণ আজ ভারত মাতার বীর সন্তান নেতাজি সুভাষচন্দ্র বসুর জন্মদিন। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় আজকের এই দিনটিকে নেতাজি উৎসব বলে ঘোষণা করেছেন। তার বিশেষ কিছু উক্তি ভারতীয়দের মেরুদন্ড সোজা করে দেয়। পরাধীন ভারতবর্ষকে ব্রিটিশ শাসন থেকে মুক্ত করতে তিনি যেভাবে ব্রিটিশদের বিরুদ্ধে রুখে দাঁড়িয়েছিলেন তার এই অবদান মনে রাখবে গোটা ভারতবর্ষ। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পূর্ব বর্ধমান জেলার জেলাশাসক প্রিয়াংকা সিংলা, পূর্ব বর্ধমান জেলা পরিষদের সভাধিপতি শম্পা ধাড়া, জেলা পরিষদের সহকারী সভাধিপতি দেবু টুডু, জেলা তথ্য সংস্কৃতি আধিকারিক রামশঙ্কর কর মন্ডল, বর্ধমান সদর থানার আইসি সুখময় চক্রবর্তী সহ বিশিষ্ট আধিকারিকবৃন্দ। উপস্থিত অতিথিবৃন্দ প্রত্যেকে মাল্যদান ও পুষ্পদান করেন নেতাজির মূর্তিতে।

রেলপথে দীর্ঘতম টানেল উদ্বোধন

দুরন্ত বার্তা, শিলিগুড়ি, ২৩ জানুয়ারি ঃ ২০২৪ সালের শুরুতেই উত্তর-পূর্ব ভারতের ছোট রাজ্য সিকিমের সাথে রেল যোগাযোগের সমস্ত কাজ শেষ করে রেল দপ্তরকে হস্তান্তর করবে বলে জানিয়েছেন প্রোজেক্ট ম্যানেজার শ্রী মুকুল জৈন। প্রতিবছর বর্ষাকালে পাহাড়ে ধসের ফলে ক্রমাগত উত্তরবঙ্গের সাথে সিকিমের সড়ক যোগাযোগ বন্ধ হয়ে যায়, যার ফলে উত্তর পূর্বাঞ্চলের সিকিম রাজ্য স্তব্ধ হয়ে পড়ে এবং সেই যোগাযোগ ব্যবস্থাকে স্থাপন করতে রেল যোগাযোগ ব্যবস্থা শুরু করার লক্ষ্যে পাহাড় কেটে টানেল বানিয়ে রেল যোগাযোগের কাজ ইতিমধ্যেই অনেকটাই এগিয়ে চলেছে, লক্ষ্যমাত্রা আগামী ২০২৪ সাল। ধসের ফলে বহু পর্যটকদের সড়ক দুর্ঘটনার সম্মুখীন হতে হয়েছে এবং পাশাপাশি দুর্ঘটনার কবলে পড়ে বহু দেহ তিস্তা নদীতে নিশ্চিহ্ন হয়েছে। এই রেল পথ উদ্বোধন হলে স্বাভাবিকভাবে উত্তরবঙ্গ সহ সিকিমের পর্যটন শিল্পে নতুন পালক লাগবে বলে পর্যটন শিল্পের ধারণা। মোট ৩৯ কিলোমিটার দৈর্ঘ্য পথ পাহাড়ে টানেল কেটে সেবক থেকে রংপুর পর্যন্ত মোট ১৪টি টানেলের কাজ দ্রুতগতিতে চলছে এবং ১১ নম্বর টানেল যার দৈর্ঘ্য ৩.২ কিলোমিটার এবং এই মুহূর্তে সবচেয়ে লম্বা টানেল বলেই রেলের আধিকারিকরা দাবি করছেন। সোমবার এই লম্বা টানালের আনুষ্ঠানিক উদ্বোধন করলেন উত্তর-পূর্ব সীমান্ত রেলের আলিপুরদুয়ার ডিভিশনের ডিআরএম দিলীপ কুমার সিং। সঙ্গে উপস্থিত ছিলেন এবিসিএল প্রোজেক্ট ম্যানেজার শ্রী মুকুল জৈন এবং তার সহকর্মীরা সাক্ষী রইলেন ১১ নম্বর টানেলের ব্রেকথ্রু অনুষ্ঠানে। প্রথম পর্যায়ে এই রেলপথ সেবক থেকে রংপুর পর্যন্ত যাবে এবং পরবর্তীতে রংপুর থেকে গ্যাংটক পর্যন্ত রেল যোগাযোগ স্থাপনের কথা রেলের আধিকারিকের মুখে শোনা গিয়েছে। এই রেলপথ হলে সিকিম রাজ্যের সাথে সহজেই রেল যোগাযোগের মধ্যে দিয়ে মানুষের অনেকটাই রেহাই হবে বলে জানিয়েছেন প্রোজেক্ট ম্যানেজার।

জমি বিবাদের জেরে রক্তাক্ত চার

দুরন্ত বার্তা, হরিশ্চন্দ্রপুর, ২৩ জানুয়ারি ঃ জমি মাপজোকের সময় ভাইয়ে ভাইয়ে জমি বিবাদকে কেন্দ্র করে রক্তাক্ত একই পরিবারের চারজন। ঘটনাটি ঘটেছে রবিবার সাড়ে তিনটা নাগাদ হরিশ্চন্দ্রপুর-১ নং ব্লকের মহেন্দ্রপুর গ্রাম পঞ্চায়েতের ভবানীপুর গ্রামে। গুরুতরভাবে জখম হয়েছেন আলাউদ্দিন(৬০) সহ তার স্ত্রী রবিনা বিবি(৫০) ও ছেলে রবিজুল ইসলাম (২৮) এবং পুত্রবধূ সাইদা খাতুন (২৩)। অপরদিকে আহত হয়েছেন আফাজুদ্দিনের দুই ছেলে আকাশ আলি (২৫) ও আজিম আলি (২২)। উভয় পক্ষই হরিশ্চন্দ্রপুর গ্রামীন হাসপাতালে চিকিৎসা করান। তবে আলাউদ্দিনের স্ত্রী ও তার পুত্রবধূর আশঙ্কাজনক অবস্থা দেখে ডাক্তারবাবুরা চাঁচল সুপার স্পেশালিটি হাসপাতালে স্থানান্তর করে দেন। উভয় পক্ষই রাতে হরিশ্চন্দ্রপুর থানায় লিখিত অভিযোগ দায়ের করেছেন বলে খবর। আহত রবিজুল ইসলাম জানান, এদিন রামপুর মাঠে দাদুর সম্পত্তি মাপজোক হচ্ছিল। তাঁর কাকা পূর্বে থেকেই রাস্তার ধারের অংশটি দখল করে চাষাবাদ করছিল। তবে এদিন আমিন মাপজোক করে দুটি অংশে ভাগ করে দিলেও তার কাকা রাস্তার ধারে বেশি অংশ পেয়ে যায়। পুনরায় মাপজোকের দাবি জানিয়ে জমির আলে দেওয়া বাঁশের খুঁটি তুলতে গেলে তার কাকা ও তার দুই ছেলে শাবল ও কোদাল দিয়ে তাদের মারধর করে রক্তাক্ত করে দেয়। তাঁর মায়ের ও স্ত্রীর মাথায় শাবলের আঘাত দিয়ে রক্তাক্ত করে দেয়, তার বাবার কানেও শাবল মেরে জখম করে দেয়। অপরদিকে তার ডান হাতের একটি আঙ্গুল ভেঙে দেয় বলে অভিযোগ। অপরদিকে অভিযুক্ত আফাজুদ্দিন জানান, তিনি দীর্ঘ ৩৬ বছর ধরে রাস্তার ধারের অংশটি দখল করে চাষাবাদ করে আসছেন। এখন তারা সেই অংশে ভাগ নেওয়ার জন্য এই ধরনের ঝামেলা লাগাচ্ছে। এর পূর্বে গ্রামে বসে সমস্যার সমাধান করে দিয়েছিলেন এলাকার মোড়লেরা। এখন তারা সেটা মানতে অস্বীকার করছে।

জিটিএ চুক্তিতে থাকছে না মোর্চা

দুরন্ত বার্তা, দার্জিলিং, ২৩ জানুয়ারি ঃ মমতা বন্দ্যোপাধ্যায় ক্ষমতায় আসার পর জিটিএ চুক্তি স্বাক্ষরিত হয়। এবার সেই জিটিএ চুক্তি থেকে বেরিয়ে আসবে গোর্খা জনমুক্তি মোর্চা। সোমবার কালিম্পংয়ে নবগঠিত ভারতীয় গোর্খাল্যান্ড সংঘর্ষ কমিটির সভা থেকে এই ঘোষণা করলেন বিমল গুরুং। প্রসঙ্গত, ২০১১ সালে মমতা বন্দ্যোপাধ্যায় ক্ষমতায় আসার পর জিটিএ চুক্তি স্বাক্ষরিত হয়। কেন্দ্র ও রাজ্যের প্রতিনিধি ও গোর্খা জনমুক্তি মোর্চার তরফে রোশন গিরি এই চুক্তিতে স্বাক্ষর করেন। যদিও তখন গোর্খাল্যান্ডের দাবিকে বজায় রেখেই জিটিএ চুক্তিতে স্বাক্ষর করে মোর্চা। কিন্তু তারপরেও পাহাড়ে অশান্তি কমেনি। বিভিন্ন সময় জিটিএ চুক্তি পুরোদস্তুর কার্যকর করার দাবিতে আন্দোলন হয় পাহাড়ে। পৃথক রাজ্যের দাবিতেও উত্তাল হয় পাহাড়। ঝড়ে রক্তও। পাহাড় ছাড়তে হয় বিমল গুরুংকে। এরপর তৃণমূলের সঙ্গে আঁতাত করে গুরুং পাহাড়ে ফিরলেও সম্পর্ক চিরস্থায়ী হয়নি। সম্প্রতি বিমল গুরুং, অজয় এডওয়ার্ড, বিনয় তামাংরা মিলে তৈরি করেছেন ভারতীয় গোর্খাল্যান্ড সংঘর্ষ কমিটি। সেই কমিটির সভা থেকেই গুরুং জানান, জিটিএ চুক্তি থেকে বেরিয়ে আসতে তাঁরা কেন্দ্র ও রাজ্য সরকারকে চিঠি দেবে। এনিয়ে তাঁরা আইনি পরামর্শও নিচ্ছেন।

সম্পর্ক অভিযান

দুরন্ত বার্তা, শিলিগুড়ি, ২৩ জানুয়ারি ঃ ভারতীয় জনতা যুব মোর্চার তরফে সীমান্তবর্তী গ্রাম পরিদর্শন ও সম্পর্ক অভিযান কর্মসূচি করা হলো সোমবার। খড়িবাড়ি পশ্চিম রামধন জোতে। সোমবার ভারত নেপাল সীমান্তবর্তী রামধন জোত গ্রামে স্থানীয় বাসিন্দাদের সঙ্গে কথা বলার পাশাপাশি সরকারের বিভিন্ন সুযোগ সুবিধা নিয়ে আলোচনা করেন দার্জিলিংয়ের সাংসদ রাজু বিস্তা। গ্রাম পরিদর্শন ও সম্পর্ক অভিযানে এসে প্রধানমন্ত্রী আবাস যোজনায় দুর্নীতি নিয়ে বিডিওকে ফোন করেন সাংসদ রাজু বিস্তা। প্রধানমন্ত্রী আবাস যোজনার তালিকা থেকে ওই এলাকার ১২৬ জনের নাম বাদ গিয়েছে কেন তার খোঁজ নেন তিনি। এই কর্মসূচিতে উপস্থিত ছিলেন সর্বভারতীয় বিজেপির যুব মোর্চার সাধারণ সম্পাদক রাজু বিস্তা। মাটিগাড়া নকশালবাড়ির বিধায়ক তথা শিলিগুড়ি সাংগঠনিক জেলার সভাপতি আনন্দময় বর্মন, ফাঁসিদেওয়ার বিধায়ক দূর্গা মুরমু সহ অন্যান্যরা।

পাঁচ মাইল দৌড়

দুরন্ত বার্তা, বাঁকুড়া, ২৩ জানুয়ারি ঃ নেতাজি সুভাষ চন্দ্র বসুর জন্মদিবস উপলক্ষে বাঁকুড়া জেলা জাতীয় ক্রীড়া ও শক্তি সংঘের পরিচালনায় পুরুষদের পাঁচ মাইল দৌড় প্রতিযোগিতার আয়োজন করা হয়। প্রতিযোগিতার আনুষ্ঠানিক উদ্বোধন করেন সদর মহকুমা শাসক সুশান্ত কুমার ভক্ত। বাঁকুড়া, পুরুলিয়া ও পশ্চিম মেদিনীপুর জেলার মোট ৮৪ জন প্রতিযোগী এই দৌড় প্রতিযোগিতায় অংশগ্রহন করেন। প্রতিযোগিতার শেষে পুরস্কার বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মহকুমা শাসক, পৌরপ্রধান অলকা সেন মজুমদার, উপ পৌরপ্রধান হীরালাল চট্টরাজ, সংস্থার সভাপতি বিশিষ্ট চিকিৎসক ডাঃ অমিতাভ চট্টরাজ। সংস্থার কার্যকরী কমিটির সদস্য ভজন দত্ত নেতাজির বিভিন্ন দিক নিয়ে আলোকপাত করেন। দৌড় প্রতিযোগিতায় যারা বিভিন্ন ভাবে সহযোগিতা করেছেন তাদের ধন্যবাদ জ্ঞাপন করেন দীপক ঘোষ। সফল প্রতিযোগীদের হাতে সুদৃশ্য ট্রফি ও আর্থিক পুরস্কার তুলে দেওয়া হয়।

অঞ্চল সম্মেলন

দুরন্ত বার্তা, বর্ধমান, ২৩ জানুয়ারিঃ সোমবার খন্ডঘোষ বিধানসভার সগরাই গ্রাম পঞ্চায়েতের সেহারা বাজার চন্দ্রপল্লী পাড়ায় বিজেপির অঞ্চল সম্মেলন অনুষ্ঠিত হল। নেতাজি সুভাষচন্দ্র বসুর জন্মদিন তথা পরাক্রম দিবস পালনের মধ্য দিয়ে শুরু হয় অঞ্চল সম্মেলন। প্রথম জাতীয় পতাকা উত্তোলন, পরে দলীয় পতাকা উত্তোলন, ভারত মাতা, নেতাজী সুভাষচন্দ্র বসু, ডঃ শ্যামাপ্রসাদ মুখার্জি ও পন্ডিত দীনদয়াল উপাধ্যায়ের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণের মাধ্যমে সম্মেলন শুরু হয়। সগরাই অঞ্চলের ২৩ টি বুথের বিভিন্ন কার্যকর্তা সহ মন্ডলের পদাধিকারী ও জেলা নেতৃত্ব উপস্থিত ছিলেন।

পূর্ব রেলওয়ে

সিনিয়ার ডিভিশনাল ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ার/(জেনারেল)/পূর্ব রেলওয়ে, শিয়ালদহ, ... কলকাতা-৭০০০১৪ কর্তৃক নিম্নলিখিত কাজগুলির জন্য নিম্নোক্ত ই-টেন্ডার আহ্বান করা হচ্ছে। ক্রম নং ১. টেন্ডার নং. ইএলইজি-ওটি-৮৪৬-২০২১-২২-আর১. কাজের বিবরণঃ [illegible] টেন্ডার মূল্য ঃ ₹ ৫,২২,৪৬৫.৩৬। বায়না অর্থঃ ₹ ১০,৫০০.০০। ক্রম নং ২. টেন্ডার নং. ইএলইজি-ওটি-১৬৪-২০২২-২৩. কাজের বিবরণঃ [illegible] টেন্ডার মূল্য ঃ ₹ ৭৮,৭৬,৫০২.৩৬। বায়না অর্থঃ ₹ ১,৫৭,৫০০.০০। ক্রম নং ৩. টেন্ডার নং. [illegible] টেন্ডার মূল্য ঃ ₹ ১৬,৭৮,৫১৯.০০। বায়না অর্থঃ ₹ ৩৩,৬০০.০০। [illegible] টেন্ডার জমার শুরুর তারিখঃ ২৭.০১.২০২৩। টেন্ডার জমা দেওয়ার শেষ তারিখঃ ১০.০২.২০২৩ তারিখ দুপুর ২টো। টেন্ডার বিজ্ঞপ্তি এবং সময়ে সময়ে জারি করা সংশোধনীর বিশদ ওয়েবসাইট www.ireps.gov.in-এ পাওয়া যাবে।
SDAH-272/2022-23
টেন্ডার বিজ্ঞপ্তি ওয়েবসাইট www.er.indianrailways.gov.in / www.ireps.gov.in-এও পাওয়া যাবে।
আমাদের অনুসরণ করুন : @EasternRailway Eastern Railway Headquarter

পূর্ব রেলওয়ে

টেন্ডার নোটিস নং. [illegible] ডিভিশনাল রেলওয়ে ম্যানেজার, পূর্ব রেলওয়ে, হাওড়া, [illegible] হাওড়া-৭১১১০১। [illegible] টেন্ডারের মূল্যঃ ₹ ১৬,৩৫,৫০৫/- [illegible] ₹ ৩২,৭০০। [illegible] ₹ ৫৭,২৫,৭৩৪/- [illegible] ₹ ২৫,২০০। [illegible] ₹ ১০,২৮,৪৯৫/- [illegible] ₹ ২০,৬০০। [illegible] https://www.ireps.gov.in-এ পাওয়া যাবে। [illegible]
HWH-382/2022-23
টেন্ডার বিজ্ঞপ্তি ওয়েবসাইট www.er.indianrailways.gov.in / www.ireps.gov.in-এও পাওয়া যাবে।
আমাদের অনুসরণ করুন : @EasternRailway Eastern Railway Headquarter

RASAPUNJA GRAM PANCHAYAT
UNDER THAKURPUKUR MAHESHTALA DEV. BLOCK
RASAPUNJA, BISHNUPUR, SOUTH 24 PGS
E-Tender Notice
Application are invited from bonafied contractors/agencies vide NIT bearing **memo nos are- 640/RGP/2023, dated-24/01/2023** of the undermentioned for "UPGRADATION OF SUBMERSIBLE" works under Rasapunja Gram Panchayat, TM Block., South 24 Parganas. Last Date of Bid Submission: **04/02/2023, 11:00 am,** Date of Opening **07/02/2023, 11:00 am.** For details, please see **www.etender.com**.
Sd/-Prodhan
Rasapunja Gram Panchayat
T/Maheshtala Dev. Block
South 24 Parganas

Office of the Garafusra Gram Panchayat
PURULIA-I Dev. BLOCK
NOTICE INVITING TENDER: 06/GGP/2022-23
Sealed Tender is invited from the experienced and resourceful bidders for the execution of total 5(five) Nos. similar works. Source of Fund: XV th FC. Work completion period: 10 days. Date of Sale of Tender Form on any working day from **24/01/2023 to 30/01/2023 from 11 am to 4 pm.** Last date of dropping of Sealed Tender form on **30/01/2023 up to 1PM.** Date of Opening of Tender on **30/01/2023 at 2 PM.** For details please visit office of the undersigned on any working days.
Sd/- Pradhan
Garafusra Gram Panchayat

Office of the Garafusra Gram Panchayat
Vill-Sindri, PO-S.C. Road, Dist:-Purulia
Notice Inviting e-Tender
No-WBPUR/GGP/NIET-2/22-23, Date:- 30/01/2023
E-Tender is invited by the Pradhan, Garafusra Gram Panchayat from the experienced and resourceful bidders for execution of total 7(Seven) nos. different works. Work completion Period: 30 Days. Document download starting from **24/01/2023 at 11.00 AM up to 31/01/2023 up to 5.00 P.M.** Last date of dropping of Sealed Tender Form on or before **31/01/2023 up to 5.00 PM.** Date of Opening of Tender **03/02/2023 at 11.00 AM.** For details please visit website **http://wbtenders.gov.in.**
Sd/- Pradhan
Garafusra Gram Panchayat

OFFICE OF THE PRADHAN
JABARRAH-JHAPRA 1NO GRAM PANCHAYAT
Under Para Panchayat Samity
Vill + PO: Jhapra, Dist: Purulia
TENDER NOTICE
Sealed Tender for **NIT:02/2022-23 dated 24-01-2023** in prescribed Tender Form of Jabarrah-Jhapra 1 No Gram Panchayat is hereby invited from the bonafide and eligible contractors of different types of works in Gram Panchayat area, please contact if required with the Jabarrah-Jhapra 1 No Gram Panchayat within office hours as well as office day upto **07-02-2023 up to 1pm.** The list of Schemes & other details will be available in the office notice board of the undersigned.
SD/- Pradhan
Jabarrah-Jhapra 1 no Gram Panchayat

আইসিসির বর্ষসেরা টি-২০ টিমে বিরাট-সূর্য-হার্দিক

দুবাই, ২৩ জানুয়ারিঃ পুরুষদের ক্রিকেটে ২০২২ সালের সেরা একাদশ ঘোষণা করল আইসিসি। বিরাট কোহলি ছাড়াও একাদশে রয়েছেন ভারতের আরও দুই ক্রিকেটার। গত মরসুমে অনবদ্য ছন্দে ছিলেন সূর্যকুমার যাদব। ছিলেন এই ফরম্যাটে। ভারতীয়দের মধ্যে আইসিসি-র সেরা একাদশে রয়েছেন বিরাট কোহলি, সূর্যকুমার যাদব এবং হার্দিক পাণ্ডিয়া। বাইশের শুরু থেকে অবশ্য হতাশায় কাটছিল বিরাট কোহলির। বেশ কিছু ভালো ইনিংস খেললেও তাঁর ব্যাটে তিন

অঙ্কের রান আসছিল না। গত বছর ইংল্যান্ড সফরের পর দীর্ঘ বিশ্রামে যান বিরাট। এশিয়া কাপ থেকে তাঁর ব্যাটে রানের ফুলঝুরি। এশিয়া কাপেই কেরিয়ারের প্রথম আন্তর্জাতিক টি-টোয়েন্টি শতরান করেন বিরাট। টুর্নামেন্টে দ্বিতীয় সর্বাধিক রান স্কোরার ছিলেন। বিরাট ২৭৬ রান করেছিলেন। টি-টোয়েন্টি বিশ্বকাপেও অনবদ্য ছন্দে ছিলেন। প্রথম ম্যাচেই পাকিস্তানের বিরুদ্ধে তাঁর অবিশ্বাস্য ইনিংসে জয় দিয়ে টুর্নামেন্ট শুরু করেছিল ভারত। সেমিফাইনালে ভারত বিদায় নিলেও বিশ্বকাপে ২৯৬ রান করেছিলেন বিরাট। গত বছর স্বপ্নের ফর্মে ছিলেন ভারতের মিডল অর্ডার ব্যাটার সূর্যকুমার যাদব। বিশ্বের দ্বিতীয় ব্যাটার হিসেবে টি-টোয়েন্টি ফরম্যাটে বছরের হাজারের বেশি রানের নজির গড়েন। গত বছর মোট ১১৬৪ রান করেছিলেন সূর্য। এর মধ্যে দুটি সেঞ্চুরি ও ৯টি হাফ সেঞ্চুরি রয়েছে। টি-টোয়েন্টি ক্রমতালিকায় শীর্ষস্থানও দখল করেন স্কাই। আইসিসির সেরা একাদশে ভারতের তৃতীয় সদস্য অলরাউন্ডার হার্দিক পান্ডিয়া। আন্তর্জাতিক টি-টোয়েন্টিতে দেশকে নেতৃত্বও দিয়েছেন। সব মিলিয়ে ৬০৭ রান এবং ২০ উইকেট নিয়েছেন ভারতের এই পেস বোলিং অলরাউন্ডার।

প্রত্যাশিতভাবেই সেরা একাদশে রয়েছেন সূর্যও। সেরা দলের অধিনায়ক করা হয়েছে জস বাটলারকে। গত বছর টি-টোয়েন্টি বিশ্বকাপ জিতেছে ইংল্যান্ড। ইয়ন মর্গ্যানের থেকে পাকাপাকিভাবে সাদা বলের দায়িত্ব নিয়েই জস বাটলার দেশকে বিশ্ব চ্যাম্পিয়ন করেছেন। আইসিসিও সেরা একাদশের অধিনায়ক করেছে জস বাটলারকেই। উইকেটরক্ষকও তিনিই। বাটলার বিশ্বকাপ জেতার পাশাপাশি ব্যাট হাতেও অনবদ্য

আইসিসির সেরা একাদশ-জস বাটলার (ইংল্যান্ড), মহম্মদ রিজওয়ান (পাকিস্তান), বিরাট কোহলি (ভারত), সূর্যকুমার যাদব (ভারত), গ্লেন ফিলিপস (নিউজিল্যান্ড), সিকান্দার রাজা (জিম্বাবোয়ে), হার্দিক পান্ডিয়া (ভারত), স্যাম কারান (ইংল্যান্ড), ওয়ানিন্দু হাসারঙ্গা (শ্রীলঙ্কা), হ্যারিস রউফ (পাকিস্তান), জশ লিটল (আয়ারল্যান্ড)।

অন্যদিকে আইসিসির নির্বাচিত সেরা ১১ জন মহিলা ক্রিকেটারের তালিকায় রয়েছেন শিলিগুড়ির মেয়ে রিচা। উইকেটের পিছনে ও ব্যাট হাতে বাঙালি কন্যের দক্ষতা নজর কেড়েছে ক্রিকেট বিশেষজ্ঞদের। রিচা-সহ তালিকায় রয়েছেন মোট চারজন ভারতীয় ক্রিকেটার। তালিকায় রয়েছেন বাংলার আরও এক ক্রিকেটার, দীপ্তি শর্মা।

কেরিয়ারের শেষ গ্র্যান্ড স্ল্যামের কোয়ার্টার ফাইনালে সানিয়া

মেলবোর্ন, ২৩ জানুয়ারিঃ অস্ট্রেলিয়ান ওপেন মিক্সড ডাবলসে তরতরিয়ে এগোচ্ছেন সানিয়া মির্জা ও তাঁর জুটি রোহন বোপান্না। মেলবোর্নে বছরের প্রথম গ্র্যান্ড স্লামের শেষ আটে পা রেখেছেন টেনিস সুন্দরী। কেরিয়ারের শেষ গ্র্যান্ড স্ল্যাম খেলতে নেমেছেন ৩৭ বছরের সানিয়া। মেয়েদের ডাবলসের ক্রমতালিকায় একসময়ে ১ নম্বরে ছিলেন তিনি। কেরিয়ারের অন্তিম গ্র্যান্ড স্লামে অবশ্য মেয়েদের ডাবলসে বেশিদূর এগোতে পারেননি। দ্বিতীয় রাউন্ড থেকে বিদায় নিতে হয়েছে সানিয়াকে। তবে আশা বেঁচে রয়েছে মিক্সড ডাবলসে। স্বদেশীয় খেলোয়াড় বোপান্নার সঙ্গে জুটিতে আশা জিইয়ে রাখলেন সোমবারও। উরুগুয়ে-জাপানি জুটিকে ৬-৪, ৭-৬ (১১-৯) স্ট্রেট সেটে হারিয়ে কোয়ার্টার ফাইনালে পা রেখেছেন সানিয়া, বোপান্না। ম্যাচের শুরু থেকেই চালকের আসনে ছিলেন সানিয়া-বোপান্না। প্রতিপক্ষ উরুগুয়ে-জাপানি জুটি এরিয়েল বেহের ও মাকাতো নিনোমিয়া হাড্ডাহাড্ডি লড়াই দেন। প্রথম সেট যখন ৩-৩ ব্যবধানে বোপান্না ও সানিয়া বিপক্ষের সার্ভ ভেঙে দেন। এরপর আর পিছনে তাকাতে হয়নি। প্রথম সেটে এগিয়ে যাওয়ার পর দ্বিতীয় সেটেও চলে লড়াই। ৩-৩ ব্যবধানে প্রতিপক্ষের সার্ভ ভেঙে প্রবল চাপ সৃষ্টি করে মির্জা-বোপান্না জুটি। তবে শীঘ্রই তারা স্কোর ৪-৪ করে নেয়। টাইব্রেকারে ফাইনাল সেটে দুই পক্ষই নিজেদের সেরাটা উজাড় করে দেন। চাপের মুখে নার্ভ সামলে ম্যাচ জিতে নেন সানিয়ারা। কোয়ার্টার ফাইনালে সানিয়াদের প্রতিপক্ষ লাটাভিয়ান-স্প্যানিশ জুটি জেলেনা ওস্তাপেঙ্কো ও ডেভিড ভেগা হার্নান্ডেজ। ওস্তাপেঙ্কো মেয়েদের সিঙ্গলসের কোয়ার্টার ফাইনালেও পৌঁছেছেন। বিশ্বের ১ নম্বর টেনিস তারকা ইগা স্বোয়াতেককে স্ট্রেট সেটে হারিয়ে ছিটকে দেওয়া এলিনা রিবাকিনা হলেন ওস্তাপেঙ্কোর পরবর্তী প্রতিপক্ষ। বোঝাই যাচ্ছে, কোয়ার্টার ফাইনালের ম্যাচ আরও কঠিন হতে চলেছে সানিয়াদের কাছে।

বাবর স্বার্থপর, ভারতকে দেখে শিখুক কানেরিয়া

ইসলামাবাদ, ২৩ জানুয়ারিঃ টানা তিন ম্যাচ জিতে ওডিআই সিরিজ জয়ী রোহিত শর্মার ভারত। দুর্দান্ত ফর্মে রয়েছে শুভমন গিল, মহম্মদ সামি, বিরাট কোহলিরা। টিম ইন্ডিয়ার পারফরম্যান্সে উচ্ছ্বসিত ভারতীয় ক্রিকেট মহল। এ বার সামি, সিরাজদের প্রশংসা করলেন পাকিস্তানের প্রাক্তন ক্রিকেটার দানিশ কানেরিয়া। তাঁর মতে, ভারতীয় পেসারদের দাপট কার্যত রুখে দিতে পারে নাম করা ব্যাটসম্যানদের। সেই সঙ্গেই নিজের দল, পাকিস্তানকে এক হাত নিয়েছেন তিনি। পাক অধিনায়ক বাবর আজম স্বার্থপর ক্রিকেট খেলেন, এমন সব বিস্ফোরক মন্তব্য উঠে আসে প্রাক্তন স্পিনারের কথায়। কিউয়িদের বিরুদ্ধে ওডিআই সিরিজে ভালো ফল করেনি পাকিস্তান। আর তাতেই ক্ষুব্ধ প্রাক্তন পাক লেগস্পিনার দানিশ। সম্প্রতি এক সাক্ষাৎকারে তাঁকে বলতে শোনা গিয়েছে, দলের অধিনায়ক বাবর আজম ৫০-৬০ রান করলেও তাতে দলের কোনও লাভ হচ্ছে না। বাবর নাকি দলের জন্য খেলেনই না, এরূপ বিস্ফোরক মন্তব্যও করেন নিজের ইউটিউব চ্যানেলে। অন্য দিকে, কিউয়িদের বিরুদ্ধে দাপুটে জয় ছিনিয়ে নিয়েছে টিম ইন্ডিয়া। বোলিং থেকে ব্যাটিং, সর্বত্রই ছাপ ফেলেছে রোহিতবাহিনী। ভারতীয় দলের সঙ্গে তুলনা টেনে প্রাক্তন ক্রিকেটার বলেন, ‘‘ভারতের মতো অন্যান্য দেশের থেকে আমাদের শেখা উচিত।’’ পাকিস্তানের বর্তমান ফর্ম নিয়েও মুখ খুলেছেন দানিশ। বলেছেন, ‘‘আমরা (পাকিস্তান) ওডিআইতে কোনও ছাপ ফেলতে পেরেছি কি? একজন ক্রিকেটারও কি শতরানের গন্ডি পার করতে পেরেছে? ভারতের মতো দলের থেকে আমাদের শেখা উচিত।’’ যে পাকিস্তান টিমকে একসময় পেস বোলিংয়ের আঁতুরঘর বলা হত, তাদের বোলিং নিয়ে একেবারেই সন্তুষ্ট নন প্রাক্তন স্পিনার।

ফুটবলে নতুন ইতিহাস! লাল, হলুদের পর এ বার সাদা কার্ড!

দুরন্ত বার্তা প্রতিবেদন

এতদিন ফুটবলে লাল আর হলুদ কার্ডেরই প্রাধান্য ছিল। মাঠ ও মাঠের বাইরে ফুটবলার, কোচ, সাপোর্ট স্টাফদের আচরণের উপর নির্ভর করত রেফারির শাস্তি। ফাউলের রকমফের, মারামারি, রেফারির সিদ্ধান্ত মানতে নারাজ- এমন অনেক কিছুর উপর নির্ভর করে লাল, নাকি হলুদ কার্ড দেখানো হবে। লাল ও হলুদ কার্ডের উপর নির্ভর করে শাস্তির মাত্রা। এই দুটো কার্ডের ভূমিকা সেই ১৯৭০ সাল থেকে দেখা যাচ্ছে। এ বার থেকে ফুটবলে ঢুকে পড়ল সাদা কার্ডও। লাল ও হলুদ কার্ডের মতো সাদা কার্ডও প্রয়োজন মতো দেখাতে পারবেন রেফারি। আর এই সাদা কার্ডের প্রথম অস্তিত্ব দেখে ফেলল ফুটবল পর্তুগাল লিগের একটা ম্যাচে। মেয়েদের লিগে বেনফিকা ও স্পোর্টিং লিসবনের ডার্বি ম্যাচে রেফারি দেখালেন বিশ্ব ফুটবলের প্রথম সাদা কার্ড! এই কার্ড কেন? পেশাদার ফুটবলে এর গুরুত্বই বা কী? শনিবারের ডার্বি ম্যাচে লিসবনের বিরুদ্ধে ৩-০ এগিয়ে ছিল বেনফিকা। প্রথমার্ধের শেষ দিকে ঘটে একটা অঘটন। ডাগ আউটে বসে থাকা একজন হঠাৎই অসুস্থ বোধ করেন। দুটো টিমেরই মেডিক্যাল স্টাফরা তাঁর জন্য এক জোট হয়ে ঝাঁপিয়ে পড়েন। ঠিক তখনই রেফারি দেখিয়েছিলেন সাদা কার্ড। লিসবনের স্টেডিয়াম এস্তাদিও দা লুজে হাজির থাকা সমর্থকরা রেফারিকে সাদা কার্ড তুলে ধরতে দেখে অবাক হয়ে গিয়েছিলেন প্রাথমিক ভাবে। পরে তাঁরাও ইতিহাসের সাক্ষী থাকতে পেরে আপ্লুত। ফুটবল ম্যাচে সাদা কার্ডের গুরুত্ব কোথায়? ফুটবল বিশ্বের অন্যতম জনপ্রিয় খেলা। এই খেলার প্রতি মানুষের আকর্ষণ বাড়ানোর জন্য বেশ কিছু নতুন নিয়ম ফিফা নিয়েছে। কনকাশন পরিবর্তের মতো সাদা কার্ডও এসেছে। ফুটবলে এই সাদা কার্ডের অর্থ হল, খেলার মূল্যবোধকে আরও বাড়ানো। স্পোর্টসম্যান স্পিরিটকেও সেই সঙ্গে গুরুত্ব দেওয়া। বেনফিকা ও লিসবন খেলতে নামলেও তারা যে একজনের শারীরিক অসুস্থতাকে বেশি গুরুত্ব দিয়েছিল, তার প্রশংসা করার জন্য, স্বীকৃতি দেওয়ার জন্যই এই সাদা কার্ড দেখানো হয়েছে। মানবিকতা খেলার উর্ধ্বে, সেই মূল্যবোধকেই প্রতিষ্ঠা করতে চাইছে ফিফা ও তার সহযোগী দেশগুলো।

নিজের সেরা গোলগুলোর ভিডিও দেখে আবেগে চোখ মুছলেন মেসি

বুয়েনস আইরেস, ২৩ জানুয়ারিঃ লিওনেল মেসির কেরিয়ার দুই দশকের বেশি সময়ের। বার্সেলোনার লা মাসিয়া একাডেমি থেকে উত্থানের পর তিনি ক্লাব ও আর্জেন্টিনার হয়ে এখন পর্যন্ত ৭৯৪টি গোল করেছেন। নিজের অনেক গোল হয়তো মেসির নিজেরও মনে নেই। এমন অনেক গোল আছে, যেগুলো সামাজিক যোগাযোগমাধ্যমে বারবার দেখা হয়। সম্প্রতি আর্জেন্টিনার একটি টেলিভিশন চ্যানেল মেসির কেরিয়ারের কিছু দুর্দান্ত গোলের ভিডিও চালিয়েছিল আর্জেন্টাইন অধিনায়কের সামনেই। সেই গোলগুলো দেখে বেশ আবেগপ্রবণ হয়ে পড়েছিলেন বিশ্বকাপজয়ী অধিনায়ক। গোলের ভিডিওগুলো যখন চালানো হচ্ছিল, তখন ক্যামেরা ধরা ছিল মেসির মুখের ওপরই। গোলগুলোর সময় তাঁর অভিব্যক্তি ধরা পড়ছিল তাতে। অনুষ্ঠানটির আয়োজনই হয়েছিল গোলগুলোর মুহূর্তে মেসির আবেগ খুঁটিয়ে দেখার জন্য। বেশির ভাগ গোলের ভিডিওর সময়ই মেসি মৃদু হেসেছেন। তবে একটি গোল দেখে তিনি নিজের আবেগ ধরে রাখতে পারেননি। গোলটি অবশ্য তাঁর নয়, আনহেল দি মারিয়ার। গোলটি ২০২১ সালে ব্রাজিলের বিপক্ষে কোপা আমেরিকার ফাইনালের। দি মারিয়ার সেই গোলেই আর্জেন্টিনার জার্সিতে

প্রথম আন্তর্জাতিক শিরোপা হাতে তুলেছিলেন মেসি। কোপার সেই সাফল্যের পথ ধরে এরপর জিতেছেন ফিনালিসিমা আর বিশ্বকাপের ট্রফিও। দি মারিয়ার গোলের দৃশ্যটি দেখে মেসি প্রথমে হেসে উঠলেও এরপর তাঁর চোখ ছলছল করে ওঠে। হাত দিয়ে চোখ মুছতে থাকেন তিনি। এ অনুষ্ঠানে মেসির কোরিয়ারের সবচেয়ে সেরা মুহূর্তের ভিডিও দেখানো হয়নি। গত মাসে কাতারে তাঁর নেতৃত্বেই ৩৬ বছর পর বিশ্বকাপ জিতেছে আর্জেন্টিনা। মেসি পুরো দলকে নেতৃত্ব দিয়েছেন সামনে থেকে। ৭টি গোল করেছেন, সতীর্থদের করিয়েছেন আরও ৫টি। ফাইনালেই করেছেন জোড়া গোল। আর্জেন্টাইন টিভির সেই অনুষ্ঠানে বিশ্বকাপের গোলগুলো দেখালে হয়তো ‘সেরা মুহূর্ত’ হিসেবে কাতারের গোলগুলোর কথাই বলতেন।

সচিন তেন্ডুলকর নয়, প্যাট কামিন্সের সেরা বিরাট কোহলি

সচিন তেন্ডুলকর না বিরাট কোহলি? দুজনের মধ্যে কে সেরা? প্রশ্নটা আজকের নয়। কোহলি উত্তুঙ্গ ফর্মে থাকলেই এই প্রশ্ন ওঠে। তার জবাব খুঁজতে গিয়ে মাঝেমধ্যে ক্রিকেট দুনিয়া বিভক্তও হয়ে পড়ে। কেউ কোহলির পক্ষে, কেউ আবার তেন্ডুলকরের। অস্ট্রেলিয়ার টেস্ট অধিনায়ক প্যাট কামিন্স যেমন সেরার প্রশ্নে বেছে নিয়েছেন কোহলিকে। বর্ডার-গাভাসকর টেস্ট সিরিজের দামামা বাজছে। চার টেস্টের সিরিজ খেলতে ভারতে আসবে অস্ট্রেলিয়া দল। নাগপুরে ৯ ফেব্রুয়ারি থেকে শুরু হবে সিরিজের প্রথম টেস্ট। অ্যামাজন প্রাইম ভিডিও এই সিরিজ নিয়ে টিজার বানিয়ে ইউটিউবে ছেড়েছে। সেখানে কামিন্স এ প্রশ্নের উত্তর দিয়েছেন। প্রশ্নটা করেছিলেন তাঁর জাতীয় দল সতীর্থ উসমান খোয়াজা। কোহলি ও তেন্ডুলকরের মধ্যে কামিন্সের কাছে কে সেরা? অস্ট্রেলিয়ার টেস্ট অধিনায়ক জানেন, এই প্রশ্নের উত্তর দেওয়া কত কঠিন! দুটো আলাদা সময়ের মধ্যে থেকে কাউকে সেরা হিসেবে বেছে নেওয়া প্রায় অসম্ভবও। কামিন্স তাই উত্তরে মজা করে প্রশ্ন এড়িয়ে যাওয়ার চেষ্টা করলেন, ‘কী বিষয়? কুকিং (রান্না)?’ তবু রক্ষে নেই বুঝতে পেরে কামিন্স এরপর নিজের মনের কথাটা বলেছেন, ‘‘তেন্ডুলকরের বিপক্ষে আমি একবারই খেলেছি। অনেক বছর আগে টি-টোয়েন্টিতে। তাই আমি বিরাটকেই বেছে নেব।’’ ভারতের হয়ে একটি মাত্র টি-টোয়েন্টি ম্যাচ খেলেছেন আন্তর্জাতিক ক্রিকেটে সর্বাধিক রান ও সেঞ্চুরির রেকর্ডধারী তেন্ডুলকর, সেটি ২০০৬ সালে দক্ষিণ আফ্রিকার

বিপক্ষে। সম্ভবত ফ্র্যাঞ্চাইজি টি-টোয়েন্টি লিগে তেন্ডুলকরের মুখোমুখি হয়েছেন কামিন্স। শুধু কামিন্সকেই প্রশ্নের উত্তর দিতে হয়নি। খোয়াজাকেও পাল্টা প্রশ্ন করেছেন অস্ট্রেলিয়ার এই টেস্ট অধিনায়ক। তেন্ডুলকর, সৌরভ গাঙ্গুলি, রাহুল দ্রাবিড় ও ভিভিএস লক্ষ্মণদের একসঙ্গে ‘ফ্যাভ ফোর’ বলা হতো। বীরেন্দ্র শেহওয়াগ আসার পর সেটি হয়ে যায়ে ‘ফ্যাভ ফাইভ’। কামিন্স শেহওয়াগ পর্যন্ত যাননি। খোয়াজার কাছে তিনি জানতে চেয়েছিলেন, সেরা বিবেচনায় ভারতের ‘ফ্যাভ ফোর’কে ক্রম অনুযায়ী সাজালে সবার আগে থাকবেন কে? খাজার উত্তর, ‘‘সচিন তেন্ডুলকরকে সবার আগে রাখব। দ্রাবিড় দুইয়ে, তিনে দাদা অর্থাৎ গাঙ্গুলি। লক্ষ্মণের জন্য এটা বলতে খুব খারাপ লাগছে। লক্ষ্মণের ব্যাটিং দেখতে ভালোবাসি, কিন্তু বাঁহাতিই (সৌরভ গাঙ্গুলি) আগে আসবে।’’

দু’বছর বাদে বাগানে ফিরলেন গ্লেন মার্টিন্স

দুরন্ত বার্তা, কলকাতা, ২৩ জানুয়ারিঃ আবারও মোহনবাগানে ফিরলেন গ্লেন মার্টিন্স। দু’বছর বাদে গোয়ান মিডফিল্ডারকে দলে ফেরাল সবুজ-মেরুন। এর আগেও বাগানে খেলে গিয়েছেন গ্লেন মার্টিন্স। ২০২০ সালে চার্চিল ব্রাদার্স থেকে বাগানে এই মিডফিল্ডারকে দলে নিয়েছিলেন আন্তোনিও লোপেজ হাবাস। ২০২১ সালের জানুয়ারি ট্রান্সফার উইন্ডোতে গ্লেন মার্টিন্সকে ছেড়ে দেয় মোহনবাগান। তাঁর বদলে লেনি রডরিগেজকে দলে নিয়েছিল সবুজ-মেরুন শিবির। সেই লেনিকে এ বার ছেড়ে দিল বাগান। সাড়ে তিন বছরের চুক্তিতে গোয়ান মিডফিল্ডারকে সই করাল বাগান।

নিজে গোল করতে না পারলেও খুদের মুখে হাসি ফোটালেন রোনাল্ডো

রিয়াধ, ২৩ জানুয়ারিঃ পিএসজির বিপক্ষে গত সপ্তাহে মাঠে নেমেছিলেন, তবে সেটি ছিল প্রদর্শনী ম্যাচ। সৌদি আরবের ক্লাব আল নাসরে ক্রিস্টিয়ানো রোনাল্ডোর অভিষেক হলো রবিবার রাতে। ম্যাচটিতে ইত্তিফাকের বিপক্ষে ১-০ ব্যবধানে জিতেছে আল নাসর। এ জয়ে সৌদি প্রো লিগের পয়েন্ট তালিকায় শীর্ষে ফিরেছে আল নাসর। ১৪ ম্যাচ ৩৩ পয়েন্ট তাদের। এক ম্যাচ বেশি খেলা আল হিলালের পয়েন্ট ৩২। আল নাসরের মাঠ মরশুল পার্কের এ ম্যাচে পুরো নব্বই মিনিটই খেলছেন রোনাল্ডো। সব মিলিয়ে চারটি শট নিয়েছেন, একটিও লক্ষ্যে ছিল না। তবে বল নাগালে পেলে হয়তো আল নাসরের একমাত্র গোলটিই হতে পারত রোনাল্ডোর। ৩১তম মিনিটে বাঁ দিক থেকে বক্সে ক্রস বাড়িয়েছিলেন আবদুলমাজিদ আর সুলাইহিম। হেড নিতে লাফ দেন রোনাল্ডো, নাগাল পাননি। তাঁর পেছনে থাকা অ্যান্ডারসন তালিসকা হেডে বল জালে জড়ান। প্রথমার্ধে রোনাল্ডোর সামনে সেরা সুযোগ আসে পরের মিনিটেই। ডি বক্সের একটু বাইরে থেকে নেওয়া ফ্রি কিক শট চলে যায় বারের ওপর দিয়ে। দ্বিতীয়ার্ধে ৭৪ তম মিনিটে বাইসাইকেল কিক গোলেরও চেষ্টা করেন রোনাল্ডো। বল তাঁর পায়ে লাগেনি। এর আগে বাইলাইনের কাছ থেকে দারুণ এক পাস বাড়ান পিতি মার্টিনেজকে, তবে আর্জেন্টাইন ফরোয়ার্ডের শট কয়েক ইঞ্চির জন্য লক্ষ্যভেদ করতে পারেনি। ম্যাচে কোনো গোল করতে না পারলেও রোনাল্ডো ম্যাচ নিয়ে খুশি ছিলেন

বলে জানান আল নাসর কোচ রুডি গার্সিয়া। ম্যাচ শেষে ৩৭ বছর বয়সী পর্তুগিজ তারকাকে গার্সিয়া বলেন, ‘‘সবাই জানে ক্রিস্টিয়ানো পাঁচবারের ব্যালন ডি’অরজয়ী। ফুটবল-ইতিহাসের অন্যতম সেরা। আমাদের দায়িত্ব ও যেন নিজের সেরা অবস্থায় থাকতে পারে। আমি চাই সে উপভোগ করুক। আজ প্রথমবারের মতো খেলতে নেমে ও খুশি।’’ রোনাল্ডোকে নিয়ে খেলা আল নাসরের প্রথম ম্যাচে আক্রমণভাগে কিছুটা ছন্দহীনতা দেখা গেছে। তরুণ খেলোয়াড়দের কেউ কেউ বারবার রোনাল্ডোকে বল বাড়িয়েছেন। যা অনেক ক্ষেত্রে দলগত আক্রমণের গতি থামিয়ে দিয়েছে। ম্যাচ শেষে এ বিষয়ে জিজ্ঞেস করা হলে আল নাসর কোচ বলেন, ‘‘সব সময় ক্রিস্টিয়ানোর দিকে বল বাড়ানোর চেয়ে সবার নিজের স্বাভাবিক ফুটবল খেলাটা বেশি গুরুত্বপূর্ণ। আমি ওদের বলেছি, মাঠের ভেতর সঠিক জায়গায় বল দিতে হবে।’’ প্রথম ম্যাচেই রোনাল্ডোকেন্দ্রিক আক্রমণের দুর্বলতা ফুটে ওঠায় অনুশীলনে এ নিয়ে কাজ দরকার বলে মনে করছেন গার্সিয়া, ‘‘ক্রিস্টিয়ানো বা তালিসকা যখন একা থাকবে বা বল দিতে বলবে, তখন অবশ্যই বল বাড়িয়ে দিতে হবে। কারণ এই দুজনই ম্যাচের পার্থক্য গড়ে দিতে পারে। আমার মনে হয়, এই ম্যাচে কয়েকবার ক্রস করার মতো ভালো জায়গায় ছিলাম আমরা। কিন্তু বক্সের ভেতরে কেউ ছিল না। কখনো কখনো রোনাল্ডো বা তালিসকাও নয়। এ বিষয়ে আমাদের কাজ করতে হবে। যেন ওদের একজন বক্সে থাকে, আরেকজন বাইরে।’’ এদিন ম্যাচ শুরু হওয়ার আগে সকল ফুটবলারদের সঙ্গে ড্রেসিংরুমে দেখা যায় সিআর সেভেনকে। পাশেই দাঁড়িয়ে ছিল খুদেরা। ড্রেসিংরুমে রোনাল্ডোর নাম ধরে সেই খুদেরা ডাকতে থাকে। এর পর রোনাল্ডোর হাত ধরে মাঠে প্রবেশ করার জন্য এক খুদে তাঁর সামনে এগিয়ে আসে। যাকে দেখে একগাল হাসি ফুটে ওঠে রোনাল্ডোর মুখে। ওই খুদেও রোনাল্ডোর হাত ধরে হাসতে থাকে। তার চোখ মুখ দেখেই পরিষ্কার ছিল, রোনাল্ডোর হাত ধরে বেজায় খুশি হয়েছে সে। রোনাল্ডোও তার দিকে তাকিয়ে মিষ্টি করে হাসেন। যা মন ছুঁয়ে গিয়েছে নেটিজেনদেরও। আল নাসরের পরের ম্যাচ বৃহস্পতিবার রাতে। সৌদি সুপার কাপের এ ম্যাচে প্রতিপক্ষ আল-ইত্তিহাদ।

স্বত্বাধিকারী, প্রকাশক ও মুদ্রক এবং সম্পাদক অলোক কুমার নস্কর কর্তৃক ইল্লাস্ট্রেটেড ইন্ডিয়া প্রেস, ৭৪, লেনিন সরনী , কলকাতা ৭০০০১৩ হইতে মুদ্রিত ও ১ বি ব্ল্যাক বার্ণ লেন কলকাতা ৭০০০১২ হইতে প্রকাশিত
Owner, Printer, Publisher & Editor ALOKE KUMAR NASKAR, 1B, Black Burn Lane Kolkata 700012, and print at Illustrated India press 74, Lenin Sarani Road, Kolkata-700013
Ph- office- 2237-0488. News- 9432327166/033-26445555 dailydurantabarta@gmail.com newsdailydurantabarta@gmail.com ■ WhatsApp # 8420635501